Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

কর্মক্ষেত্র
ISSN 0971-7765
www.ekarmakshetra.com

রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ৩৩ কলকাতা শুক্রবার, ১৬ মার্চ ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১ চৈত্র ১৪২৪ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

# পশ্চিমবঙ্গ পুলিশে শীঘ্রই নেওয়া হবে
# ৬১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর

**নিজস্ব প্রতিনিধি:** চলতি বছরেই পশ্চিমবঙ্গ পুলিশের ৬ হাজারের বেশি শূন্যপদে কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর নিয়োগের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। সূত্রের খবর, নবান্ন থেকে এই নিয়োগের ব্যাপারে সবুজ সঙ্কেত পৌঁছে গিয়েছে পশ্চিমবঙ্গ পুলিশের সদরদপ্তর ভবানী ভবনে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবলের ৫,৩০০ এবং সাব-ইনস্পেক্টরের ৮০০ শূন্যপদ পূরণের প্রস্তাব বেশ কিছুকাল ধরেই রাজ্য সরকারের বিবেচনাধীন ছিল। নবান্নের অনুমোদন পাওয়ায় এবার এই ৬,১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর নিয়োগের প্রস্তাবটি বাস্তবায়িত হওয়ার পথে অনেকটাই এগিয়ে গেল। সব ঠিক থাকলে চলতি বছরেই এই নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার কথা। নবান্ন থেকে সেই মর্মেই নির্দেশ গিয়েছে ভবানী ভবনে। নিয়োগের প্রক্রিয়া পরিচালনা করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড।

### কনস্টেবল পদের যোগ্যতা

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ হলেই কনস্টেবল পদে আবেদন করা যায়। উচ্চশিক্ষিতরাও আবেদন করতে পারেন।

**বয়স:** নির্ধারিত দিনে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পেয়ে থাকেন।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৭ সেমি। না-ফুলিয়ে

এরপর ষোলোর পাতায়

# কর্মচারী রাজ্য বিমা নিগমে ১৮৬
## প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

কর্মচারী রাজ্য বিমা নিগম (ই এস আই সি)-এর অধীনস্থ বিভিন্ন মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজে বিবিধ শাখায় ১৮৬ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করা হবে।

**কলেজ অনুসারে শূন্যপদের বিন্যাস: মানিকতলা (কলকাতা):** শূন্যপদ: ৬টি (প্রফেসর ১, অ্যাসোসিয়েট প্রফেসর ২, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ৩)। **জোকা (কলকাতা):** শূন্যপদ: ২৫টি (প্রফেসর ৯, অ্যাসোসিয়েট প্রফেসর ১২, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ৪)। **সনৎনগর (হায়দরাবাদ):** শূন্যপদ: ৪০টি (প্রফেসর ১৩, অ্যাসোসিয়েট প্রফেসর ১৭, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ১০)। **গুলবার্গ (কর্নাটক):** শূন্যপদ: ৫০টি (প্রফেসর ৯, অ্যাসোসিয়েট প্রফেসর ১৭, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ২৪)। **রোহিনি (দিল্লি):** শূন্যপদ: ১৫টি (অ্যাসোসিয়েট প্রফেসর ৭, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ৮)। **ফরিদাবাদ (হরিয়ানা):** শূন্যপদ: ৫৬টি (প্রফেসর ১২, অ্যাসোসিয়েট প্রফেসর ১৮,

এরপর ষোলোর পাতায়

# এয়ারফোর্সে গ্রুপ 'সি'
## মাল্টি টাস্কিং স্টাফ, মেস স্টাফ, লোয়ার ডিভিশন ক্লার্ক

বিভিন্ন পদে ৫৪ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। সাউথ ওয়েস্টার্ন এয়ার কম্যান্ডের মহারাষ্ট্র, গুজরাত, রাজস্থান ও মুম্বইয়ের বিভিন্ন স্টেশনে নিয়োগ করা হবে মেস স্টাফ, মাল্টি টাস্কিং স্টাফ, লোয়ার ডিভিশন ক্লার্ক, কুক, কার্পেন্টার, হাউস কিপিং স্টাফ-সহ বিবিধ পদে।

**স্টেশন অনুসারে শূন্যপদ:** এয়ারফোর্স স্টেশন, পুনে, মহারাষ্ট্র: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৪টি (সাধারণ ২, ও বি সি ২)। **কার্পেন্টার:** ১টি (সাধারণ)। **পেইন্টার:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O Air Force Station Lohagaon, PUNE (MH)-411 032.

এয়ারফোর্স হেডকোয়ার্টার্স, পুনে, মহারাষ্ট্র: **কুক:** ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, ADV HQ SWAC, IAF C/O HQ SC (Army), MM Road, PUNE (MH)-411 001.

এয়ারফোর্স স্টেশন, গান্ধীনগর, গুজরাত: **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O Air Force Station Vadsar, Via-Kalol, Distt-Gandhi-

এরপর সাতের পাতায়

# ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ব্যুরোয় ১০৯ সায়েন্টিস্ট

১০৯ জন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ও মাইক্রোবায়োলজির পোস্ট-গ্র্যাজুয়েট নেবে ব্যুরো অব ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস। নিয়োগ হবে সায়েন্টিস্ট 'বি' পদে। ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন ডিসিপ্লিন থেকে নিয়োগ হবে।

ডিসিপ্লিন অনুসারে শূন্যপদ: **মেকানিক্যাল:** ৩১টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। **মেটালার্জিক্যাল:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **সিভিল:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ইলেক্ট্রিক্যাল:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রনিক্স:** ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **কেমিক্যাল:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ফুড টেকনোলজি:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফাইবার সায়েন্স:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মাইক্রোবায়োলজি:** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

মোট শূন্যপদের মধ্যে ৯টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনগুলির ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ব্যাচেলার্স ডিগ্রি।

মাইক্রোবায়োলজি ডিসিপ্লিনের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ মাইক্রোবায়োলজির স্নাতকোত্তর ডিগ্রি।

এরপর ষোলোর পাতায়

# পশ্চিম বর্ধমানে স্টাফ নার্স

৬৭ জন স্টাফ নার্স নেবে পশ্চিম বর্ধমান জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে, আসানসোল ও দুর্গাপুর পুরসভা কর্তৃক পরিচালিত আর্বান প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2129/DH&FWS/ASNL.

শূন্যপদের বিবরণ: **আসানসোল:** ৪৫টি (সাধারণ ২২, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৩, ও বি সি-এ ৫, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ২)। **দুর্গাপুর:** ২২টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, দৈহিক প্রতিবন্ধী ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ৬-৩-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bardhaman.nic.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

এরপর ষোলোর পাতায়

# দক্ষিণ দিনাজপুরে চাকরি

গ্রাম পঞ্চায়েত কর্মী, নির্মাণ সহায়ক, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট এবং গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি পদে ৪৯ জন কর্মী নিয়োগ করবে দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ। প্রার্থী বাছাই করবে দক্ষিণ দিনাজপুর ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 222/DPRD.

**গ্রাম পঞ্চায়েত কর্মী:** পোস্ট কোড জি পি কে: ৩৫টি (সাধারণ ১১, সাধারণ-ইসি ৪, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৪, তফসিলি জাতি ৫, তফসিলি জাতি-ইসি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, ও বি সি-বি-ইসি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি:** পোস্ট কোড জি পি এস: ৩টি (সাধারণ-ইসি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট:** পোস্ট কোড ই এ: ৭টি (সাধারণ ১, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি

এরপর ষোলোর পাতায়

# সি আই ডি-তে সায়েন্স গ্র্যাজুয়েট

২৮ জন ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট নেবে সি আই ডি-র ফিঙ্গার প্রিন্ট ব্যুরো। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। নিয়োগ হবে জুনিয়র সিভিলিয়ান ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট পদে। বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য।

তফসিলি জাতি প্রার্থীদের জন্য ৭টি, তফসিলি উপজাতিদের জন্য ২টি, ও বি সি-এ প্রার্থীদের জন্য ৩টি, ও বি সি-বি প্রার্থীদের জন্য ২টি এবং দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্স

এরপর ষোলোর পাতায়

# কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠানে একগুচ্ছ কারিগরি প্রশিক্ষণ

একগুচ্ছ কারিগরি কোর্সে প্রশিক্ষণ দেবে কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান এম এস এম ই টুল রুম (কলকাতা)। তফসিলি তরুণ-তরুণীরা নিখরচায় প্রশিক্ষণ নিতে পারবেন।

কোর্সের মেয়াদ, শিক্ষাগত যোগ্যতা ও ফি এরকম: (১) সার্টিফিকেট কোর্স ইন সি এন সি মিলিং: ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। ফি ৩৩,০০০ টাকা। (২) সার্টিফিকেট কোর্স ইন সি এন সি টার্নিং: ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। ফি ৩৩,০০০ টাকা। (৩) পোস্ট ডিপ্লোমা ইন ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন অ্যান্ড রবোটিক্স। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা প্রোডাকশন বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অথবা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। ফি ৬১,৫০০ টাকা। (৪) অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেশিন মেন্টেন্যান্স অ্যান্ড অটোমেশন: কোর্সের মেয়াদ ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন অথবা সমতুল কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ফি ৪৪,৫০০ টাকা। (৫) মাস্টার সার্টিফিকেট কোর্স ইন অটোমেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল। ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অথবা সমতুল কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। ফি: ৪৩,০০০ টাকা। (৬) অ্যাডভান্স এমবেডেড টেকনোলজি: ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে ডিগ্রি বা ডিপ্লোমা, অথবা ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা আই টি-র বি এসসি বা এম এসসি ডিগ্রি। ফি ৪৪,৫০০ টাকা। (৭) অ্যাডভান্স ডিপ্লোমা ইন কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক ম্যানেজমেন্ট: ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা ডিপ্লোমা অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। যাঁরা ডিগ্রি বা ডিপ্লোমা কোর্স পড়ছেন তাঁরাও ভর্তির জন্য আবেদন করতে পারেন। ফি ৪৪,৫০০ টাকা। (৮) সিসকো সার্টিফায়েড নেটওয়ার্ক অ্যাসোসিয়েট: ৪ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট অথবা ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা ডিপ্লোমা। পাঠরতরাও আবেদন করতে পারেন। ফি ২৫,০০০ টাকা। (৯) মাস্টার সার্টিফিকেট কোর্স ইন মেকাট্রনিক্স: ৬ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল অথবা সমতুল কোনও

এরপর ষোলোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৮ সংখ্যা ৩৩ □ ১৬ মার্চ ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

জাদুকর পি. সি. সরকার জুনিয়র-এর সঙ্গে স্টেজে সাহায্যকারী হিসেবে দেশে বিদেশে যেতে প্রস্তুত, মাসিক বেতনে, কমবয়সী কলকাতাবাসী ছেলে এবং মেয়ে নেওয়া হচ্ছে। তাছাড়া পত্রিকা প্রকাশের জন্য কম্পিউটারে গ্রাফিক্স-এর কাজ জানা পার্ট টাইমের দক্ষ ব্যক্তি চাই। যোগাযোগ: সকাল দশটা থেকে দু'টো— মানেকা সরকার: 98300-21242. ২৭৬/১, রাসবিহারী অ্যাভেনিউ, বালিগঞ্জ, কলকাতা-৭০০ ০১৯।

□

**স্টার হোটেলে 6-17000/-**
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**
৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

সরাসরি ব্যাঙ্কে ফ্রন্ট ও ব্যাক অফিস, পিওন ও ক্লার্ক পদে প্রচুর প্রার্থী চাই। VCS কল্যাণী / কৃষ্ণনগর: 76058-23407 / 90731-45096 নৈহাটি / বেলঘরিয়া: 80135-20781 / 90731-45817 হাওড়া / মেদিনীপুর: 98747-57021 / 86097-40709 হুগলি / শ্রীরামপুর: 84810-32673 / 84789-52090, আরামবাগ / ব্যান্ডেল: 90389-48397 / 82828-92029 বেহালা / বজবজ: 84204-72894 / 86970-46152 বালিগঞ্জ / সোনারপুর: 79986-28710 / 72783-29716 বনগাঁ / বসিরহাট: 90389-48319 / 83358-57883 বারাসাত / দমদম: 85830-98434 / 84204-72303.

□

**Naptol, Airtel, Vodafone কাস্টমার** কেয়ারে ও Banking process-এ স্থায়ী পদে বাংলা ও হিন্দি জানা M/F নিয়োগ চলছে। মাধ্যমিক-স্নাতক। জেলাভিত্তিক নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, PF, ESI, Car, OT, Incentive-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। কলকাতা, হাওড়া: 98007-80569, মেদিনীপুর, বাঁকুড়া: 84368-61388. Add: NIGAM TORI, Kharagpur, Paschim Medinipur.

□

**কর্মক্ষেত্র**-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৭ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

৩০ মার্চ **কর্মক্ষেত্র**-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৪ মার্চ দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

জেলাভিত্তিক 96 জন সুপারভাইজার, 88 জন লেবার ইনচার্জ, 46 জন A.T.M গার্ড ও 35 জন মেয়ে বা মহিলা টেলিকলার ও রিসেপশনিস্ট প্রয়োজন। বিস্তারিত জানতে: 87682-70303 এজেন্ট স্বাগত। Uma Service Centre, Kharagpur, Paschim Medinipur-721 305.

□

**Jio/Naptol/Voda কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F চাই। বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 98368-71040.

□

**SBI/Jio/Voda কাস্টমার কেয়ারে বাংলা** ভাষা জানা M/F Spot Selection চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC+OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91. M: 90517-30543.

□

**ELV & Electrical System** কাজ জানা ইঞ্জিনিয়ার চাই। FDA, BMS, CCTV, PA কাজ জানা টেকনিশিয়ান, হেল্পার চাই। Spoken English ও ভালো Computer জানা Female Executive চাই, (Salary: 7K-12K). SAGAR ELECTRICAL, 36, J. R. C. Road, Kol-8. Mob: 89039-65630/26/27. Email: sagarelectrical.project@rediffmail.com

□

**AIRPORT-এ বিভিন্ন পদে নিয়োগ** চলছে। মাধ্যমিক-স্নাতক বাংলা জানা ও হিন্দি জানা M/F চাই। বেতন: 10,600/- to 20,200/ + অন্যান্য সুবিধা। Call: 77186-76989. Add: NIGAM TORI, Kharagpur, Paschim Medinipur.

□

**হোটেলে 8,200/- – 16,700/- আয়** 3-5 স্টার হোটেলে স্থায়ী পদে FREE থাকা, খাওয়া-সহ বিভিন্ন পদে প্রচুর কাজের সুযোগ। PRIDE, আনন্দপুর, Kol-107. Kolkata: 98313-43039, বহরমপুর: 97488-35074, বীরভূম: 96099-08663.

□

**বাংলা/হিন্দি BPO কাস্টমার কেয়ার ও** Banking প্রসেসে স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: মাধ্যমিক-M.A., Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F, ESI, OT, Car, স্থায়ী চাকরি, Incentive-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur, HWH-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68587.

□

**VISION Educational Institute**– 79807-48587, 99037-49451. Permanent or part-time job. Class: XI, XII & Joint. Subject: Physics, Chemistry, Mathematics, Biology. Add:- B-16/209, Kalyani, Nadia, 741235.

□

**ব্যাঙ্ক অফিস ও BPO-তে স্থায়ীপদে** ডোনেশন ছাড়া (MP-MA) নিয়োগ। বেতন: 9-23 হাজার। Future Next, Kol-28. হাওড়া/মেদিনীপুর: 70449-87953.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 14,500/- – 42,700/-. সত্বর যোগাযোগ করুন। M: 97759-73218, D. L. Corporate, C46 School Rd. Kol-110.

□

## কর্মখালি

**BANK KYC-তে কম্পিউটার অপারেটর**
স্থায়ী পদে অফিসিয়াল Database Maintain করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাঙ্ক অফিস Executive নিয়োগ। বেতন: 8,430/- – 12,770/-. Innovative Technology, P.W.D. Rd., Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**উঃ দঃ বঙ্গে স্থায়ী চাকরি**
বিভিন্ন প্রাইভেট কম্পানি, ফ্যাক্টরি, অফিস, টাওয়ার Co, ATM, প্রাইভেট ক্লিনিক, হোটেলে কাজের জন্য কর্মী চাই, বেতন: ১০,৫০০/- - ১৬,৫০০/-। M: 78728-49742. R.J.S. 11C, RBL, Kol-9.

□

**সরাসরি নিয়োগ M/F চাই**
www.gcajob.co.in যোগ্যতা: ৮ম-স্নাতক। বয়স: ১৮-৪৮। প্রতিটি জেলায় ATM, শপিং মল, Tower 4G, নার্সিং হোম ও MNC-তে অফিসিয়াল বিভিন্ন পদে বিনা ডোনেশনে স্থায়ী কাজ। বেতন: 11,200/- – 26,700/-, ESI, PF-এর সুযোগ। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

**কন্ট্রাক্টরের অধীনে AIRPORT-এ চাকরি**
**GOVT. REGD No.: S/IL-52147**
সরকারি নিয়মানুযায়ী চুক্তিপত্রের মাধ্যমে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সরাসরি নিয়োগ চলছে। বয়স হতে হবে 18 থেকে 45-এর মধ্যে। যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। যোগ্যতা অনুসারে পদ ও বেতন যথাক্রমে: 14,300/- – 43,700/-এর মধ্যে। এছাড়াও BONUS-এর সুবিধা থাকবে। ইচ্ছুক ব্যক্তিরা বায়োডাটা, পরিচয়পত্র, স্কুল সার্টিফিকেট ফটো-সহ নিজে যোগাযোগ করুন। বিস্তারিত আরও জানতে কথা বলুন। T. A. S, Airport, Kol-52, Ph: 78720-53066.

□

**আকর্ষণীয় বেতন 8,800/- – 32,600/-**
**নো ডোনেশন**
যোগ্যতার প্রমাণপত্র নিয়ে একবার আসলে চাকরি নিশ্চিত। পাবলেন প্রতিটি জেলায় বিভিন্ন মাল্টিন্যাশনাল কোম্পানিতে নিশ্চিত চাকরির সুযোগ, ন্যাশনাল, মাল্টিন্যাশনাল টাওয়ার, Bank প্রভৃতি সংস্থায় SV, ASV, ক্লার্ক, ম্যানেজার স্টোরকিপার ATM, গার্ড, ইনচার্জ প্রভৃতি পোস্ট রয়েছে। জেলাভিত্তিক পোস্টিং, রেজিঃ ১০১/-ফর্ম, 97759-72898, Job Career, B. N. Ghosal Rd., Kol-56.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**স্থায়ী চাকরি**
জেলায় জেলায় A.T.M গার্ড, টাওয়ার Co, শপিংমল ও শোরুমে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M.J.S. সত্বর যোগাযোগ: M: 90519-14620. 11C, RBL, Kol-09.

□

## কর্মখালি

**RIGHT SERVICE**
**স্থায়ী জব Govt. Regd.**
**L/C No.: 769786**
**পোর্টে চাকরি**
সরকারি নিয়ম অনুযায়ী কর্মপ্রার্থীদের যোগ্যতার ওপর নির্ভর করে নিয়োগ। যোগ্যতা: (৮ম-স্নাতক), বয়স: (18-42) মধ্যে। বেতন: 12,200/- – 55,300/- মধ্যে। সুবিধা: থাকা, খাওয়া OT, ESI, PF, বোনাসের সুবিধা আছে। ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সরাসরি নিয়োগ চলছে। যোগাযোগ: M: 85098-36722, স্টেশন রোড, চাকদহ, নদিয়া।

□

**Shine Pvt. Ltd কলি-52**
**Govt. Regd. L. No. 099630**
**এয়ারপোর্ট ও মেট্রোরেল**
বিভিন্ন পদে সরাসরি নিয়োগ। শূন্যপদে 270, M/F চাই। যোগ্যতা অনুসারে পদ ও বেতন: 16,700/- – 19,900/- – 27,000/-. বয়স: 17-42. শারীরিক সুস্থতা প্রয়োজন। কর্মপ্রার্থী বায়োডাটা-সহ নিজ সাক্ষাৎ। কলি-52, Mob: 97324-08834 (Sudip Sen).

□

**BSNL/VODA/JIO কাস্টঃ** কেয়ারে বাংলায় কাস্টমারদের Call রিসিভ করে সঠিক তথ্য প্রদানের জন্য (18-40) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) M/F সরাসরি নিয়োগ। SAL: 10,800/- + OT + ESI + MESS. IING, Kol-700 008. বেহালা: 96742-56755; দঃ ২৪ পরগনা: 82769-83240, উঃ ২৪ পরগনা: 79800-86310.

□

**BANK/JIO ও VODA 4G কাস্টঃ কেয়ারে বাংলাভাষী M/F চাই**
10-7 শিফট। যোগ্যতা: MP-Graduate (18-35), বেতন: যোগ্যতানুসারে INC + OT + Bonus-সহ 10,950/- + যাতায়াত ফ্রী। প্রয়োজনে অনভিজ্ঞদের কাজ শিখিয়ে স্পট জয়েনিংয়ের ব্যবস্থা। IIFA, Kol-28. দমদম: (H.O): 84206-66060, শিলিগুড়ি: 98307-71005, দুর্গাপুর: 87596-31229 দমদম (উঃ): 99032-23211, বর্ধমান: 98301-88881, বারাসাত: 98312-81313, নিউটাউন: 84818-82144, গড়িয়া: 90020-33880.

□

**JIO/VODA কাস্টমার কেয়ারে বাংলায়** কল রিসিভ করার জন্য 18-40 (মাধ্যমিক/ M.A) M/F সরাসরি নিয়োগ। SAL: 9,800/- – 35,500 + Others. IING, ডায়মন্ড/বারুইপুর: 81459-29750 পূঃ মেদিনীপুর: 81011-02499.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K. বেলঘরিয়া/বারাসাত** CGL, রেল (Gr. D/SM), WBCS, PSC ব্যাঙ্ক (ক্লার্ক/P.O), পুলিশ মাসে 600/-. চন্দ্রসার: 99035-00682/ 90624-81518.

□

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

কেন্দ্রীয় সরকারের PMKVY প্রকল্পে বিনামূল্যে সেলস এক্সিকিউটিভ এবং মেডিকেল রিপ্রেজেন্টেটিভ প্রশিক্ষণ। যোগ্যতা: উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট, বয়স: ১৮-৩০ বছর, শিক্ষান্তে সরকারি সার্টিফিকেট, স্কলারশিপ এবং চাকরির সুযোগ। IMMEDIATE যোগাযোগ করুন: ভিলেজ ওয়েলফেয়ার সোসাইটি, এফ-১৫, গীতাঞ্জলি পার্ক, আড়িয়াদহ, কলকাতা-৭০০ ০৫৭। ফোন: 033-2564-6545 / 2564-5786 / 70449-19288 / 90071-36009.

□

**নাইটিঙ্গল নার্সিং**
ট্রেনিং ANM কোর্সে মার্চ 18 সেশনে ভর্তি চলছে। ন্যূনতম H. S. চাকরি নিশ্চিত। AC-162, প্রফুল্ল কানন (E), Kol-101. (M): 98745-29443.

□

**Exceptionally sound & effective mentoring for WBCS/Misc Exam:**
For Sunday coaching comprising total preparation, mock-test & evaluation by retd. WBCS & IAS Officers at 57 Milan Park, Garia, Kol-84, only serious aspirants may call D. Pal, Ex-Spl. Secretary & HRD Specialist (9830109155).

□

**Math & Eng. সোনারপুর Rail** (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর: 92315-51285, 70449-27065.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং ANM ট্রেনিং**
ভর্তি চলছে। ANM-Practical Nursing Course (2 Yrs). Affiliated by BSS, NCVT (Govt. of India) Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701/92315-51285, Job (Asst), Installment, Internship, Hostel-এর সুবিধা আছে।

□

**WBCS, Misc পড়াই।** ছাত্রছাত্রীরা BDO, RO হয়েছে। সাগর রায়: 91638-86602, হাওড়া ময়দান।

□

**LL.B (3 yrs) ২ বছর ৩ মাসে পাস!** Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

□

**নার্সিং ট্রেনিং**
ANM NURSING (2 Years) Installment-এর সুবিধা আছে। Approved by BSS/ NSDC Govt. of India, Placement, রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**
Pre Primary & Primary Teachers Training approved by (BSS Govt. of India), সরাসরি ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 94323-65899 শ্যামবাজার: 98308-15220 টালিগঞ্জ: 90510-74736 বালিগঞ্জ: 98317-89536 বর্ধমান: 94759-35165 / 94746-39105 আসানসোল: 92318-77546 বালি: 91635-73125.

**SBI / JIO ও NAPTOL**
**বাংলা কাস্টমার কেয়ার পরিষেবায়**
(Part / Full time)বাংলাভাষী ছেলেমেয়ে চাই। ডিউটি ও নাইট শিফট ছাড়া ইচ্ছামতো কাজের শিফট। যোগ্যতা: মাধ্যমিক - স্নাতক ও স্নাতকোত্তর। বয়স: 18-35। বেতন: যোগ্যতানুসারে ইনসেনটিভ + O.T সহ 10,950/- – 22,500 + যাতায়াত ফ্রী। অনভিজ্ঞ প্রার্থীদের ট্রেনিং-এর শেষে জয়েনিং-এর ব্যবস্থা রয়েছে। IIFA, DUMDUM, KOL-28
**8420455516**
**8481882144**
**8420666060**

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট। 'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৫০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd. 29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্পিত দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
দেবযানী মিত্র: ৯৮৩৬৪-০২৮৯৭

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ফ্যান ওয়েন্ডিং মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** গ্রীষ্মকালে নতুন সিলিং ফ্যানের চাহিদা যেমন বাড়ে, তেমনই বাড়ে খারাপ ফ্যান মেরামতির কাজও। ফ্যান ওয়েন্ডিং মেশিনের সাহায্যে যেমন খারাপ ফ্যান মেরামতির কাজ করা যেতে পারে, তেমনই ব্যালেন্সিং মেশিন, পাঞ্চিং মেশিন, কম্প্রেসর মেশিন প্রভৃতির সাহায্যে নতুন ফ্যানও তৈরি করা যেতে পারে।

**কীভাবে করবেন:** বাজার থেকে প্রথমে তামার তার কিনে আনতে হবে। ওই তার এবার মেশিনের ববিনে জড়িয়ে দিতে হবে। বিভিন্ন ধরনের ফ্যানের জন্য তারের পাকও বিভিন্ন হবে। আবার ফ্যানের বিভিন্ন রকমভেদে ডাইসেরও পরিবর্তন হয়। যে ফ্যান মেরামতির কাজ হবে সেইমতো প্রয়োজনানুসারে তারের পাক নির্দিষ্ট করে মেশিন চালু করলেই নির্দিষ্ট প্রক্রিয়ায় স্বয়ংক্রিয়ভাবে মেরামতির কাজ হয়ে যাবে। এই মেশিনটির জন্য ½ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ডাইস সমেত ওয়েন্ডিং মেশিনটি বেঞ্চ মডেল হলে দাম পড়বে ১৫,০০০ টাকা এবং স্ট্যান্ড মডেল হলে দাম পড়বে ১৯,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# নিখরচায় চর্মজাত পণ্যসামগ্রী তৈরির প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** তফসিলি জাতিভুক্ত তরুণ-তরুণীদের নিখরচায় চর্মজাত পণ্যসামগ্রী তৈরির প্রশিক্ষণ দিচ্ছে কলকাতার সেন্ট্রাল লেদার রিসার্চ ইনস্টিটিউট। এটি ভারত সরকারের কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ন্যাশনাল শিডিউলড কাস্ট ফিনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে যৌথ উদ্যোগে ছয় মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। কোর্স **শেষে সফল ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড বাবদ এককালীন ৯,০০০ টাকা দেওয়া** হবে। এ ছাড়া কোর্স শেষে চর্মজাত পণ্য প্রস্তুতকারী সংস্থায় কাজ পেতেও সাহায্য করা হবে বলে জানানো হয়েছে প্রতিষ্ঠানের তরফে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। প্রার্থীর পারিবারিক বার্ষিক আয় শহরাঞ্চলে বসবাসকারীদের ক্ষেত্রে ১,২০,০০০ টাকা এবং গ্রামাঞ্চলে বসবাসকারীদের ক্ষেত্রে ৯৮,০০০ টাকা হলে, তবেই আবেদন করা যাবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। সেই সঙ্গে কম্পিউটার চালনায় জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র সরাসরি সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠান থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: সেন্ট্রাল লেদার রিসার্চ ইনস্টিটিউট, ৩/১ সি, মঠেশ্বরতলা রোড (ধাপা মাঠপুকুর বাজারের কাছে), ট্যাংরা, কলকাতা ৭০০ ০৪৬।

ভর্তির সময় সঙ্গে নিয়ে যেতে হবে—প্রার্থীর ২ কপি ফটো, প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতা-সংক্রান্ত যাবতীয় নথিপত্র, কাস্ট সার্টিফিকেট, আধার কার্ড, রেশন কার্ড এবং পারিবারিক বার্ষিক আয়ের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: (০৩৩) ২৩২৯-২৩৮১।

RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পূর্বভারতের নিঃশব্দ বিপ্লব ঘটানো প্রতিষ্ঠান
তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল® Govt. Regd.
ভদ্রেশ্বর, জেলা : হুগলি আমাদের কোনো শাখা নেই
M. : 8820022385, 9681026768
FOR ITI, DIPLOMA & B.TECH STUDENTS : RAIL (SSE,JE, ALP,Technician),SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL,
FOR MP, HS & Graduate students RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GR'D' etc
ALP, Technician & Gr'D' স্পেশাল নতুন ব্যাচে ভর্তি চলছে।
এছাড়া Regular Combined ব্যাচে ভর্তি চলছে। চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ মিঃ সুকুমার পালের বিশেষ গাইড নিয়ে আপনিও হতে পারেন ভারতীয় রেল পরিবারের একজন।

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *সুসংহত কৃষি খামার গড়ার খুব ইচ্ছা। কৃষি ও কৃষি-সংক্রান্ত অন্যান্য কাজে আগ্রহী। আমি উচ্চমাধ্যমিক পরীক্ষা দেব এবার। তারপর কৃষি-বিষয়ক প্রশিক্ষণ নেব। কোথায় প্রশিক্ষণ দেওয়া হয় জানতে চাই। —প্রশান্ত দলুই, দেউলটি, হাওড়া।*

□□ রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির কৃষি, বাগিচা চাষ, মাছ চাষ, মুরগি পালন, পশুপালন, খাদ্য তৈরি ইত্যাদির সম্মিলিত প্রশিক্ষণ দেয়। ১০ মাসের আবাসিক প্রশিক্ষণ। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ বাবদ মোট খরচ ৭০০ টাকা। এর মধ্যে কশান মানি বাবদ জমা রাখা ২০০ টাকা কোর্স শেষে ফেরত পাওয়া যায়। মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যায়। 'কর্মক্ষেত্র'-র ২ মার্চ সংখ্যায় 'স্বনিযুক্তির হাজারো কাজ গ্রামেই' শীর্ষক প্রতিবেদনে এই প্রশিক্ষণ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আবেদনপত্র প্রতিষ্ঠানের ঠিকানায় জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল। ফর্ম সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠানের ঠিকানা থেকে। ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, বেলুড় মঠ, হাওড়া। ফোন: ২৬৫৪-৮৯০৮। ওয়েবসাইট: www.rkmsssm.org

□ *পর্যটন-সংক্রান্ত ব্যবসায় আগ্রহী। আমার বাড়ি তারকেশ্বর। তারকেশ্বরের মন্দির ছাড়াও কাছাকাছি আরও কয়েকটি দ্রষ্টব্য দেখে নেওয়া যায়। তাঁতের শাড়ি তৈরি হয় কাছাকাছি অঞ্চলে। আমি হোম স্টে-র ব্যবসা করতে চাই। সরকারি অনুমতি ও নিয়মকানুন জানার জন্য কোথায় যোগাযোগ করতে হবে? —নাম প্রকাশে অনিচ্ছুক, তারকেশ্বর, হুগলি।*

□□ তথ্য-পরামর্শ ও কেন্দ্রীয় পর্যটন বিভাগের 'ইনক্রেডিবল ইন্ডিয়া'র হোম স্টে প্রকল্পের অনুমোদনের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: 'এমব্যাসি', ৪, শেক্সপিয়ার সরণি, কলকাতা-৭০০ ০৭১। ফোন: (০৩৩) ২২৮২-১৪৭৫।

তথ্যের জন্য পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমেও যোগাযোগ করতে পারেন। ঠিকানা: নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং, চতুর্থ তল, ব্লক-এ, ১ কিরণশঙ্কর রায় রোড, কলকাতা-১। ফোন: (০৩৩) ২২৬২-৫৯৭৫। ই-মেল: ad.wbtourism@gmail.com

□ *ভার্মি কম্পোস্ট তৈরি শিখতে চাই। কাছাকাছি কোথাও শেখার সুযোগ আছে কি? —জয়ন্ত বণিক, কল্যাণী, নদিয়া।*

□□ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষা বিভাগে ভার্মি কম্পোস্ট তৈরি শেখানো হয়। ফোন: ২৫৮০-৮৩৭১।

□ *পাউচে ভরে ঘানিতে তৈরি সরষের তেল বিক্রি করব। পাউচে তেল ভরার মেশিনের দাম কত এবং কোথায় কিনতে পাওয়া যায় জানাবেন। —অশোক মণ্ডল, সিউড়ি, বীরভূম।*

□□ মোটর-সহ ৩০০ গ্রাম পর্যন্ত তরল পাউচে ভরার অটোম্যাটিক মেশিনের দাম কমবেশি ১ লক্ষ ৪০ হাজার টাকা। মেশিনের ক্ষমতা অনুসারে দাম বাড়বে। কলকাতার ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) এবং গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকান-গুলিতে এই মেশিন কিনতে পাওয়া যাবে।

□ *চা, কফির কাপের গায়ে সংস্থা, ব্যক্তির নাম ছাপানোর জন্য কী মেশিন ব্যবহার করতে হবে? মেশিনের দাম কেমন? কোথায় কিনতে পাওয়া যায়। —সুদীপ ঘোষ, দুর্গাপুর, বর্ধমান।*

□□ ডাই সাবলিমেশন মেশিনের সাহায্যে এ ধরনের ছাপানোর কাজ করতে হবে। মোটর-সহ বড় আকারের মেশিনের দাম ৯০ হাজার টাকার মধ্যে। ছোট আকারের মেশিন পাবেন ৪৫-৫০ হাজার টাকার মধ্যে। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিন বিক্রির দোকানগুলিতে এই মেশিন পাবেন।

SAMSUNG
CTTC KOLKATA
MSME TOOL ROOM, KOLKATA
ISO 9001 : 2008 CERTIFIED
Ministry of Micro,
Small & Medium Enterprises, Govt. of India
Bon Hooghly Industrial Area, Kolkata-700 108, E-Mail: cttc-msme@gov.in
Admission Notice for Advanced Repair & Industrial Skill Enhancement Courses
CENTRAL TOOL ROOM & TRAINING CENTRE-KOLKATA and SAMSUNG INDIA ELECTRONICS PVT.LTD.
Coming together creating unique opportunity for you to work in sunrise service industry or establish your own enterprise.

| Sl No. | Name of Course | | Duration & Course Fee | For further details contact |
|---|---|---|---|---|
| 1 | Handheld Phone - HHP (Tablets, Mobile Phones, Smart Phones etc.) | NSQF COMPLIANCE LEVEL 5 | 3 Month Rs. 15000/- | 8348857182 7980836371 |
| 2 | Audio Video – AV (LED, LCD, Plasma TV, Home Theater with Blue Ray Player etc.) | NSQF COMPLIANCE LEVEL 5 | 3 Month Rs. 15000/- | 8017418603 8981405860 9477373445 |
| 3 | Room Air Conditioner & Home Appliances - RACHA (Split AC, Conventional & Inverter Model, Refrigerator, Washing Machine, Microwave Oven etc.) | NSQF COMPLIANCE LEVEL 5 | 4 Month Rs. 20000/- | 9477373445 8981405860 |
| Qualification: H.S / Vocational Trades / ITI / Diploma / B.A / B.Sc. / B.Com. / Any Other | | | | |

IMPORTANT NOTE:
- Meritorious award is also being provided for the toppers of each batch as per the conditions.
- Theory, Practical & On Site Training Classes to be conducted at CTTC Kolkata & Service Centres of Samsung India Electronics Pvt. Ltd.
- Limited seats are available (first come first serve basis).
- Hostel accommodations are available for boys and girls separately on chargeable basis.
- For technical candidates, electronics and electrical trades are preferred for HHP and AV course & mechanical trade is preferred for RACHA Course.

Date of Starting 03.04.2018
Our Placement Report is 100% for above course, after successful training
Interested Candidates may directly report to the SAMSUNG Lab for enquiry & to the Training Cell of CTTC Kolkata for getting admission.
CERTIFICATION BY CTTC, KOLKATA & SAMSUNG INDIA ELECTRONICS PVT. LTD.
For Online payment or any further details visit our Website: www.msmetoolroomkolkata.com, Traning Cell Contact No.: 9330193304

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*জানাটাই যথেষ্ট নয়, অর্জিত জ্ঞান কাজে প্রয়োগ করতে হবে। ভালো কিছু করার ইচ্ছেটাই যথেষ্ট নয়। কাজটা করে দেখাতে হবে।*
*— যোহান উল্‌ফগ্যাং ভন গ্যেটে*

*✓ সংস্কৃতের অনার্স গ্র্যাজুয়েট। অনার্সে ৬৫ শতাংশ নম্বর আছে। সরকারি চাকরির জন্য প্রস্তুতি নিতে চাই নির্দিষ্টভাবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ হবে ২ মাসের মধ্যে। ব্যাঙ্কের চাকরিতে আগ্রহী নই। অন্যান্য সরকারি চাকরি সম্পর্কে জানতে চাই।*

*পলাশ আচার্য, কৃষ্ণনগর, নদিয়া।*

☐ বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। পছন্দের তিন-চারটি চাকরি আপনাকেই বেছে নিতে হবে। তারপর সেই চাকরির পরীক্ষাগুলোর জন্য জোরদার প্রস্তুতি নিতে হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** লখনউ মেট্রো রেলে কিছু কাস্টমার রিলেশনস অফিসার নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২ মার্চ সংখ্যায় 'লখনউ মেট্রো রেলে ৩৬৯' শীর্ষক সংবাদে এই চাকরি-সম্পর্কিত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৭ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.imrct.com

লখনউ মেট্রো রেলে কিছু কাস্টমার রিলেশনস অফিসার নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২ মার্চ সংখ্যায় 'লখনউ মেট্রো রেলে ৩৬৯' শীর্ষক সংবাদে এই চাকরি-সম্পর্কিত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৭ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.imrct.com

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস ও কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন।

*✓ আমি দশম শ্রেণিতে কিছুদিন পড়াশোনা করতে পেরেছিলাম। মাধ্যমিক পরীক্ষা দিতে পারিনি। ফোর-হুইলার ড্রাইভিং শিখছি। বর্তমানে অটোরিক্সা চালাই। নিজের অটো নয়। বয়স ২০ বছর। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক পরীক্ষা দেব বলে ঠিক করেছি। একটা নিয়মিত চাকরি হলে কাজটা অনেক সহজ হয়ে যেত। আমার কি সরকারি চাকরি পাওয়ার কোনও সুযোগ আছে?*

*বিষ্ণু হালদার, নাগেরবাজার, কলকাতা-৭৪।*

☐ আপনার শিক্ষাগত যোগ্যতা ক্লাস নাইন বলে ধরা হবে। পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগ, সংস্থা এবং রাজ্যের আঞ্চলিক প্রশাসনে ক্লাস এইট যোগ্যতায় গ্রুপ 'ডি' পদে চাকরি হয়। স্কুল-কলেজ, আদালতেও গ্রুপ 'ডি' পদে চাকরির সুযোগ আছে। লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। গ্রুপ 'ডি' পদের পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া শুরু করুন। একটু সময় বের করে পড়াশোনা করুন নিয়মিত। ক্লাস এইট মানের পাটিগণিতের অঙ্ক, ইংরেজি ও জেনারেল নলেজ বিষয়ে পড়াশোনা করতে হবে।

ক্লাস এইট পাশ যোগ্যতায় কলকাতা ও পশ্চিমবঙ্গ পুলিশের সিভিক ভলান্টিয়ার পদেও আবেদন করা যায়।

রাজ্যে গ্রুপ 'ডি' এবং সিভিক ভলান্টিয়ার পদে চাকরির বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

*✓ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। আমি কি রেলের টেকনিশিয়ান বা অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারব? এখনই অন্য কোনও চাকরির জন্য দরখাস্ত করার সুযোগ থাকলে জানাবেন।*

*সুজিত ঘোষ, শৈলান, কলকাতা-১০৪।*

☐ আপনি টেকনিশিয়ান পদে আবেদন করতে পারবেন না। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। টেকনিশিয়ানের পদগুলিতে মাধ্যমিক-সহ আই টি আই কোর্স পাশ অথবা অ্যাপ্রেন্টিসশিপের ট্রেনিংপ্রাপ্ত প্রার্থীরা আবেদনের যোগ্য। উচ্চতর যোগ্যতাসম্পন্ন তথা ডিপ্লোমা ও ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে পারবেন না। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে নির্দিষ্ট বিভিন্ন ডিসিপ্লিনের ডিগ্রি ও ডিপ্লোমাধারী প্রার্থীরাও আবেদন করতে পারছেন। আপনিও আবেদনের যোগ্য।

***এখনই আবেদন করতে পারেন:*** রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ মার্চ পর্যন্ত। যে আর আর বি-র শূন্যপদে আবেদন করবেন তার ওয়েবসাইটের মাধ্যমেই দরখাস্ত করতে হবে।

ডিপ্লোমায় ৬০ শতাংশ নম্বর থাকলে লখনউ মেট্রো রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিগনাল ও টেলিকমিউনিকেশন) পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২ মার্চ সংখ্যায় 'লখনউ মেট্রো রেলে ৩৬৯' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৭ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lmrcl.com খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ সংস্থাগুলিতে আবেদন করতে পারবেন। রাইটস লিমিটেড, ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়া, ইন্ডিয়ান অয়েল, ও এন জি সি, বিভিন্ন আই আই টি, ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেড, এন এম ডি সি, মেট্রো রেল, ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড, পাওয়ার গ্রিড কর্পোরেশন প্রভৃতি সংস্থায় চাকরির সুযোগ আছে।

*✓ ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এখনই কোথাও ট্রেনিং নেওয়ার সুযোগ থাকলে জানাবেন।*

*নীলাঞ্জন দে, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগনা।*

☐ ডিপ্লোমা ও ডিগ্রিধারী ইঞ্জিনিয়ারদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের সুযোগ বেড়েছে আগের তুলনায়। ট্রেনিংয়ের সুযোগ পাবেন অবশ্যই।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম বিভিন্ন শাখার ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে। ইনস্ট্রুমেন্ট শাখায় ট্রেনিংয়ের জন্য আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২ মার্চ সংখ্যায় 'পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ট্রেনিংরত প্রার্থীরা মাসে ৩,৫৪২ টাকা স্টাইপেন্ড পাবেন। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

দরখাস্ত করার জন্য আগে ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিম পোর্টালে নাম নথিভুক্ত করাতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এরপর ১৬ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে নিগমের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpdcl.co.in এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: WBPDCL/Apprentice/2018/01.

***পরে আবেদন করতে পারবেন:*** সরকারি এবং রাষ্ট্রায়ত্ত উৎপাদন ও ম্যানুফ্যাকচারিং সংস্থায় ডিপ্লোমা ও ডিগ্রিধারী ইঞ্জিনিয়ারদের জন্য অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হয়। ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়ে থাকে।

## কাজের জগতের জন্য নিজেকে প্রস্তুত করা একটি ধারাবাহিক প্রক্রিয়া



রঞ্জিত চৌধুরী
প্রাক্তন অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন (কলকাতা)

পড়াশোনাই হোক বা কোনও কাজ, বিষয়ের গোড়ার কথাগুলো জানা থাকতেই হবে। না হলে ভিতটা মজবুত হয়ে উঠবে না। বিষয়ের মধ্যেকার কার্য-কারণ সম্পর্কগুলো বুঝতে হবে। তারপর সেই বিষয়টির গভীরে ঢুকতে হবে ক্রমে। এই প্রক্রিয়াটাকে একেবারে অভ্যাসে পরিণত করে ফেলতে হবে। মনে রাখা দরকার, সাধারণ যোগ-বিয়োগ-গুণ-ভাগে দুর্বলতা থাকলে কখনওই একটি জটিল অঙ্কের সমাধান সম্ভব নয়। ফলে যে যে-বিষয় নিয়ে পড়াশোনা করছেন বা হাতেকলমে কাজ শিখছেন, তার একেবারে শুরু থেকেই বিষয় বা কাজটাকে আঁকড়ে ধরতে হবে। একবার বিষয়টার ওপর দখল তৈরি হলে আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন, আরও জানার আগ্রহ প্রবল হয়ে উঠবে, পরিশ্রমে ভীতি থাকবে না। যে-কোনও ক্ষেত্রেই ভালো কাজের জন্য এই গুণগুলোর দরকার হয়। সে দিক থেকে একজন শিক্ষার্থীর পরবর্তী জীবনের জন্য প্রস্তুত হয়ে ওঠার প্রক্রিয়াটি দীর্ঘমেয়াদি। রাতারাতি এটা হওয়ার নয়।

শিক্ষাগ্রহণের সময়টা কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভালো করে শিখে নেওয়ার কোনও বিকল্প নেই। সূক্ষ্মতাগুলো জানা থাকলে সাফল্যের পথগুলো খুলে যায়।

ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে (কলকাতা) হসপিটাল ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের বি এসসি কোর্সের পাশাপাশি মাধ্যমিক যোগ্যতায় ফুড প্রোডাকশন ও প্যাটিসারির মতো কোর্স পড়ানো হয়। লক্ষ করেছি, কাজ যাঁরা খুব আগ্রহ নিয়ে শিখেছে, তাঁরা পরবর্তীকালে উন্নতি করেছে তাড়াতাড়ি। ডোমিনোসের মতো ফুড চেন সংস্থা, নামী তারকা হোটেলে চাকরি করছেন অনেকেই। সামনে রয়েছে আরও পথ। অভিজ্ঞরা শেফের পদেও যেতে পারেন। স্ফূরনটা কিন্তু ঘটেছিল ওই শিক্ষাগ্রহণের সময়েই।

পেশায় প্রবেশের আগে নিজেকে যতটা সম্ভব প্রস্তুত করে নিতেই হবে। সে-জন্য যতটা সময় পাওয়া যায়, ততই তো ভালো।

যে-বিষয় নিয়ে পড়াশোনা করছেন বা হাতেকলমে কাজ শিখছেন, তার একেবারে শুরু থেকেই বিষয় বা কাজটাকে আঁকড়ে ধরতে হবে। একবার বিষয়টার ওপর দখল তৈরি হলে আপনি অনেক কিছুই করতে পারবেন। আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন, আরও জানার আগ্রহ প্রবল হয়ে উঠবে, পরিশ্রমে ভীতি থাকবে না।

*✓ ইংরেজির স্নাতক। পাশ করেছি ২০১৭-য়। টাইপিং শিখছি। কম্পিউটারের ৬ মাসের একটি কোর্স করেছি। কোন কোন চাকরির জন্য আমি আবেদন করতে পারব, সে-সম্পর্কে জানাবেন।*

*কাজল নন্দী, দাশনগর, হাওড়া।*

☐ বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারবেন। তবে চাকরি বাছাই করে সেই সব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত হওয়াই ভালো। একসঙ্গে নানাপ্রকার চাকরির পরীক্ষার জন্য কার্যত অত্যন্ত ভালো প্রস্তুতি নেওয়া যায় না।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলের গুডস গার্ড, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, ট্র্যাফিক অ্যাসিস্ট্যান্ট, কমার্শিয়াল অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। একটিই পরীক্ষার মাধ্যমে এই চার পদের জন্য প্রার্থী বাছাই করা হয়ে থাকে। এ ছাড়াও রেলের টিকিট এক্সামিনার, ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। টাইপিং শিখে নিলে ক্লার্ক, বুকিং ক্লার্ক, টাইম কিপার পদে আবেদন করা যায়। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার পদে চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় জুনিয়র অ্যাসোসিয়েট পদে আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কের অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষায় বসতে পারবেন। টাইপিং জানা থাকলে কেন্দ্রীয় সরকারের লোয়ার ডিভিশন ক্লার্ক, ডাকবিভাগের পোস্টাল ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট, পশ্চিমবঙ্গ সরকারের ক্লার্ক পদে আবেদন করা যায়।

রেলের গুডস গার্ড, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, ট্র্যাফিক অ্যাসিস্ট্যান্ট, কমার্শিয়াল অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। একটিই পরীক্ষার মাধ্যমে এই চার পদের জন্য প্রার্থী বাছাই করা হয়ে থাকে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন?
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। নথিপত্রের কপি পাঠাবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**DOLLAR**

এই ফাংশানটি সংখ্যাকে টেক্সটে কারেন্সি ফরম্যাটে পরিণত করে এবং দশমিকের পর কত ঘর সংখ্যা হবে তা নির্দিষ্ট করে। এর syntax-টি হল—

=DOLLAR(Number, Decimals)

উদাহরণ:

=DOLLAR(2395.364,2)→ Rs. 2,395.36

=DOLLAR(2395.364,–2)→ Rs. 2,400







এবার Function Arguments-এর মাধ্যমে কীভাবে DOLLAR ফাংশানটি ব্যবহার করা যায় তা শিখে নেওয়া যাক—

⇨ Formulas → Text → DOLLAR-এ ক্লিক করুন।




⇨ Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

⇨ Number-এর ঘরে লিখুন 2395.364

⇨ Decimal-এর ঘরে লিখুন 2।

⇨ দেখুন, Formula result-এ 2,395.36 দেখাচ্ছে।




⇨ এবার Decimal-এর ঘরে –2 লিখে দেখুন। Formula result-এ 2,400 দেখাবে।

আমরা Text function-এর অন্তর্গত অনেকগুলি function শিখলাম। এবার আমরা নতুন কিছু শিখব। ইতিপূর্বে আমরা Text function-এর অন্তর্গত LOWER, MID, PROPER, LEN, LEFT, RIGHT, EXACT, SEARCH— এগুলি সব শিখেছি। এবার আমরা যেটি শিখব, তা হল 'Financial'-এর অন্তর্গত Function-সমূহ।

Financial-এর Function জানার আগে আমি আপনাদের জানিয়ে রাখি, অর্থনৈতিক বিষয়গুলি সম্পর্কে আপনাদের সামান্য ধারণা থাকলে, Function-গুলি বুঝতে সুবিধা হবে।

মনে করুন, আপনার কাছে একটি মোটরসাইকেল আছে। আমরা সকলেই জানি, প্রতিবছর এই মোটরসাইকেলের ইনশিওরেন্স করাতে হয়। যখনই আপনি ইনশিওরেন্স করাতে যাবেন, ইনশিওরেন্স কোম্পানি আপনার ওই মোটরসাইকেলের বাজার মূল্য নির্ধারণ করবে। সেটা কীরকম?

এটা 2018 সাল। ধরুন, আপনি একটি মোটরসাইকেল কিনেছিলেন 2015 সালে। তখন তার দাম ছিল 70000 টাকা। প্রতিবছর তার মূল্য কিছুটা করে কমতে কমতে আজ 2018 সালে তার মূল্য হল 45000 টাকা। এই মূল্যটি আসলে বিক্রয়মূল্য। আজকের দিনে তার বিক্রয়মূল্য। অর্থাৎ, ওই মোটরসাইকেলটির ব্যবহারজনিত ক্ষতি বা অপচয় (Depreciation)-কে বাদ দিয়ে বিক্রয়মূল্য নির্ধারণ করা হল।

এবার একটি Function-এ আসুন—

=DB(COST, SALVAGE, LIFE, PERIOD, MONTH)

এই সূত্রটি দ্বারা Fixed-declining balance পদ্ধতিতে কোনও সম্পদের ব্যবহারজনিত ক্ষতি বা অপচয় (Depreciation) বের করা যায়।

Syntax-টি কীরকম দেখে নিন—

=DB(COST, SALVAGE, LIFE, PERIOD, MONTH)

এখানে,

COST = বস্তুটির ক্রয়মূল্য

SALVAGE = নির্দিষ্ট মেয়াদ শেষে বস্তুটির মূল্য

LIFE = মোট ব্যবহারকাল

PERIOD = যে বছরের জন্য অপচয় (Depreciation) নির্ণয় করা হবে

MONTH = প্রথম বছরের মাস সংখ্যা

এবার একটি উদাহরণ দিচ্ছি, তাহলে বুঝতে আরও সুবিধা হবে। মনে করুন, কোনও একটি ফ্যাক্টরি একটি নতুন মেশিন ক্রয় করল। ধরে নেওয়া যাক মেশিনটির দাম ১৫ লক্ষ টাকা এবং মেয়াদ (Life time) 10 বছর। এবার, 10 বছর পর মেশিনটির বিক্রয়মূল্য হবে 5 লক্ষ টাকা। এখন আমাদের জানতে হবে, প্রতিবছর এটির ব্যবহারজনিত অপচয়মূল্য বা Depreciation cost কত?

মেশিনটির দাম = 15 লক্ষ টাকা

মেয়াদশেষে বিক্রয়মূল্য = 5 লক্ষ টাকা

সুতরাং, 10 বছরে অপচয় মূল্য = (15–5) = 10 লক্ষ টাকা

∴ প্রতিবছরের অপচয় মূল্য = 10 লক্ষ ÷ 10 বছর = 1 লক্ষ টাকা

কিন্তু, Depreciation-এর হিসেব এভাবে হয় না। প্রথম বছরে অপচয় মূল্য অনেক বেশি হয়। যেমন ধরুন, 15 লক্ষ টাকার মেশিন 1 বছর পরে হবে 12 লক্ষ টাকা। তার মানে এক বছরেই অপচয় হল 3 লক্ষ টাকা। এবার, দ্বিতীয় বছরে অপচয় মূল্য হবে 3 লক্ষ টাকা থেকে কম, ধরে নেওয়া যাক 2.5 লক্ষ টাকা। এইভাবে প্রতিবছর Depreciation-এর হার কমতে থাকবে। তাই, Depreciation cost কোনও একটি নির্দিষ্ট মেয়াদ শেষে কত হবে তা বের করা খুবই কঠিন, কিন্তু Excel-এর সাহায্যে খুব সহজেই আমরা Depreciation cost বের করতে পারি।

⇨ প্রথমে একটি Blank Worsheet খুলুন।

⇨ ডানপাশের কলামের মতো করে Worsheet-টি পূরণ করুন।

⇨ এবার সেল পয়েন্টারটি E2 সেলে এনে Function-টি লিখুন— =DB(C1,C2,C3,D2) এবং 'Enter' দিন।

⇨ E2 সেলে প্রথম বছরের অপচয়মূল্য আসবে।










⇨ সেল পয়েন্টারটি E3 সেলে এনে =DB(C1,C2,C3,D3) লিখে 'Enter' দিলে দ্বিতীয় বছরের অপচয়মূল্য বের হবে।

এইভাবে আপনি E4, E5, E6 সেলে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম বছরের Depreciation value বের করতে পারবেন।

ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



আমার কম্পিউটারে ইন্টারনেটের ব্যবহার খুব বেশি হয়। কিছুদিন ধরে লক্ষ করছি, আগের তুলনায় কম্পিউটার অনেকটাই স্লো হয়ে গেছে। কী কারণে এরকম হচ্ছে, বুঝতে পারছি না। আগের মতো ফাস্ট করতে হলে কী করতে হবে? —অলোক মজুমদার, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

□□ যেহেতু ইন্টারনেট খুব বেশি ব্যবহার হয় তাই কার্যকরী অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল করা না থাকলে মেশিনে ভাইরাস চলে আসতে পারে। সেক্ষেত্রে শুধু স্লো নয়, কম্পিউটারে অনেক সমস্যাই হতে পারে। ভাইরাসের সমস্যা না থাকলেও ইন্টারনেট বেশি ব্যবহার হলে অনেক অপ্রয়োজনীয় ফাইলও হার্ডডিস্কে জমতে জমতে মেশিনের গতি স্লো করে দিতে পারে। এর জন্য নিয়মিত ডিস্ক ক্লিনআপ করা প্রয়োজন। ডিস্ক ডিফ্রাগমেন্টেশনও করা যেতে পারে।

আমার নিজের বাড়িতেই কয়েকটি কম্পিউটার ও আনুষঙ্গিক সরঞ্জাম বসিয়ে একটি সাইবার কাফে খুলতে চাই। এর জন্য কী ধরনের লাইসেন্স ও দরকার হবে? —অরুণাভ ভট্টাচার্য, তমলুক, পূর্ব মেদিনীপুর।

□□ প্রথমত সাইবার কাফের জন্য ট্রেড লাইসেন্স নিতে হবে। ট্রেড লাইসেন্স পাওয়ার পর স্থানীয় পুলিশ প্রশাসনকে সাইবার কাফে খুলছেন তা জানিয়ে রাখতে হবে। এই কাজের ক্ষেত্রে কিছু নির্দিষ্ট বিধিনিষেধ আছে। তা মেনে চলতে হবে।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের পরিবহণ দপ্তরে মোটর ভেহিক্যালস ইনস্পেক্টর পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মৃন্ময় রক্ষিত, লোচনপুর, মুর্শিদাবাদ।*

□□পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের পরিবহণ দপ্তরে মোটর ভেহিক্যালস ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে এ আই সি টি ই বা ডব্লু বি এস সি টি ই দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অরিজিনাল ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারার দ্বারা স্বীকৃত কোনও ফ্যাক্টরি বা ওয়ার্কশপ বা সার্ভিস সেন্টারে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়াও বৈধ হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অবশ্যই বাংলায় পড়তে, লিখতে ও বলতে জানা চাই। ১৯ মার্চের মধ্যে অনলাইন প্রক্রিয়ায় দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

## রেল

□ *লখনউ মেট্রো রেলে স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই সম্পর্কে বিস্তারিত জানাবেন। পরীক্ষাকেন্দ্রগুলি কোথায় কোথায়? —অনির্বাণ দত্ত, নয়াগ্রাম, ঝাড়গ্রাম।*

□□লখনউ মেট্রো রেলে স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, সাইকো অ্যাপ্টিটিউড টেস্ট এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। অনলাইন কম্পিউটারভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং প্রার্থীর নিজস্ব বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পরীক্ষাকেন্দ্রগুলি হল— লখনউ, কানপুর, আগ্রা, এলাহাবাদ, বেনারস, গোরখপুর, মীরাট, ঝাঁসি, বরেলি, নয়ডা (গৌতম বুদ্ধ নগর), গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ, আলিগড়, মোরাদাবাদ এবং মুজফ্ফরনগর। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.lmrcl.com

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে পাঁচ কেন্দ্রীয় পুলিশবাহিনী ও দিল্লি পুলিশে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মধু হাওলাদার, ব্যান্ডেল, হুগলি।*

□□স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে পাঁচ কেন্দ্রীয় পুলিশবাহিনী ও দিল্লি পুলিশে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সব ক্ষেত্রেই যে-কোনও শাখায় স্নাতক। দিল্লি পুলিশের সাব-ইনস্পেক্টর পদের পুরুষ প্রার্থীদের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স (মোটর সাইকেল ও গাড়ি) থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। উচ্চতা অনুযায়ী ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ এবং কাছের ক্ষেত্রে ভালো চোখে এন ৬ এবং খারাপ চোখে এন ৯ হতে হবে। ২ এপ্রিলের মধ্যে অনলাইন প্রক্রিয়ায় দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in

## কোর্স, ট্রেনিং

□ *কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউটে ইন্ডাস্ট্রিয়াল ফার্মেন্টেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজি বিষয়ে পড়তে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শতদল মোহান্তি, মির্জাপুর, বাঁকুড়া।*

□□কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউটে ইন্ডাস্ট্রিয়াল ফার্মেন্টেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজি বিষয়ে ভর্তি হওয়ার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল— যে-কোনও একটি বিষয়ে স্নাতক অথবা এ এম আই ই (অ্যাসোসিয়েট মেম্বার অব ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স)। ওয়েবসাইট: www.nsi.gov.in

## উচ্চশিক্ষা

□ *'জেনপহ-২০১৮' পরীক্ষাটি কবে? আমি ব্যাচেলর অব অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি-র ডিগ্রি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে চাই। বিস্তারিত জানাবেন। —সুশীল মোদক, বন্দিপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি-র ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেনপহ-২০১৮' আয়োজিত হবে ২৭ মে (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশে) উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রির সঙ্গে বায়োলজি বা ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা সাইকোলজি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। 'জেনপহ' পরীক্ষাটি নেওয়া হবে দু'টি পত্রে— ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং আছে। প্রথম পত্রের পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। ২৩ মার্চের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ২৬ মার্চ। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড, এ কিউ-১৩/১, সেক্টর ফাইভ, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০ ০৯১।

□ *পশ্চিমবঙ্গের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেহোম-২০১৮'-র জন্য আবেদন করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবতোষ হালদার, মোহনপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ 'জেহোম-২০১৮' প্রবেশিকা পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), জেনারেল নলেজ (৩০ নম্বর), লজিক্যাল রিজনিং (২০ নম্বর) এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) বিষয়ে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.wbjeeb.in

## নেট/সেট

□ *সি এস আই আর আয়োজিত নেট পরীক্ষার ধরনধারণ বিষয়ে বিস্তারিত জানাবেন। —সৈকত প্রামাণিক, শ্যামনগর, নদিয়া।*

□□সি এস আই আর নেট পরীক্ষা মোট ২০০ নম্বরের। প্রতি বিষয়ের তিনটি পার্টে পরীক্ষা হবে। পার্ট 'এ'-তে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। গুরুত্ব দেওয়া হবে লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালিসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজলস ইত্যাদিতে। পার্ট 'বি'-এ থাকবে বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট 'সি'-এ থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। সবক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। পরীক্ষার সিলেবাস পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.csirhrdg.res.in

## অন্যান্য চাকরি

□ *উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশনে টেকনিশিয়ান গ্রেড-টু (ট্রেনি) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —জয়ন্ত মিত্র, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশনে টেকনিশিয়ান গ্রেড-টু (ট্রেনি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল (বিদ্যুৎ বিতরণ) ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রথম ভাগে প্রশ্ন হবে কম্পিউটার জ্ঞান (৫০ নম্বর) বিষয়ে এবং দ্বিতীয় ভাগে প্রশ্ন হবে জেনারেল ইংরেজি (১৫ নম্বর), জেনারেল হিন্দি (১৫ নম্বর), জেনারেল নলেজ ও রিজনিং (২০ নম্বর) এবং প্রার্থীর নিজস্ব কারিগরি বিষয়ে (১৫০ নম্বর)। মোট সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.uppcl.org

□ *কলকাতা হাইকোর্টে স্টেনোগ্রাফার পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই সম্পর্কে জানাবেন। —ইন্দ্র কর্মকার, শঙ্করপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ কলকাতা হাইকোর্টে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের স্টেনোগ্রাফি টেস্ট এবং টাইপ টেস্টের মাধ্যমে। স্টেনোগ্রাফি টেস্টের প্রথম পর্যায়ে মিনিটে ১২০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখে সেটিকে ৪৫ মিনিটের মধ্যে নিজের হাতে লিখতে হবে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের আরও একটি শর্টহ্যান্ড টেস্ট নেওয়া হবে। শর্টহ্যান্ডে লেখার পর 'আউটলাইন' যাচাইয়ের জন্য ১৫ মিনিট সময় দেওয়া হবে। এর পর শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশনটি মিনিটে অন্তত ৩০টি শব্দের গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.calcuttahighcourt.nic.in

□ *পাওয়ার গ্রিড কর্পোরেশনে ইলেক্ট্রিক্যাল শাখায় ডিপ্লোমা ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —সুপ্রিয় মান্না, ঘেটুগাছি, নদিয়া।*

□□পাওয়ার গ্রিড কর্পোরেশনে ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই দরখাস্ত করা যাবে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক-রাও আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত বা কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১২০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে এবং দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্ন হবে ভোকাবুলারি, ভার্বাল কম্প্রিহেনশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ডেটা সাফিশিয়েন্সি অ্যান্ড ইন্টারপ্রিটেশন এবং নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। দেখুন এই ওয়েবসাইট: www.powergridindia.com

## বিবিধ

□ *একই সঙ্গে রেগুলার কোর্সে বি এড এবং দূরশিক্ষায় এম এসসি করলে অসুবিধা হবে কি? —অঙ্কিতা ভট্টাচার্য, নাজিরপুর, মালদা।*

□□ইগনু বা নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় বা কর্নাটক মুক্ত বিশ্ববিদ্যালয়ের মতো সম্পূর্ণতই কোনও মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর কোর্সটি করলে অসুবিধা হবে না। অন্যথায় রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সমস্যা হবে। আপনি যে বিশ্ববিদ্যালয় থেকে এম এসসি করতে চাইছেন সেখান থেকেও বিষয়টি নিয়ে খোঁজ-খবর নিন।

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

### স্কুল সার্ভিস কমিশন উচ্চপ্রাথমিকে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া কবে সম্পন্ন করবে?

পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন (এস এস সি)-এর মাধ্যমে উচ্চপ্রাথমিকে নিয়োগ প্রক্রিয়ায় অন্তহীন বিলম্ব এ রাজ্যের শিক্ষিত বেকার চাকরিপ্রার্থীদের মনে একই সঙ্গে হতাশা এবং তীব্র ক্ষোভের সঞ্চার করেছে। কমিশনের পক্ষ থেকে এ-সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের সময়েই সন্দেহ দেখা দিয়েছিল, প্রশিক্ষণহীন প্রার্থীরা আদৌ পরীক্ষা দিতে পারবেন কি না। ২০১৫ সালে এস এস সি-টেট পরীক্ষা হওয়ার পর ফলাফল প্রকাশিত হয়। কিন্তু তারপর ২০১৬ ও ২০১৭ সালে ঘোষণা সত্ত্বেও পরীক্ষাই নেওয়া হয়নি। এখন চাকরিপ্রার্থী বেকার যুবকযুবতীদের মধ্যে এমন আশঙ্কাও জাগছে, ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে পরীক্ষার ফর্ম তুলে ও জমা দিয়ে এবং দু'ধাপে পরীক্ষার ফি জমা দেওয়ার পরও কোর্টের রায় তাঁদের বিরুদ্ধে যাবে না তো? প্রশিক্ষণ না থাকলেও তাঁদের পরীক্ষায় বসার অনুমতি মিলবে তো? আশ্চর্যের বিষয়, শিক্ষকতার প্রশিক্ষণ থাকা বা না-থাকা— এই বিষয়ে সিদ্ধান্ত নিতে এবং এই সমস্যার সমাধান খুঁজতে এত সময় লাগছে কেন? যার ফলস্বরূপ সমাজের দু'টি শ্রেণি ধারাবাহিক ভাবে বঞ্চিত হচ্ছে। এক, শিক্ষার্থী, শিক্ষকের অভাবে যাদের শিক্ষা ব্যাহত হচ্ছে এবং দুই, চাকরিপ্রার্থী, যাঁরা অন্যান্য সকল শর্ত পূরণ করা সত্ত্বেও শিক্ষকতার প্রশিক্ষণ না থাকার কারণে সমস্যায় পড়েছেন। ইতিমধ্যে ঘোষণা করা হয়েছে, প্রাথমিকে নিয়োগপ্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা হবে। স্কুল সার্ভিস কমিশনের কাছে একটাই প্রশ্ন, কবে আমরা নিয়োগ পাব? এ বছরও কি শুধু হতাশাই প্রাপ্তি?

রিয়া চক্রবর্তী, চুঁচুড়া, হুগলি।

> চাকরিপ্রার্থী বেকার যুবকযুবতীদের মধ্যে এমন আশঙ্কাও জাগছে, ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে পরীক্ষার ফর্ম তুলে ও জমা দিয়ে এবং দু'ধাপে পরীক্ষার ফি জমা দেওয়ার পরও কোর্টের রায় তাঁদের বিরুদ্ধে যাবে না তো? প্রশিক্ষণ না থাকলেও তাঁদের পরীক্ষায় বসার অনুমতি মিলবে তো? আশ্চর্যের বিষয়, শিক্ষকতার প্রশিক্ষণ থাকা বা না-থাকা— এই বিষয়ে সিদ্ধান্ত নিতে এবং এই সমস্যার সমাধান খুঁজতে এত সময় লাগছে কেন?

### মহিলাদের জন্য আসন সংরক্ষণ থাকবে কেন?

রাজ্যের স্কুল সার্ভিস কমিশনে মহিলাদের জন্য আসন সংরক্ষণ এক ধরনের বঞ্চনা। এই সংরক্ষণের ফলে একজন মহিলা প্রার্থী যেমন মহিলা শূন্যপদের জন্য আবেদন করতে পারছেন, তেমনি কো-এড শূন্যপদের জন্যও আবেদন করতে পারছেন। সংরক্ষিত ও অসংরক্ষিত, সব ক্ষেত্রেই মহিলাদের জন্য এই নিয়ম প্রযোজ্য। এর ফলে পুরুষ প্রার্থীদের শূন্যপদ ক্রমশই সঙ্কুচিত হচ্ছে। জেনারেল ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের অবস্থা আরও শোচনীয়। জেনারেল ক্যাটেগরির শূন্যপদে সকল সম্প্রদায়ের পুরুষ ও মহিলারাই আবেদন করতে পারেন। নিয়মের গেরোয় অসংরক্ষিত পুরুষ প্রার্থীরা ক্রমশই কোণঠাসা হচ্ছেন। শিক্ষাদানের ক্ষেত্রে দেখা উচিত যোগ্যতা ও দক্ষতা— নারী-পুরুষ, জাতি, ধর্ম ও বর্ণ নয়। দয়া করে প্রয়োজনীয় পদক্ষেপ করুন।

তন্ময় সরকার, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কী পড়বেন, কোথায় পড়বেন

## ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে ভর্তি

ফুটওয়্যার ডিজাইন-সংক্রান্ত বেশ কয়েকটি স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। এটি কেন্দ্রের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। কোর্স শুরু হবে অগস্টে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**ব্যাচেলর অব ডিজাইন** কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, ফ্যাশন ডিজাইন, লেদার গুডস অ্যান্ড অ্যাকসেসরিজ ডিজাইন এবং রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ। কোর্সের মেয়াদ ৪ বছর।

**মাস্টার অব ডিজাইন** কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন এবং কম্পিউটার এইডেড ডিজাইন। এছাড়াও এম বি এ কোর্স পড়ানো হবে রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ বিষয়ে।

আসনসংখ্যা: সারা দেশজুড়ে থাকা ১২টি ক্যাম্পাসে স্নাতক কোর্সের ক্ষেত্রে ১,৫০০টি এবং স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ৭২০টি।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ফুটওয়্যার বা লেদার গুডস অ্যান্ড অ্যাকসেসরিজ ডিজাইন বা ডিজাইন বা ইঞ্জিনিয়ারিং বা প্রোডাকশন বা টেকনোলজি বা সমতুল শাখায় স্নাতক। কম্পিউটার এইডেড ডিজাইন বিষয়ের ক্ষেত্রে ফাইন আর্টসের স্নাতকরাও আবেদন করতে পারেন। রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ বিষয়ের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক হলেই আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের পরক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই ইংরেজি ভাষায় জ্ঞান থাকতে হবে।

**বয়স:** স্নাতক কোর্সের ক্ষেত্রে ২৫-৭-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

কোর্স ফি সেমেস্টার প্রতি স্নাতকস্তরের ক্ষেত্রে নয়ডায় ৭৬,৪০০ টাকা এবং অন্যান্য ক্যাম্পাসের ক্ষেত্রে ৫৬,৪০০ টাকা। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ফি নয়ডায় ৯১,৪০০ টাকা এবং অন্যান্য ক্যাম্পাসের ক্ষেত্রে ৭১,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় পরীক্ষা— অল ইন্ডিয়া সিলেকশন টেস্ট (এ আই এস টি)-এর মাধ্যমে। পরীক্ষা ২৭, ২৮ এবং ২৯ এপ্রিল। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১২ এপ্রিল থেকে ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: www.fddiindia.com পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ২০০ নম্বরের মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে চারটি সেকশনে। স্নাতক স্তরের ক্ষেত্রে থাকবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ভার্বাল এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস ও ডিজাইন অ্যাপ্টিটিউড (রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজের ক্ষেত্রে বিজনেস অ্যাপ্টিটিউড) বিষয়ে এবং স্নাতকোত্তরের ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স এবং ডিজাইন অ্যাপ্টিটিউড (এম বি এ-র ক্ষেত্রে ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। প্রতিটি সেকশন ৫০ নম্বরের। তবে এম বি এ কোর্সের ক্ষেত্রে ক্যাট বা ম্যাট বা জ্যাট বা জি-ম্যাট বা সমতুল পরীক্ষার স্কোর করে থাকলে এ আই এস টি পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক নয়। সেক্ষেত্রে উপরোক্ত পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fddiindia.com অনলাইন আবেদনের শেষ তারিখ ২ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইন আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করবেন।

আবেদন পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কম্পিউটার অ্যাপ্লিকেশনসের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা জেকা ২৩ জুন



পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার অ্যাপ্লিকেশনসের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেকা-২০১৮' আয়োজিত হবে ২৩ জুন (শনিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এবং উভয় স্তরেই ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক।

অথবা, ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে বা উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকরা আবেদন করবেন না।

অথবা, যে-কোনও শাখায় স্নাতক। বি ই বা বি টেক বা বি সি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পাওয়া বাধ্যতামূলক।

অথবা, ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি এসসি (অনার্স)। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং উভয় ক্ষেত্রেই ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক।

প্রার্থী বাছাই করা হবে 'জেকা-২০১৮' প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) বিষয়ে। ম্যাথমেটিক্স বিষয়ের পরীক্ষা সকাল ১১টা থেকে ১টা এবং অ্যাপ্টিটিউড বিষয়ের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৩টে পর্যন্ত। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা-মধ্য, কলকাতা-উত্তর, কলকাতা-দক্ষিণ, মালদা, খড়্গপুর, হলদিয়া, বহরমপুর, কল্যাণী, দুর্গাপুর, শিলিগুড়ি, বাঁকুড়া, আসানসোল, বর্ধমান, কোচবিহার, শ্রীরামপুর এবং হাওড়া। আবেদনের সময় প্রার্থীর পছন্দের যে-কোনও দু'টি কেন্দ্রের উল্লেখ করতে হবে। ১৩ জুন (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbjeeb.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ৫ এপ্রিল। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড, এ কিউ-১৩/১, সেক্টর ফাইভ, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০ ০৯১।

# এয়ারফোর্সে গ্রুপ 'সি'

*প্রথম পাতার পর*

nagar (Guj)-21.

এয়ারফোর্স স্টেশন, বারমের, রাজস্থান: **নাপিত/লন্ড্রিম্যান:** ১টি (ও বি সি)। **মেস স্টাফ:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O Air Force Station Uttarlai, Distt-Burmer (Raj).

এয়ারফোর্স স্টেশন, লোনাভলা, পুনে, মহারাষ্ট্র: **হাউস কিপিং স্টাফ:** ২টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station Lonavala, PO-INS Shivaji, Distt-PUNE (MH)-410 402.

এয়ারফোর্স স্টেশন, মাউন্ট আবু, রাজস্থান: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station, Mount Abu, Distt-Sirohi (Raj)-307 501.

এয়ারফোর্স আর্মি এরিয়া, যোধপুর, রাজস্থান: **মেস স্টাফ:** ২টি (সাধারণ ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Adjt, TAC, Air Force Army Area, Opp-551 Sub Group Multan Line, JODHPUR (RAJ)10.

এয়ারফোর্স স্টেশন, জয়সলমির রাজস্থান: **মেস স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station Jaisalmer (Raj).

এয়ারফোর্স স্টেশন, দর্জিপুরা, গুজরাত: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৩টি (তফসিলি জাতি ১, ও বি সি ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **মেস স্টাফ:** ১টি (অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী)। **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (তফসিলি উপজাতি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station Darjipura, VADODARA (GUJ)-22.

এয়ারফোর্স স্টেশন, থানে: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী)। **মেস স্টাফ:** ১টি (মূক ও বধির)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station, Kolshet Road, PO-Sandoz Bagh, Thane-607.

এয়ারফোর্স সিলেকশন বোর্ড, গান্ধীনগর, গুজরাত: **কুক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Selection Board, Sector-9 GANDHINAGAR (GUJ)-09.

এয়ারফোর্স স্টেশন, জামনগর, গুজরাত: **মাল্টি টাস্কিং স্টাফ:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **কার্পেন্টার:** ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। **কুক:** ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (ও বি সি)। **মেস স্টাফ:** ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station, Jamnagar (Guj)-361 003.

এয়ারফোর্স স্টেশন, ভুজ, গুজরাত: **পেইন্টার:** ১টি (সাধারণ)। **ভালকানাইজার:** ১টি (সাধারণ)। **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station Bhuj-Kutch (Guj)-370 001.

এয়ারফোর্স স্টেশন, জামনগর, গুজরাত: **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। **হাউস কিপিং স্টাফ:** ১টি (ও বি সি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station SAMANA, Distt-Jamnagar (Guj)-360 520.

এয়ারফোর্স স্টেশন, মাড আইল্যান্ড, মুম্বই: **হাউস কিপিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station Madh Island, PO-Versova Malad (W) Mumbai-400 061.

এয়ারফোর্স স্টেশন-২, যোধপুর, রাজস্থান: **লন্ড্রিম্যান:** ১টি (তফসিলি উপজাতি)। **মেস স্টাফ:** ১টি (তফসিলি জাতি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station-II, Inside Sub-Guard Room, Ratanada, Jodhpur (Raj)-11.

এয়ারফোর্স স্টেশন, সান্তা ক্রুজ, মুম্বই: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station-Mumbai, Kalina Santa Cruz (E), MUMBAI-400 029.

এয়ারফোর্স স্টেশন, যোধপুর, রাজস্থান: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (তফসিলি উপজাতি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: C Adm O, Air Force Station, Village-Kundal, Via-Phalodi, Distt-Jodhpur (Raj).

**শিক্ষাগত যোগ্যতা:** মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক। লস্কর হিসেবে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

হাউস কিপিং স্টাফ ও ভালকানাইজার পদের ক্ষেত্রে মাধ্যমিক পাশ।

মেস স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। ওয়েটার বা ওয়াশার-আপ হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

লন্ড্রিম্যান পদের ক্ষেত্রে মাধ্যমিক। ধোবি হিসেবে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

কুক পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে ক্যাটারিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

কার্পেন্টার ও পেইন্টার পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে কার্পেন্টার রিগার ট্রেডে সমতুল যোগ্যতা থাকতে হবে।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১৫-৪-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও খেলোয়াড়েরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মী, বিধবা ও বিবাহবিচ্ছিন্না মহিলারা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পদ অনুসারে স্কিল টেস্ট বা প্র্যাক্টিক্যাল টেস্ট বা ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে প্রশ্ন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে সই করবেন। অপরটি প্রত্যয়িত করে অ্যাকনলেজমেন্ট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট বা ডিসচার্জ সার্টিফিকেট বা স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা একটি খাম। খামে প্রয়োজনীয় মূল্যের ডাকটিকিট সেঁটে দেবেন।
- ✓যথাযথভাবে পূরণ করা অ্যাকনলেজমেন্ট কার্ড।

১৫ এপ্রিলের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে যে স্টেশনের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়।

*দরখাস্তের বয়ান:*

**FORMAT OF APPLICATION**

**For C Adm O, Air Force Station,** ..........................

[Paste passport size photograph duly self attested]

1. Post applied for : ..........................
2. Name of the candidate (in block letters) : ..........................
3. Father's/Husband's Name : ..........................
4. Date of Birth : .......................... (Attach copy of Birth Certificate)
5. Age as on last date prescribed for receipt of application : Years........Months.....Days........
6. Address for Correspondence : House No./Street/Village : ........ Post Office: .......... Distt. ......... State.........PIN Code ..............
7. Parmanent Address : House No./Street/Village : ........ Post Office: .......... Distt. ......... State.........PIN Code ..............
8. Caste: Gen/OBC/SC/ST/PH : .........(Attach certificate in case of SC/ST/OBC/PH)
9. Educational Qualification : (Attach educational certificate self attested)
10. Any other qualification/Experience : ..........................
11. Category for which applied : ............GEN/OBC/SC/ST/EX-Servicemen/Meritorious Sport Person/Physically Handicapped (Attach copy self attested)
12. Technical Training/Experience : ..........................
13. Domicile : (Attach self attested copy)
14. Whether registered with any Employment Exchange:- : ............Yes/No: If yes, mention Registration No. and name of Employment Exchange.
15. I hereby certify that above particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief, if particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

Place.

Date: Signature of applicant

**FOR OFFICIAL RECORD ONLY**

1. Received on : ..........................
2. Accepted / Rejected: ..........................
3. Reason for rejection: Underage / Overage/incomplete documents/Any other reason to be specified..........................
4. Index No.:..........................Date of Test/Practical ..........................

**ACKNOWLEDGEMENT CARD**

(This is call letter for written test)

[Paste passport size photograph duly attested by the controlling officer]

**Post applied for**........(Delete whichever is not applicable)

1. Name..........................
2. Address for Correspondence : (to be filled same as per Column 6 of application form) House No./Street/Village:..........................Post Office.......................... Distt. ..........................State..........................Pin Code..........................
3. Index No. :..........................Date and time of Written Test/Interview:..........
4. Venue of Written Test/Practical..........................

(paste unit round stamp)

Signature of Controlling Officer

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৩ মার্চ-১০ মার্চ

**৩ মার্চ** পালাবদল হয়ে গেল দীর্ঘ ২৫ বছরের বাম শাসিত ত্রিপুরার। দুই-তৃতীয়াংশেরও বেশি আসন পেয়ে বিজেপি-আইপিএফটি জোট ক্ষমতায় এল। ৫৯টি কেন্দ্রের মধ্যে ৩৫টিতে জয়ী হয়েছে বিজেপি। ৮টি আসনে জিতেছে তাদের জোটসঙ্গী আইপিএফটি। মুখ্যমন্ত্রী হিসেবে মনোনীত হয়েছেন বিপ্লব দেব। নাগাল্যান্ডেও জিতেছে বিজেপি-এনডিপিপি জোট। ত্রিশঙ্কু ফল হয়েছে মেঘালয়ে।

## দক্ষিণ চিন সাগর প্রসঙ্গে ভারতের পাশে ভিয়েতনাম



৩ মার্চ: ভারত-ভিয়েতনাম কূটনৈতিক সম্পর্কের ৪৫ বছর উপলক্ষে তিন দিনের ভারত সফরে এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করলেন ভিয়েতনামের প্রেসিডেন্ট ত্রাণ দাই কুয়াং। দক্ষিণ চিন সাগরে চিনের আগ্রাসী ভূমিকাকে প্রতিহত করতে ভারতকে জোরদার পদক্ষেপ করতে আর্জি জানিয়েছে ভিয়েতনাম। এ দিন দুই রাষ্ট্রনেতার বৈঠকে পারমাণবিক শক্তি, বাণিজ্য, এবং কৃষিক্ষেত্রে তিনটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে দু'দেশের মধ্যে। বিদেশমন্ত্রক জানিয়েছে, প্রতিরক্ষা ও বাণিজ্য খাতে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করতে রাজি হয়েছে দুই দেশই। ছবি: পিটিআই



"২০১৭-র ২৮ নভেম্বর থেকে উত্তর কোরিয়া আর ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায়নি। তারা কথা দিয়েছে, আলোচনার আগে পর্যন্ত পরীক্ষা চালাবে না। আমি বিশ্বাস করি, তারা নিজেদের কথা রাখবে।"

ডোনাল্ড ট্রাম্প, *মার্কিন প্রেসিডেন্ট*

*কিম জং উনের সঙ্গে বৈঠক সফল হবে, এই আশা প্রকাশ করে*

## কিমের ডাকে সাড়া ট্রাম্পের



৮ মার্চ: আলোচনার টেবিলে বসার জন্য কিমের আমন্ত্রণে সাড়া দিয়ে বিশ্বকে চমকে দিলেন ট্রাম্প। হোয়াইট হাউস সূত্রে এই খবর মিলেছে। সব কিছু ঠিক থাকলে কয়েক মাসের মধ্যেই বৈঠকে বসবেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও উত্তর কোরিয়ার শাসক কিম জং উন। এ দিন ওয়াশিংটনে যায় দক্ষিণ কোরিয়ার এক প্রতিনিধি দল। সেই দলে থাকা দক্ষিণ কোরিয়ার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা চুং ইউ ইয়ং ট্রাম্পকে ওই বৈঠকের জন্য আমন্ত্রণ জানান। কিমের সঙ্গে দেখা করতে দক্ষিণ কোরিয়ার যে প্রতিনিধিদল উত্তর কোরিয়ায় গিয়েছিল তাতে ছিলেন চুং। তিনি দাবি করেছেন পরমাণু অস্ত্র ও ক্ষেপণাস্ত্র পরীক্ষা নিয়ে মার্কিন নেতৃত্বের সঙ্গে আলোচনার টেবিলে কথা বলার আগ্রহ প্রকাশ করেছেন কিম। হোয়াইট হাউসের তরফে প্রেস সচিব সারা স্যান্ডার্স জানিয়েছেন, মে মাসের শেষে কিম জং উনের সঙ্গে দেখা করার আমন্ত্রণ পেয়েছেন প্রেসিডেন্ট ট্রাম্প। তবে স্থান ও সময় পরে স্থির করা হবে।

## ভারত সফরে ফরাসি রাষ্ট্রপতি



১০ মার্চ: চার দিনের ভারত সফরে এসে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রঁ জানালেন, এশিয়ায় ভারতই ফ্রান্সের সবচেয়ে বড় বন্ধু। এ দিন নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ সহ শীর্ষ নেতৃত্বের সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। এ দিন বিভিন্ন ক্ষেত্রে ১৪টি চুক্তি স্বাক্ষর করেছে ভারত ও ফ্রান্স। সন্ত্রাসবাদ ও ভারত মহাসাগর নিয়ে নয়াদিল্লির অবস্থানকে পুরোপুরি সমর্থন করেছেন মাক্রঁ। তিনি বলেছেন, 'সন্ত্রাসের বিরুদ্ধে এক যোগে কাজ করছে ভারত ও ফ্রান্স। ভারত মহাসাগর-সহ কোনও আন্তর্জাতিক জলপথই শক্তি প্রদর্শনের স্থান হতে পারে না বলে আমরা মনে করি।' পরে সাংবাদিক সম্মেলনে মাক্রঁ-কে পাশে নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, 'ভারত মহাসাগরে চলাচলের স্বাধীনতা রক্ষা করতে আমরা হাত মিলিয়ে কাজ করতে চাই। কারণ এই জলপথ গোটা অঞ্চলের শান্তি ও স্থিতির পক্ষে গুরুত্বপূর্ণ।' ছ'টি পরমাণু চুল্লি তৈরি করা নিয়েও এ দিন দু'দেশের মধ্যে সমঝোতা হয়েছে। তবে রাফালে যুদ্ধবিমান বিমান কেনা নিয়ে দু'দেশের মধ্যে আগেই চুক্তি হলেও কংগ্রেস দাবি তুলেছে ওই যুদ্ধবিমান কিনতে ভারতকে অনেক বেশি অর্থ দিতে হচ্ছে। দুর্নীতির অভিযোগে সম্প্রতি মোদীকে সরাসরি আক্রমণও করেছেন রাহুল গান্ধী। বিতর্কের মধ্যেও রাফালে চুক্তির খুঁটিনাটি নিয়ে সংসদে তথ্য প্রকাশ করতেও চায়নি কেন্দ্র। এ দিন প্রতিরক্ষা ক্ষেত্রে গোপন তথ্যের সুরক্ষা নিয়ে দু'দেশ একটি সমঝোতাও করেছে। ছবি: পিটিআই

তেলেঙ্গানা পুলিশের 'গ্রেহাউন্ডস' বাহিনী এবং ছত্তীশগড় পুলিশের যৌথ দলের সঙ্গে গুলির লড়াইয়ে মৃত্যু হল শীর্ষস্থানীয় মাওবাদী নেতা দাদাবনিয়া স্বামী ওরফে প্রভাকরের। ছত্তীশগড়ের বীজাপুর জেলার পূজারী কাঁকের জঙ্গলে এই সংঘর্ষে ১০ মাওবাদী নিহত হয়েছে। মারা গিয়েছেন 'গ্রেহাউন্ডস' বাহিনীর কম্যান্ডো বি সুশীল কুমার (৩৬)।

**এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পদক** জিতলেন ভারতের বজরঙ্গ পুনিয়া ও বিনোদ ওমপ্রকাশ কুমার। এ দিন কিরঘিজস্তানে তাদের ব্রোঞ্জ পদক জয়ের পর টুর্নামেন্ট থেকে তাদের পদক জয়ের সংখ্যা দাঁড়াল ৮।

**৪ মার্চ** মেঘালয়ে সবচেয়ে বেশি আসন পেয়েও সরকার গড়তে পারল না কংগ্রেস। ১৯ আসন পাওয়া এনপিপি এবং ইউডিপি, এইচএসপিডিপি, পিডিএফ ও নির্দলদের নিয়ে বিজেপি জোট সরকার গড়ছে। বিজেপি নিজে অবশ্য মাত্র দু'টি আসন পেয়েছে। বিজেপির পক্ষ থেকে হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন, মুখ্যমন্ত্রী মনোনীত হয়েছেন এনপিপি সভাপতি কনরাড সাংমা। তিনি সর্বভারতীয় স্তরের নেতা ও মেঘালয়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত পূর্ণ আজিটক সাংমার পুত্র।

**৬ মার্চ** ১০০ দিনের কাজের প্রকল্পে কেন্দ্রীয় রিপোর্টে সেরার স্বীকৃতি মিলল পশ্চিমবঙ্গের। এ দিন রাজ্যসভায় একটি প্রশ্নের জবাবে গ্রামোন্নয়ন মন্ত্রক লিখিতভাবে জানিয়েছে, ১০০ দিনের কাজের প্রকল্পে গত আর্থিক বছরে বরাদ্দ টাকা সমস্ত রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি খরচ করতে পেরেছে পশ্চিমবঙ্গ। এই প্রকল্পের অধীনে বছরে সবচেয়ে বেশি শ্রমদিবস তৈরি করার ক্ষেত্রেও এ রাজ্যই শীর্ষে রয়েছে। ২০১৭ থেকে ২০১৮ (২৪ ফেব্রুয়ারি পর্যন্ত) হিসেবে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গ ৭ হাজার ৩৫২ কোটি ৩১ লক্ষ টাকা খরচ করতে পেরেছে। কাছাকাছি রয়েছে তামিলনাড়ু। তারা খরচ করেছে ৫ হাজার ৯৮১ কোটি ৭৫ লক্ষ টাকা।

## জার্মানির চ্যান্সেলর হতে চলেছেন মের্কেল



৪ মার্চ: পাঁচ মাস ধরে চলা অচলাবস্থার পর চতুর্থ বারের জন্য জার্মানির চ্যান্সেলর হতে চলেছেন আঙ্গেলা মের্কেল। সোশ্যাল ডেমোক্র্যাট দল মের্কেলের সঙ্গে থাকার পক্ষে সায় দিয়েছে। তাদের ভোটারদের ৬৬ শতাংশ জোটের পক্ষে ভোট দিয়েছেন। টুইটারে মের্কেল দেশবাসীকে অভিনন্দন জানিয়ে লিখেছেন, 'দেশের উন্নয়নের স্বার্থে আরও একবার একসঙ্গে কাজ করার অপেক্ষায় রইলাম।'

**মেঘালয়ের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন** সেরাজ্যেরই প্রয়াত মুখ্যমন্ত্রী ও লোকসভার প্রাক্তন অধ্যক্ষ পূর্ণ সাংমার পুত্র কনরাড সাংমা। ১২ জনের মন্ত্রিসভায় ৫ জন এনপিপি, ৩ জন ইউডিপি, ২ জন পিডিএফ এছাড়া এইচএসপিডিপি ও বিজেপির এক জন করে মন্ত্রী শপথ নিলেন। কনরাডের শপথ গ্রহণ অনুষ্ঠানে হাজির ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং ও বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ।

**বলিউডের বিশিষ্ট অভিনেত্রী শাম্মি (৮৯)** প্রয়াত হলেন। ১৮ বছর বয়সে 'উস্তাদ পেড্রো' ছবিতে প্রথম অভিনয় করেন তিনি। মুম্বইয়ের পার্সি পরিবারের মেয়ে শাম্মি-র আসল নাম নার্গিস রবাদী। তাঁর উল্লেখযোগ্য ছবিগুলির মধ্যে রয়েছে, 'জব জব ফুল খিলে', 'উপকার', 'ইশারা', 'হাফ টিকিট', 'ইত্তেফাক' প্রভৃতি।

**৭ মার্চ** সিরিয়ার পূর্ব গুটায় বিদ্রোহী নিয়ন্ত্রিত অঞ্চলে কয়েক সপ্তাহ ধরে যা চলেছে তা মহাপ্রলয়ের সমান বলে দাবি করল রাষ্ট্রপুঞ্জ। এ দিন রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার কাউন্সিলের প্রধান জেইদ আর আল হুসেন তাঁর বার্ষিক রিপোর্টে সিরিয়ার আসাদ সরকারের তুমুল সমালোচনা করেছেন। তিনি বলেন, 'সিরিয়া সরকার পূর্ব গুটায় যে মহাপ্রলয় ঘটাচ্ছে, তা অচিরেই দেশের অন্যত্র ছড়িয়ে পড়বে। বিদ্রোহীদের রুখতে প্রেসিডেন্ট আসাদের অনুগত সেনা সাধারণ মানুষ ও শিশুদের ওপর অকথ্য অত্যাচার চালাচ্ছে।'

**এক বছর আগে আমেরিকার কানসাসে** বর্ণবিদ্বেষের বলি ভারতীয় বংশোদ্ভূত ইঞ্জিনিয়ার শ্রীনিবাস কুচিভোটলার হত্যা মামলার ফয়সালা হল। সম্প্রতি কুচিভোটলাকে হত্যার কথা স্বীকার করে নিয়েছে মার্কিন নৌসেনার প্রাক্তন কর্মী অ্যাডাম পিউরিনটন। ৫২ বছর বয়সি আততায়ীকে এ দিন যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে কানসাসের এক আদালত। গত বছর ২২ ফেব্রুয়ারি কানসাসের ওলেথে একটি পানশালায় কুচিভোটলাকে বর্ণবিদ্বেষী মন্তব্য করে আক্রমণ চালায় পিউরিনটন। কুচিভোটলার স্ত্রী সুনয়না আদালতের রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, 'বর্ণবিদ্বেষ যে মেনে নেওয়া হবে না সে বিষয়ে কড়া বার্তা দেবে এই রায়।'

**ফোর্বসের প্রকাশিত ধনকুবেরদের** তালিকা থেকে বাদ পড়লেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের জালিয়াতিতে মূল অভিযুক্ত নীরব মোদী। গত বছরও ১৮০ কোটি ডলারের সম্পদ নিয়ে ফোর্বসের তালিকায় জায়গা করে নিয়েছিলেন তিনি। ভারতীয় মুদ্রায় ওই সম্পদের পরিমাণ ১১,৭০০ কোটি টাকা।

**৮ মার্চ** আমেরিকায় রাষ্ট্রদূত বদল করল পাকিস্তান। বর্তমান রাষ্ট্রদূত এজাজ আহমেদ চৌধুরির জায়গায় মনোনীত করা হয়েছে আলি জাহাঙ্গির সিদ্দিকিকে। ইনভেস্টমেন্ট ব্যাঙ্কিং বিশেষজ্ঞ সিদ্দিকির কূটনৈতিক জগতে তেমন অভিজ্ঞতা নেই বলেই খবরে প্রকাশ। গত অগস্টে তিনি পাক প্রধানমন্ত্রীর অর্থনীতি ও বাণিজ্য বিষয়ক সহকারী নিযুক্ত হয়েছিলেন। গত মাসে মার্কিন তৎপরতায় সন্ত্রাসে মদতদাতা দেশের তালিকায় পাকিস্তানের নাম অন্তর্ভুক্ত হয়েছিল। তারপরেই এই নিয়োগ যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে কূটনীতিক মহল।

**নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী হয়ে চতুর্থ বার** শপথ নিলেন নেফিয়ু রিও। এর আগে অবশ্য পরপর তিনবার মুখ্যমন্ত্রী হয়ে নজির গড়েছিলেন তিনি। এ বার নির্বাচনের পর সংখ্যাগরিষ্ঠ দল হয়েও এনপিএফ সরকার গড়তে পারেননি। অন্যদিকে, বিজেপি এনডিপিপি জোটে বেশি আসন পেয়েও মন্ত্রিসভায় মাত্র ৪টি আসন পেল এনডিপিপি। আবার মাত্র ১২ আসন জিতেও বিজেপির ৬ জন বিধায়ক মন্ত্রী হয়েছেন। এ বারই প্রথম রাজভবনের দরবার হল ছেড়ে খোলা মাঠে শপথ গ্রহণের আয়োজন করা হয়। উপ-মুখ্যমন্ত্রী হয়েছেন বিজেপির বিধায়ক দলের প্রধান ও দলের রাজ্য সভাপতি ওয়াই প্যাটন। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির জাতীয় সভাপতি অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারমণ, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী কিরেন রিজিজু প্রমুখ বিজেপির প্রথম সারির নেতৃবৃন্দ।

**৯ মার্চ** দেশে পরোক্ষ নিষ্কৃতি-মৃত্যুর অধিকার এবং তার জন্য আগাম উইল করার অধিকারকে আইনি স্বীকৃতি দিল শীর্ষ আদালত। পরোক্ষ নিষ্কৃতি মৃত্যু বলতে বোঝানো হচ্ছে কৃত্রিম উপায়ে বাঁচিয়ে রাখা হয়েছে এমন কোনও মৃতপ্রায় ব্যক্তির বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় ওষুধ কিংবা হৃদযন্ত্র বা শ্বাসযন্ত্র চালু করে রাখার কৃত্রিম ব্যবস্থা বন্ধ করে দেওয়া। শীর্ষ আদালতের এই রায়ের ফলে এখন থেকে কোনও ব্যক্তি উইল করে জানিয়ে যেতে পারবেন, তাঁকে যেন জীবন্মৃত অবস্থায় বাঁচিয়ে রেখে আর কষ্ট দেওয়া না হয়। তবে সুপ্রিম কোর্ট অবশ্য প্রত্যক্ষ নিষ্কৃতি-মৃত্যু ঘটানোর অনুমতি অর্থাৎ সরাসরি বাইরে থেকে কোনও মারণ পদার্থ প্রয়োগ করে মৃত্যু ডেকে আনার অনুমতি দেয়নি।

**পাঞ্জাবের সুফি গায়ক প্যেয়ারেলাল** ওয়াডালী (৭৫) প্রয়াত হলেন। দেশে-বিদেশে তিনি ও তাঁর দাদা পূর্ণচন্দ্র 'ওয়াডালী ভাই' নামে পরিচিত ছিলেন। 'পিঞ্জর', 'তনু ওয়েডস মনু', 'মৌসম' প্রভৃতি ছবিতে তাঁদের গান দর্শকদের মন জয় করে। গুরবানি, কাফি, গজল বা ভজন— নানা ধরনের গানে স্বচ্ছন্দ ছিলেন ওয়াডালী ভাইয়েরা।

## অস্কার পুরস্কার ২০১৮



৫ মার্চ: মার্কিন যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে এ বছরের অস্কার পুরস্কার প্রদান করা হল। এ বছরের সেরা ছবির শিরোপা পেয়েছে 'দ্য শেপ অব ওয়াটার'। সেরা পরিচালক গিয়েরমো দেল তোরো। 'ডার্কেস্ট আওয়ার' ছবির জন্য সেরা অভিনেতা হয়েছেন গ্যারি ওল্ডম্যান এবং 'থ্রি বিলবোর্ডস আউটসাইড এবিং, মিসৌরি' ছবির জন্য সেরা অভিনেত্রী হয়েছেন ফ্রান্সিস ম্যাকডোরম্যান্ড। সেরা সহ-অভিনেতা ও সহ-অভিনেত্রী নির্বাচিত হয়েছেন স্যাম রকওয়েল ও অ্যালিসন জেনি। সেরা অ্যানিমেটেড ছবি 'কোকো', সেরা তথ্যচিত্র 'অইকারাস' ও সেরা বিদেশি ভাষার ছবির সম্মান পেয়েছে 'আ ফ্যান্টাস্টিক ওম্যান' (চিলি)। ছবি: পিটিআই

## ঘাতকের ছুরিতে রক্তাক্ত লেখক অধ্যাপক জাফর ইকবাল



৩ মার্চ: বাংলাদেশের বিশিষ্ট অধ্যাপক ও জনপ্রিয় লেখক মুহম্মদ জাফর ইকবাল আততায়ীর ছুরির আঘাতে জখম হলেন। এ দিন সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে একটি অনুষ্ঠান চলাকালীন দুই আততায়ী তাঁর ওপর ছুরি নিয়ে ঝাঁপিয়ে পড়ে। এক আততায়ীকে সঙ্গে সঙ্গেই গ্রেপ্তার করা হয়। অধ্যাপক ইকবালকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মৌলবাদ ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সর্বদা সরব অধ্যাপক ইকবাল বেশ কয়েকবারই জঙ্গিদের কাছ থেকে প্রাণনাশের হুমকি পেয়েছেন। আল কায়দার বাংলাদেশ শাখা বলে নিজেদের ঘোষণা করা জঙ্গি সংগঠন আনসারুল্লা বাংলা টিম খুনের জন্য যে তালিকা প্রকাশ করেছিল তার প্রথমেই ছিল অধ্যাপক জাফর ইকবালের নাম। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই হামলার তীব্র নিন্দা করেছেন এবং জঙ্গি সংগঠনগুলিকে হুঁশিয়ারিও দিয়েছেন। চিকিৎসাধীন অধ্যাপক ইকবালকে দেখতে হাসপাতালেও যান হাসিনা।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ভয়ের ঘেরাটোপ থেকে বেরোলে ইন্টারভিউয়ে নিজের সেরাটা দিতে পারবে



অনিরুদ্ধ সেন
জেনারেল ম্যানেজার-বিজনেস কোঅর্ডিনেশন
কিউপো ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড-ইন্ডিয়া
প্রাক্তন অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট, ইন্ডিয়া বুলস
প্রাক্তন রিজিওনাল ম্যানেজার, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক

স্বাধীনভাবে নিজের বিষয় বাছতে পারলে এবং মত প্রকাশের ক্ষেত্রে স্বাধীনতা থাকলে, এগিয়ে যাওয়াটাও অনেক সহজ হয়। স্কুলজীবনের শেষের দিক থেকেই কোনদিকে যেতে চাও সেটা ঠিক করে ফেলতে হবে। 'তোমার জীবনের লক্ষ্য কী'— এই প্রশ্নটার মুখোমুখি কতবারই না হতে হয়েছে ছোটবেলায়, পরীক্ষার খাতায়। এবার গুরুত্ব দিয়ে তার উত্তর খুঁজতে হবে, নিজেই নিজেকে প্রশ্ন করে। বুঝতে চেষ্টা করো, কী পড়তে ভালো লাগে, কী কাজ ভালো লাগে। সেই সঙ্গে খোঁজ নিতে থাকো, যে-বিষয়টা ভালোবাসো, সেটার ভবিষ্যৎ কী। কোথায় কোথায় সুযোগ আছে কাজ করার। সেই ভাবে এগোনো তোমার পক্ষে সম্ভব কি না। তাহলে চাকরি খোঁজার সময় মানসিক দ্বন্দ্ব থাকবে না।

এখন এমন অনেকরকম কোর্স আছে, যেগুলোর সম্পর্কে আগে সাধারণ লোকের কোনও ধারণাই ছিল না। চাকরির ক্ষেত্রটাও সেরকমই সুবিস্তৃত। কয়েকটা উদাহরণ দেওয়া যাক— অ্যানিমেশন, ফটোগ্রাফি, ফিল্ম স্টাডিজ, জার্নালিজম, ইভেন্ট ম্যানেজমেন্ট, মাস কমিউনিকেশন, ম্যানেজমেন্ট, বিজ্ঞানের অসংখ্য শাখা-উপশাখায় হাজারো পড়াশোনার বিষয়। অচেনা বিষয় প্রথমেই বাতিল না করে আগে যাচাই করে দেখো। হতে পারে তোমার মনের মতো কিছুরই খোঁজ পেলে। তবে বিষয় যাই বাছো, আগে সেই সংক্রান্ত কাজের জগৎটা সম্পর্কে জেনে নিয়ে তবেই পড়াশোনা করো।

### জানো, জেনে যাচাই করো

কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সেই প্রতিষ্ঠান সম্পর্কে ভালো করে খোঁজখবর নাও। এখন অজস্র শিক্ষাপ্রতিষ্ঠান চারদিকে। বিজ্ঞাপনের চটক আর প্রতিশ্রুতি দেখে অনেকে ভুল করে। কিন্তু কয়েকটা বিষয় আগেই জেনে নেওয়া অত্যন্ত জরুরি। যেমন, শিক্ষাপ্রতিষ্ঠান নামি-দামী বা সাধারণ— যাই হোক না কেন, সেখানকার পড়াশোনা ও মূল্যায়ন পদ্ধতি কেমন, ক্যাম্পাসিংয়ের মাধ্যমে কাজের সুযোগ আছে কি না, ক্যাম্পাসিংয়ে কোন ধরনের সংস্থা অংশ নেয় ইত্যাদি। অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে প্লেসমেন্টের নিশ্চয়তার কথা বলা হলেও, শেষে ছেলেমেয়েরা দিশেহারা হয়ে যায়, যখন দেখে কিছুই হচ্ছে না। এই দিকগুলো মাথায় রেখে এগোতে হবে। সচেতন থাকতে হবে। প্রয়োজনে প্রাক্তন ছাত্রছাত্রীদের সঙ্গে যোগাযোগ করে জানতে চাইতে পারো, চাকরির ব্যাপারে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে যথেষ্ট সুযোগ ও সাহায্য পাওয়া গিয়েছিল কিনা। শিক্ষাপ্রতিষ্ঠানটির অতীত রেকর্ডের কথা দেখে নিতে পারো ওয়েবসাইটে গিয়ে। মূল কথা এইসব খোঁজখবর নিয়ে তবেই কোথাও ভর্তি হওয়া উচিত।



> গ্রুপ ডিসকাশনে প্রার্থীরা প্রায় হাতাহাতির পর্যায়ে নেমে এসেছিল কথা বলার জন্য। আমি ভাবছিলাম, এখানে কোনওই আশা নেই আমার। কারণ গ্রুপ ডিসকাশনের সময় ওই পরিস্থিতিতে কথা বলার কোনও সুযোগই প্রায় পাইনি— দু'একবার বাকিদের শান্ত গলায় নিয়ন্ত্রণ করার চেষ্টা করা ছাড়া। পরে জেনেছিলাম, আমি ওই কারণেই চাকরিটা পেয়েছিলাম।

### ভয়কে জয় করতে হবে

জীবনের প্রথম ইন্টারভিউতেই বাতিল হয়ে গিয়েছিলাম। পরে ভেবে দেখেছি, যখনই টেনশন নিয়ে কোনও ইন্টারভিউ দিতে গিয়েছি, তখনই সেটা হয়নি। বাবা কর্পোরেট সংস্থায় কর্মরত ছিলেন বলেই বারবার এ ব্যাপারে সতর্ক করতেন। তাই ভয় পাওয়ার কিছু নেই বা হারাবারও কিছু নেই ইত্যাদি ভেবে নিজেকে উৎসাহ দিতাম। ভয়ের ঘেরাটোপ থেকে বেরোলে ইন্টারভিউয়ে অবশ্যই নিজের সেরাটা দেওয়া যায় এবং সাফল্যও আসে। তবে অন্যান্য দিকে প্রস্তুতিটাও নিখুঁত হওয়া চাই। এর মধ্যে রয়েছে, নিজের পড়াশোনার বিষয়টা পুঙ্খানুপুঙ্খ জানা, সেই বিষয়ে সাম্প্রতিকতম তথ্যটিও নখদর্পণে থাকা, সাম্প্রতিক রাজনৈতিক-সামাজিক-অর্থনৈতিক বিষয় সম্পর্কে সচেতনতা, আর সেইসঙ্গে নম্র ভাবে অথচ ঋজুতার সঙ্গে কথা বলা, অতিকথনের প্রবণতা এড়িয়ে চলার অভ্যাস ইত্যাদি।

### হতাশ হলে চলবে না

ইন্টারভিউতে কোনওকিছু ঠিক আশানুরূপ হচ্ছে না বলে হতাশ হয়ে পড়া ভুল। তাহলে ওই হতাশ মনোভাবই তোমায় পরের ইন্টারভিউয়েও ফেল করিয়ে দেবে। তাই শেষ পর্যন্ত চেষ্টা করতে হবে পরিস্থিতি অনুযায়ী যেটা ঠিক বলে মনে হচ্ছে সেই অনুযায়ী চলতে। এই প্রসঙ্গে নিজের একটা অভিজ্ঞতার কথা বলি। ঊষা মার্টিন গ্রুপে ইন্টারভিউ দিতে গিয়েছিলাম। সেখানে ইন্টারভিউয়ের অনেক স্তর, যাচাইয়ের জন্য লিখিত পরীক্ষা, মক টেস্ট, গ্রুপ ডিসকাশন, কম্পোজিশন ইত্যাদি অনেকগুলো রাউন্ড।

এর মধ্যে গ্রুপ ডিসকাশনে প্রার্থীরা প্রায় হাতাহাতির পর্যায়ে নেমে এসেছিল কথা বলার জন্য। আমি ভাবছিলাম, এখানে কোনওই আশা নেই আমার। কারণ গ্রুপ ডিসকাশনের সময় ওই পরিস্থিতিতে কথা বলার কোনও সুযোগই প্রায় পাইনি— দু'একবার বাকিদের শান্ত গলায় নিয়ন্ত্রণ করার চেষ্টা করা ছাড়া। পরে জেনেছিলাম, আমি ওই কারণেই চাকরিটা পেয়েছিলাম। ওই যে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছিলাম, বলতে পারার থেকেও ওটাই বেশি কাজে দিয়েছিল।

জীবনে লড়াই থাকবে। সেটা ইন্টারভিউয়ে শেষ হওয়ার নয়। চলবে গোটা কর্মজীবন ধরে। তাই তোমার কাজ হল নিজেকে যোগ্য থেকে যোগ্যতর করে তোলা, যাতে এগিয়ে যাওয়ার ক্ষমতা বাড়তে থাকে। তার জন্য হাতের কাছে যেটুকু সুযোগ পাবে গ্রহণ করবে, যেখানে যা শিখে নেওয়ার মতো মনে হবে একেবারে আত্মস্থ করে নেবে। সুযোগ যখন আসবে, তাকে গ্রহণ করার যোগ্যতা যেন তোমার থাকে।

# বিদেশে পড়ার স্কলারশিপ

## স্থাপত্য ও শিল্পকলার উচ্চশিক্ষায় ইনলাকস শিবদাসানি স্কলারশিপ



**নিজস্ব প্রতিনিধি:** স্থাপত্য এবং শিল্পকলার নানা বিষয় নিয়ে ইউরোপের বিভিন্ন দেশের প্রতিষ্ঠানে পড়ার জন্য ভারতীয় ছাত্রছাত্রীদের বৃত্তি দিয়ে থাকে ইনলাকস শিবদাসানি ফাউন্ডেশন। গত তিন দশকে ৪২০ জন ভারতীয় ছাত্রছাত্রী এঁদের স্কলারশিপ নিয়ে উচ্চশিক্ষার পথ বেছে নিয়েছেন। বিদেশের বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে এই ফাউন্ডেশনের যুগ্ম স্কলারশিপের ব্যবস্থা রয়েছে। ইনলাকস শিবদাসানি স্কলারশিপের সর্বাধিক আর্থিক মূল্য ১ লক্ষ মার্কিন ডলার। এই টাকা পাওয়া যায় টিউশন ফি, থাকার খরচ এবং একবার যাওয়া বা আসার খরচ বাবদ। খরচ কোনও কারণে এর থেকে বেশি হওয়ার সম্ভাবনা থাকলে, বাকি অর্থ আবেদনকারীকেই জোগাড় করতে হবে। সেটা যদি আবেদনকারীর পক্ষে সম্ভব না হয়, তাহলে সাধারণত এই বৃত্তি দেওয়া হয় না। সেইসঙ্গে এই বৃত্তি পাওয়ার জন্য নির্দিষ্ট বিষয়গুলির কোনও একটি নিয়ে ইউরোপের কোনও দেশের প্রথম সারির কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকতে হবে।

যেসব প্রতিষ্ঠানের সঙ্গে ইনলাকস শিবদাসানি ফাউন্ডেশনের যুগ্ম-স্কলারশিপের বন্দোবস্ত রয়েছে সেগুলি হল— • ইম্পিরিয়াল কলেজ, লন্ডন • রয়্যাল কলেজ অব আর্ট, লন্ডন • স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজ, লন্ডন • স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড এশিয়ান স্টাডিজ, লন্ডন • লন্ডন অ্যাকাডেমি অব মিউজিক অ্যান্ড ড্রামাটিক আর্ট, লন্ডন • ইউনিভার্সিটি অব আইডিয়াস অ্যান্ড সিটাডেলার্তে (ইউ এন আই ডি ই ই), ইতালি • পিসতোলেত্তো ফাউন্ডেশন, ইতালি • কেমব্রিজ ট্রাস্ট, কেমব্রিজ • সায়েন্স প্রো, প্যারিস।

### কী পড়বেন

আর্কিটেকচার, ফাইন আর্টস, অ্যাপ্লায়েড আর্টস ও সমতুল বিষয়, ফিল্ম স্টাডিজ (ফিল্ম অ্যানিমেশন ছাড়া), নৃত্য, অভিনয়, মিউজিক (শুধুমাত্র ওয়েস্টার্ন ক্লাসিক্যাল সঙ্গীত)— এর মধ্যে কোনও একটি পড়ে থাকলে এই স্কলারশিপ পাওয়া যায়। এছাড়া ইন্ডিয়ান স্টাডিজকেও এঁরা শর্তসাপেক্ষে বিবেচনা করে থাকেন।

### কারা পড়বেন

ভারতের নাগরিক হতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। ভারতের কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে। তবে, ভারতের বাইরের কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক হওয়ার পর দেশে ফিরে একটানা দু'বছর এ দেশের কোনও প্রতিষ্ঠানে পড়াশোনা বা কোথাও চাকরি করলেও স্কলারশিপের জন্য আবেদন করা যাবে। ভর্তি নিশ্চিত হলে তবেই স্কলারশিপের জন্য বিবেচিত হবেন।

### কীভাবে ভর্তি

স্কলারশিপের জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.inlakshivdasanifoundationblog.org/ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৫ এপ্রিল। নির্দিষ্ট ঠিকানায় পাঠাতে হবে পূরণ করা আবেদনপত্রের দু'টি কপি। একটি কপির সঙ্গে এইসব প্রয়োজনীয় নথিপত্র গেঁথে দিতে হবে— • আবেদনকারীর জীবনপঞ্জি • তিনটি রেকমেন্ডেশন লেটার • অফার লেটার • বিদেশের যে-প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন তার সম্পূর্ণ ফি স্টেটমেন্ট ও কোনও লিখিত নমুনা (যদি থাকে) • ভাষা পরীক্ষার ফল (যদি থাকে) • আবেদনকারীর পাসপোর্টের প্রথম ও শেষ পাতার জেরক্স কপি • আর্কিটেকচার, ফাইন এবং অ্যাপ্লায়েড আর্টস ও সমতুল বিষয়ের ছাত্রছাত্রীদের কাজের সর্বাধিক দশটি নমুনা (অরিজিনাল সাইজ এবং জেপেগ ফর্ম্যাটে সিডি অথবা ডিভিডি-তে) • ফিল্ম, নৃত্য, অভিনয় এবং মিউজিকের (ওয়েস্টার্ন ক্লাসিক্যাল সঙ্গীত) ক্ষেত্রে কাজের নমুনা (তিন সেট সিডি বা ডিভিডি) • আবেদনকারীর পোর্টফোলিও • এক্সট্রা কারিকুলার বিষয়ে শংসাপত্র।

### প্রার্থী বাছাই পদ্ধতি

প্রার্থী বাছাই করা হয় প্রিলিমিনারি ও ফাইনাল রাউন্ড— এই দুই পর্যায়ের ইন্টারভিউয়ের মাধ্যমে। সাধারণত মুম্বই অথবা দিল্লিতে ইন্টারভিউ হয় মে-জুন মাস নাগাদ। নির্বাচিত প্রার্থীদের ১ জুনের মধ্যে ই-মেল মারফত জানিয়ে দেওয়া হবে। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়ে ভারতীয় ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপ

**নিজস্ব প্রতিনিধি:** বাণিজ্য, অর্থনীতি বা আইন নিয়ে স্নাতক বা স্নাতকোত্তর পড়াশোনা করতে যেতে চান অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড ইউনিভার্সিটিতে? ভারতীয় ছাত্রছাত্রীদের জন্য বিশেষ স্কলারশিপের ব্যবস্থা আছে এঁদের। ইন্ডিয়া গ্লোবাল লিডার্স নামে এই বৃত্তি পাওয়া যাবে কেবল টিউশন ফিয়ের ক্ষেত্রে। বৃত্তির পরিমাণ ৫ হাজার মার্কিন ডলার থেকে সর্বাধিক ১০ হাজার মার্কিন ডলার। তবে প্রার্থীকে ভারতের বর্তমান বাসিন্দা হতে হবে, এমনকী পড়াশোনার সুবাদে বা অন্য কোনও কারণে অস্ট্রেলিয়া-প্রবাসী হলেও চলবে না। ছাড় পাবেন কেবল অস্ট্রেলিয়ায় এই মুহূর্তে ইংরেজি পাঠরত ছাত্রছাত্রীরা। ২০১৮ শিক্ষাবর্ষের দ্বিতীয় সেমেস্টারে ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে।

### কোন কোন বিষয়ে স্কলারশিপ

স্নাতক এবং স্নাতকোত্তরে এই বিষয়গুলি নিয়ে পড়লে ইউনিভার্সিটি অব কুইন্সল্যান্ডের ইন্ডিয়া গ্লোবাল লিডার্স বৃত্তির জন্য বিবেচিত হবেন—

- বাণিজ্য। স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: অ্যাকাউন্টিং অ্যান্ড ফিনান্স, বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট, এক্সিকিউটিভ ডেভেলপমেন্ট, মার্কেটিং অ্যান্ড অ্যাডভার্টাইজিং, গভর্নমেন্ট অ্যান্ড পাবলিক পলিসি, রিয়েল এস্টেট অ্যান্ড প্রপার্টি, ট্যুরিজম, হসপিটালিটি অ্যান্ড ইভেন্ট।
- আইন। স্পেশ্যালাইজেশনের বিষয়গুলি হল: বিজনেস অ্যান্ড কমার্শিয়াল ল, ক্রিমিনোলজি অ্যান্ড জাস্টিস ল।
- অর্থনীতি।

### অন্যান্য শর্তাবলি

- আবেদনকারীর ভারতের নাগরিক হতে হবে এবং বর্তমানে বাস করতে হবে ভারতে। অস্ট্রেলিয়ার কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে ইতিমধ্যে ভর্তি হয়ে গিয়ে থাকলে আবেদন গৃহীত হবে না। তবে যাঁরা ইংরেজি নিয়ে অস্ট্রেলিয়ায় পড়াশোনা করছেন, তারা আবেদন করতে পারবেন।
- স্কুল, কলেজে ধারাবাহিকভাবে পরীক্ষায় ভালো ফল করে থাকতে হবে।
- অন্য কোনও স্কলারশিপ ইতিমধ্যেই পেয়ে থাকলে ইন্ডিয়া গ্লোবাল লিডার্স বৃত্তির জন্য আবেদন করবেন না।

### কীভাবে ভর্তি

২০১৮ শিক্ষাবর্ষের দ্বিতীয় সেমেস্টারে এখন ভর্তি চলছে। ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://future-students.uq.edu.au/apply। এই ওয়েবসাইটে গিয়ে প্রথমে পছন্দের বিষয়টি বেছে নিয়ে নির্দিষ্ট কোর্সের জন্য আবেদন করতে হবে। আবেদন সাবমিট করলে পাওয়া যাবে স্টুডেন্ট আই ডি নম্বর। এরপর https://uq-gmytz.formstack.com/forms/uq_bel_scholarship_application_2018— এই লিঙ্কে গিয়ে স্কলারশিপের আবেদনপত্র পূরণ করে জমা দিতে হবে। স্কলারশিপের আবেদনের সঙ্গে

- আবেদনকারীর জীবনপঞ্জি
- অনধিক ১০০০ শব্দের মধ্যে একটি ব্যক্তিগত বিবৃতি (পার্সোন্যাল স্টেটমেন্ট, যাতে থাকবে এই বিষয়টি নির্বাচনের কারণ, কেন এই বিশ্ববিদ্যালয় পড়তে চাইছেন, জীবনের লক্ষ্য, বাছাই করা বিষয়-সংক্রান্ত কাজের কোনও পূর্ব-অভিজ্ঞতা আছে কিনা)
- পূর্বতন শিক্ষাপ্রতিষ্ঠানের কোনও শিক্ষকের দেওয়া রেফারেন্স লেটার দিতে হবে। আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://scholarships.uq.edu.au

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। গণিত, রিজনিং, সাধারণ জ্ঞান ও বিজ্ঞানের প্রশ্ন আসবে।
'কর্মক্ষেত্র'-র পাঠকদের জন্য সমাধান-সহ নমুনা প্রশ্ন প্রস্তুত করেছেন **কমল বৈদ্য**।

1. একটি বড় বরফের খণ্ড 0° তাপমাত্রায় বায়ুতে রাখা আছে। এতে একটি ছোট গর্ত করে অল্প জল ঢালা হলে, সেই জল:
(a) জমে 0° তাপমাত্রায় বরফ হয়ে যাবে (b) পুরনো উষ্ণতায় জলই থেকে যাবে (c) 0°C তাপমাত্রায় জল থেকে যাবে (d) জমে বরফ হয়ে যাবে যদি বরফ খণ্ডটি বড় হয় এবং জল থেকে যাবে যদি ছোট হয়

2. 'ব্যারোমিটার' আবিষ্কার করেন:
(a) থমাস আলভা এডিসন (b) বেঞ্জামিন ফ্রাঙ্কলিন (c) ইভান গ্যালিস্তা টরিসেলি (d) মাইকেল ফ্যারাডে

3. জোড়াগুলির সঠিক মিল করুন:

| | |
|---|---|
| i. গ্যালেনা | A. অ্যালুমিনিয়াম |
| ii. চ্যালকোপাইরাইট | B. লেড |
| iii. বক্সাইট | C. কপার |
| iv. মোনাজাইট | D. বেরিয়াম |
| | E. থোরিয়াম |

(a) i-A, ii-B, iii-C, iv-E (b) i-E, ii-B, iii-A, iv-C (c) i-B, ii-C, iii-E, iv-D (d) i-B, ii-C, iii-A, iv-E

4. পৃথিবীর একটি বস্তুর মুক্তিবেগ নীচের কোনটির ওপর নির্ভরশীল নয়?
(a) পৃথিবীর ব্যাসার্ধ (b) অভিকর্ষজ ত্বরণ (c) বস্তুটির ভর (d) সবক'টি

5. প্লবতা সর্বদা:
(a) পার্শ্বমুখী (b) নিম্নমুখী (c) উর্ধ্বমুখী (d) উভমুখী

6. ভারহীন অবস্থায় বস্তুর ঘনত্ব:
(a) হ্রাস পায় (b) বৃদ্ধি পায় (c) অপরিবর্তিত থাকে (d) কোনওটিই নয়

7. ফরমালিন হচ্ছে:
(a) 50 শতাংশ ফরমিক অ্যাসিডের দ্রবণ (b) 20 শতাংশ হাইড্রোক্লোরিক অ্যাসিডের দ্রবণ (c) 14 শতাংশে অ্যাসিটিক অ্যাসিডের দ্রবণ (d) 40 শতাংশ ফরম্যালডিহাইডের দ্রবণ

8. রাস্তার পশ্চাৎ দিকে দেখার জন্য একজন মোটরচালক কী ধরনের আয়না ব্যবহার করেন?
(a) অবতল (b) উত্তল (c) সমতল (d) কোনওটিই নয়

9. পজিট্রনের ভরের সমান:
(a) নিউট্রনের ভর (b) প্রোটনের ভর (c) ইলেকট্রনের ভর (d) ফোটনের ভর

10. ভিটামিন $B_{12}$-এ কোন ধাতুটি বর্তমান?
(a) লোহা (b) ম্যাগনেশিয়াম (c) ম্যাংগানিজ (d) কোবাল্ট

11. বনস্পতি শিল্পোৎপাদনে কোন প্রভাবক ব্যবহৃত হয়?
(a) প্যালাডিয়াম (b) প্ল্যাটিনাম (c) কোবাল্ট (d) নিকেল

12. পারদের স্ফুটনাঙ্ক কত?
(a) 801°C (b) 355°C (c) 369°C (d) 357°C

13. Virus Varicella-র সঙ্গে নীচের কোন রোগটির সম্পর্ক আছে?
(a) ইনফ্লুয়েঞ্জা (b) কনজাংটিভাইটিস (c) জনডিস (d) চিকেন পক্স

14. খর্পরণ (cupellation) পদ্ধতি কোন ধাতু নিষ্কাশনের সঙ্গে জড়িত?
(a) তামা (b) রুপো (c) টিন (d) সীসা

15. কয়লার কার্বনিকরণ হচ্ছে কয়লাকে উত্তপ্ত করা:
(a) বাতাসের অনুপস্থিতিতে (b) বাতাসের উপস্থিতিতে (c) হাইড্রোজেনের উপস্থিতিতে (d) অক্সিজেনের উপস্থিতিতে

16. ফুলারিন হচ্ছে:
(a) ফ্লোরিনের সমস্থানিক (b) কার্বনের বহুরূপ (c) লোহার আকরিক (d) ক্লোরিনের যৌগিক পদার্থ

17. গ্যাসোলিনের অক্টেন বৃদ্ধিকারক হিসেবে কোনটি ব্যবহৃত হয়?
(a) মিথাইল অ্যালকোহল (b) টি-বিউটাইল অ্যালকোহল (c) মিথাইল-টি-বিউটাইল ইথার (d) ওপরের সবক'টি

18. নীচের মধ্যে কোনটি সঠিক নয়?
(a) আপেক্ষিক আর্দ্রতা 81% (b) আপেক্ষিক আর্দ্রতা 91% (c) আপেক্ষিক আর্দ্রতা 101% (d) আপেক্ষিক আর্দ্রতা 25%

19. মানবশরীরের কোন অঙ্গে রক্ত পরিস্রুত হয়?
(a) ফুসফুস (b) হৃদযন্ত্রে (c) বৃক্কে (d) যকৃতে

20. চক্ষুদানের দাতার চোখের কোন অংশ প্রতিস্থাপিত হয়?
(a) কর্নিয়া (b) লেন্স (c) রেটিনা (d) সম্পূর্ণ চোখ

21. জৈব বর্জ্য পদার্থের জারণ ঘটিয়ে পদার্থের ক্ষতিকারক প্রকৃতি বিনষ্ট করাকে বলে:
(a) কমপোস্টিং (b) কন্ডিশনিং (c) ক্লিনজিং (d) রিসাইক্লিং

22. কোন সরীসৃপের মধ্যে চার প্রকোষ্ঠযুক্ত হৃৎপিণ্ড আছে?
(a) টিকটিকি (b) অজগর (c) কচ্ছপ (d) কুমির

23. অ্যাথলিটস ফুট— এই রোগ হওয়ার কারণ হল:
(a) ব্যাক্টেরিয়া (b) ফাঙ্গাস (c) প্রোটোজোয়ান (d) নিমাটোড

24. যে মাছ সমুদ্রে ডিম পাড়ে:
(a) বান (b) ইলিশ (c) তেলাপিয়া (d) মাগুর

25. মানুষের ক্ষেত্রে কানের দু'প্রস্থ মাংসপেশি হল:
(a) সমসংস্থ অঙ্গ (b) অসমসংস্থ অঙ্গ (c) লুপ্তপ্রায় অঙ্গ (d) ওপরের কোনওটিই নয়

26. ভিটামিন K রক্ততঞ্চন-এর জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান, কারণ এটি সংশ্লেষ করে:
(a) থ্রমবোপ্লাসটিন (b) ফাইব্রিনোজেন (c) প্রোথ্রমবিন (d) সবগুলিই

27. আইরিশ নিম্নলিখিত অংশের সম্মুখভাগ:
(a) রেটিনা (b) করোয়েড (c) স্কেলেরা (d) কর্নিয়া

এরপর এগারোর পাতায়

# রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'বুড়ো আংলা' রচনা করেছেন:
(a) গুণেন্দ্র ঠাকুর (b) খগেন্দ্রনাথ ঠাকুর (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) অবনীন্দ্রনাথ ঠাকুর

2. কোন পাখির নাসারন্ধ্র পিছনদিকে
(a) কিউই (b) রবিন (c) দাঁড়কাক (d) খঞ্জনা

3. রাহুল সাংকৃত্যায়ন একজন বিখ্যাত:
(a) লেখক (b) ব্যঙ্গ চিত্রশিল্পী (c) পরিচালক (d) নৃত্যশিল্পী

4. মানুষের শরীরের কোন অংশের সঙ্গে নিউমোনিয়া অসুখটি জড়িত?
(a) হৃৎপিণ্ড (b) ফুসফুস (c) মাড়ি (d) কিডনি

5. ক্ষুর কে আবিষ্কার করেন?
(a) জে বি ডানলপ (b) জে পার্কিন্স (c) এইচ ব্রেয়েরলি (d) কে জি জিলেট

6. কাশ্মীর ভ্যালি ও লাদাখের মধ্যে অবস্থিত পাসটির নাম কী?
(a) খাইবার (b) জোজি লা (c) কুনজুম (d) নাথু লা

7. রাকেশ শর্মা হলেন প্রথম ভারতীয় যিনি:
(a) অলিম্পিক মেডেল পান (b) অস্কার পান (c) মহাকাশে যান (d) নর্থ পোলে যান

8. বুদ্ধ তাঁর প্রথম উপদেশ কোথায় প্রচার করেছিলেন?
(a) বুদ্ধগয়া (b) ডিয়ার পার্ক (c) লুম্বিনী গার্ডেন্স (d) কোনওটিই নয়

9. কোন ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট খেলোয়াড় 'বিগ বার্ড' নামে পরিচিত?
(a) জোয়েল গার্নার (b) ক্যামেরুন কাফি (c) ফিল সিমন্স (d) কার্টলে অ্যামব্রোস

10. ভারতীয় চলচ্চিত্রে প্রথম সবাক চিত্র কোনটি?
(a) শোলে (b) মুঘল-এ-আজম (c) আলোম আরা (d) রাজা হরিশচন্দ্র

11. ব্লিচিং পাউডার হল:
(a) CaCl(OCl) (b) $Ca(OCl)_2$ (c) $CaClOCl_2$ (d) $CaOCl_4$

12. 'বৌদ্ধস্তূপ বরবুদুর' কোথায় অবস্থিত?
(a) জাভা, ইন্দোনেশিয়া (b) ইয়াঙ্গন, মেয়ানমার (c) ব্যাঙ্কক, থাইল্যান্ড (d) লাসা, তিব্বত

13. সৌরজগতের কোন গ্রহের আকর্ষণ ক্ষমতা সব থেকে শক্তিশালী?
(a) প্লুটো (b) শনি (c) পৃথিবী (d) বৃহস্পতি

14. নীচের কোনটি মিশ্র গ্রন্থি?
(a) যকৃত (b) লালাগ্রন্থি (c) থাইরয়েড গ্রন্থি (d) পিটুইটারি গ্রন্থি

15. পৃথিবীতে কোন ভাষায় সব থেকে বেশি মানুষ কথা বলে?
(a) জাপানি (b) চাইনিজ (c) ইংরেজি (d) পর্তুগিজ

16. প্রাচীনকালে বাংলার নাম ছিল:
(a) কামরূপ (b) মৎস্য (c) বৎস্য (d) গৌড়

17. রাজ্যসভা পরিচালনা করেন:
(a) ভারতের রাষ্ট্রপতি (b) ভারতের উপরাষ্ট্রপতি (c) ভারতের প্রধানমন্ত্রী (d) লোকসভার অধ্যক্ষ

18. ফিজি দ্বীপপুঞ্জ কোন মহাসাগরে অবস্থিত?
(a) প্রশান্ত মহাসাগর (b) ভারত মহাসাগর (c) আটলান্টিক মহাসাগর (d) আন্টার্কটিকা মহাসাগর

19. ফেরিক ক্লোরাইড দ্রবণের মধ্যে যখন $H_2S$ গ্যাস চালনা করা হয়:
(a) ফেরিক সালফাইড অধঃক্ষিপ্ত হয় (b) ফেরাস সালফাইড ও সালফার তৈরি হয় (c) ফেরাস ক্লোরাইড এবং সালফার তৈরি হয় (d) আয়রন ও সালফার তৈরি হয়

20. পৃথিবীর সব থেকে প্রাচীন বিশ্ববিদ্যালয় কোনটি?
(a) ফেস, মরক্কো (b) অক্সফোর্ড, ইউ কে (c) মডেনা, ইতালি (d) ন্যানজিং, চিন

21. ভারতের প্রথম 'টেস্ট টিউব বেবি' কোন সালে জন্মায়?
(a) 1976 (b) 1977 (c) 1978 (d) 1986

22. কোনও বস্তুর উষ্ণতা 36°F বৃদ্ধি পেলে, সেন্টিগ্রেড স্কেলে এই বৃদ্ধির মান হবে:
(a) 2.22°C (b) 20°C (c) 22.2°C (d) 30°C

23. 'India Wins Freedom' বইটি কে লিখেছেন?
(a) জওহরলাল নেহরু (b) মহাত্মা গান্ধী (c) আবুল কালাম আজাদ (d) জি ডি খোসলা

24. হিউয়েন সাং কার রাজত্বকালে ভারতবর্ষে আসেন?
(a) চন্দ্রগুপ্ত মৌর্য (b) অশোক (c) সমুদ্রগুপ্ত (d) হর্ষবর্ধন

25. ভারতের প্রারম্ভিক ব্যাঙ্কের নাম কী?
(a) স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া (b) ব্যাঙ্ক অব ইন্ডিয়া (c) ব্যাঙ্ক অব হিন্দুস্তান (d) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

26. সাধারণত সন্তুরে ক'টি তার থাকে?
(a) 4 (b) 10 (c) 25 (d) 100

27. কোন প্রাণীর রক্তে হিমোগ্লোবিন উপস্থিত?
(a) আরশোলা (b) মাকড়শা (c) কেঁচো (d) কোনওটিই নয়

28. কোয়ালা-ভাল্লুক কোন দেশে পাওয়া যায়?
(a) গ্রিনল্যান্ড (b) অস্ট্রেলিয়া (c) আফ্রিকা (d) আর্জেন্টিনা

29. কত সালে পানিপথের প্রথম যুদ্ধ হয়?
(a) 1521 (b) 1526 (c) 1535 (d) 1621

30. 'পেরালামডি ট্রফি' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গলফ (b) পোলো (c) নেট বল (d) কবাডি

31. শচীন তেন্ডুলকর কেবল একবারই 'কাউন্টি ক্রিকেট' খেলেছেন। তিনি কোন কাউন্টির জন্য খেলেছেন?
(a) কেন্ট (b) ল্যাঙ্কাশায়ার (c) ইয়র্কশায়ার (d) সমারসেট

32. কোন যন্ত্রটি ওস্তাদ আল্লারাখা বাজাতেন?
(a) সেতার (b) সরোদ (c) তবলা (d) বাঁশি

33. গন্ডারের খড়্গ কী দিয়ে তৈরি?
(a) চুল (b) হাড় (c) গজদন্ত (d) চামড়া

34. ভারতের কোন স্থানে উৎক্ষেপণ কেন্দ্র অবস্থিত:

এরপর এগারোর পাতায়

# পলিটেকনিকে ভর্তির পরীক্ষা

# জেক্সপো-২০১৮

রাজ্যের বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক কলেজে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির পরীক্ষা জেক্সপো ২৯ এপ্রিল। পরীক্ষায় বসার যোগ্যতামান: মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ। আগামী মার্চের মধ্যে যাদের মাধ্যমিক সম্পন্ন হবে, তারাও শর্তসাপেক্ষে বসতে পারেন। পরীক্ষার প্রশ্ন MCQ পদ্ধতিতে হবে এবং উত্তর OMR Sheet-এ দিতে হবে। অঙ্কে ১০০, পদার্থবিদ্যায় ৫০ এবং রসায়নে ৫০টি প্রশ্ন থাকবে। প্রথমে প্রশ্নগুলি নিজে সমাধান করুন এবং পরে উত্তর ও সমাধানের সঙ্গে মিলিয়ে দেখুন।
প্রস্তুত করেছেন ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট-এর অধ্যাপক, **ডঃ শক্তিপদ নন্দ**

1. যদি $64^x = 48^y = 36^z$ হয় তবে $\frac{1}{x}+\frac{1}{z}$-এর মান
(a) y (b) $\frac{1}{y}$ (c) $\frac{2}{y}$ (d) $\frac{3}{y}$

2. যদি $a \propto \frac{1}{b}$ হয় তবে (a + b)-এর ক্ষুদ্রতম মানের জন্য:
(a) $\frac{a}{b} = 1$ (b) ab = 1 (c) $\frac{a}{b}$ = ধ্রুবক (d) ab = ধ্রুবক

3. $5x^2 + 13x + k = 0$ সমীকরণের একটি বীজ অপরটির অন্যোন্যক হলে k-এর মান:
(a) 0 (b) $\frac{1}{5}$ (c) 1 (d) 5

4. 5 : 23 অনুপাতের প্রতিটি পদের সঙ্গে যে সংখ্যা যোগ করলে অনুপাতটি 1 : 2 হবে তা হল:
(a) 7 (b) 9 (c) 11 (d) 13

5. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $25 ft^2$ লম্ব ও ভূমির অনুপাত 1 : 2 হলে অতিভুজের দৈর্ঘ্য (ft এককে)
(a) $5\sqrt{3}$ (b) $10\sqrt{3}$ (c) $5\sqrt{5}$ (d) $10\sqrt{5}$

6. একটি অফিসে কর্মচারীদের গড় মাসিক বেতন 6400 টাকা। 10 জন অফিসারের গড় মাসিক বেতন 10000 এবং অন্য কর্মচারীদের 6000 টাকা হলে অফিসে মোট কর্মচারীর সংখ্যা:
(a) 80 (b) 90 (c) 100 (d) 110

7. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 55 বছর। 16 বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হলে, পুত্রের বর্তমান বয়স (বছরে):
(a) 15 (b) 13 (c) 11 (d) 9

8. 324°-এর রেডিয়ানে (বৃত্তীয় পদ্ধতিতে) পরিমাপ:
(a) $\frac{11\pi}{5}$ (b) $\frac{9\pi}{5}$ (c) $\frac{7\pi}{5}$ (d) $\frac{4\pi}{5}$

9. একটি বৃত্তের 187 সেমি দৈর্ঘ্যের জ্যা কেন্দ্রে 45° কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাসার্ধ (সেমিতে)
(a) 238 (b) 234 (c) 232 (d) 228

10. যদি α, β ধনাত্মক সূক্ষ্মকোণ এবং $\sin(\alpha - \beta) = \frac{1}{2}$, $\cos(\alpha + \beta) = \frac{1}{2}$ হয় তবে α-এর মান:
(a) 15° (b) 30° (c) 45° (d) 60°

11. যদি a + b + c = 0 হয় তবে $\frac{a^2}{bc}+\frac{b^2}{ca}+\frac{c^2}{ab}$-এর মান:
(a) 0 (b) 1 (c) 2 (d) 3

12. বার্ষিক 10% সরলসুদে বিনিয়োগকৃত টাকা কত বছরে তিনগুণ হবে?
(a) 20 (b) 15 (c) 30 (d) 12

13. (39m 10 cm) × (35m 70 cm) পরিমাপের একটি হলঘরকে বর্গাকৃতি টালিদ্বারা সম্পূর্ণ আবৃত করতে সর্বনিম্ন টালির সংখ্যা:
(a) 463 (b) 473 (c) 483 (d) 493

14. দু'জন অংশীদার A ও B, 7 : 9 অনুপাতে মূলধন বিনিয়োগ করে ব্যবসা আরম্ভ করলেন। 8 মাস পরে A তার বিনিয়োগ তুলে নিলেন। তাদের লভ্যাংশের অনুপাত 8 : 9 হলে কত মাসের জন্য B মূলধন বিনিয়োগ করেছিলেন?
(a) 7 (b) 6 (c) 8 (d) 9

15. এক ব্যক্তি 7 ঘণ্টায় 80 km পথের একটি অংশ 8 km/h বেগে পদব্রজে এবং শেষ অংশ 16 km/h বেগে সাইকেলে অতিক্রম করলেন। পদব্রজে অতিক্রান্ত দূরত্ব (km এককে):
(a) 24 (b) 32 (c) 36 (d) 38

এরপর চোদ্দোর পাতায়

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

দশের পাতার পর

28. অর্ধপ্রবেশ্য ঝিল্লির ভিতর দিয়ে প্রবাহিত হতে পারে:
(a) দ্রাব্য (b) দ্রাবক (c) a এবং b দু'টোই (d) কোনওটিই নয়
29. ব্যাক্টেরিয়াতে কোন ধরনের সালোকসংশ্লেষ উপস্থিত?
(a) PS-I (b) PS-II (c) a এবং b উভয়ই (d) কোনওটিই নয়
30. বদ্ধ রক্তসংবহন প্রবাহ কে আবিষ্কার করেন?
(a) ডারউইন (b) উইলিয়াম হার্ভে (c) মেন্ডেল (d) হিপোক্রিটাস
31. পাখি সংক্রান্ত বিজ্ঞানকে কী বলে?
(a) অরনিথোলজি (b) অথইপি (c) অর্থোপিডিক্স (d) ওসটিওপ্যাথি
32. নীচের কোনটি প্রাণীর জন্য অপরিহার্য কিন্তু উদ্ভিদের জন্য নয়?
(a) পটাশিয়াম (b) ফসফরাস (c) ক্যালশিয়াম (d) আয়োডিন
33. 'মেহগিনি' কোন শ্রেণির বৃক্ষ?
(a) চিরহরিৎ (b) জেমস লোভেল (c) গুল্ম (d) ম্যানগ্রোভ
34. কলকাতা দূরদর্শনের প্রথম সম্প্রচার 1975 সালের কত তারিখ হয়?
(a) 1 অগস্ট (b) 5 অগস্ট (c) 9 অগস্ট (d) 14 অগস্ট
35. সরোজিনী নাইডুর বিয়ের আগে কী নাম ছিল?
(a) সরোজিনী মুখোপাধ্যায় (b) সরোজিনী নেহরু (c) সরোজিনী বসু (d) সরোজিনী চট্টোপাধ্যায়
36. 'তিরিচমির' পর্বত কোন দেশে অবস্থিত?
(a) পাকিস্তান (b) চিন (c) ভারত-তিব্বত (d) নেপাল
37. কোনটি উত্তর ভারতের নদী?
(a) তাপ্তি (b) গোদাবরী (c) মহানদী (d) গঙ্গা
38. ঔরঙ্গজেব কোন শিখ গুরুকে মৃত্যুদণ্ড দেন?
(a) গুরু গোবিন্দ সিং (b) অর্জুন সিং (c) গুরু নানক (d) গুরু তেগ বাহাদুর
39. ভারতীয় জাতীয় সংগীত কত সালে প্রথম গাওয়া হয়?
(a) 1922 সালে (b) 1923 সালে (c) 1924 সালে (d) 1925 সালে
40. ভারতে প্রকাশ্য স্থানে ধূমপান কত সালে নিষিদ্ধ হয়?
(a) 2000 সালে (b) 2003 সালে (c) 2007 সালে (d) 2009 সালে
41. হিটলার কোন দেশে জন্মগ্রহণ করেন?
(a) জার্মান (b) ইতালি (c) অস্ট্রিয়া (d) ব্রিটেন
42. কোন শহরের ডাক নাম 'The Big Apple'?
(a) সিডনি (b) নিউ ইয়র্ক (c) জোহানেসবার্গ (d) লন্ডন
43. মানুষের মহাশূন্যে অভিযান প্রথম শুরু হয় কত সালে?
(a) 1930 সালে (b) 1945 সালে (c) 1957 সালে (d) 1897 সালে
44. লাওৎসে কোন দেশের বিখ্যাত ধর্মপ্রচারক?
(a) চিন (b) জাপান (c) দক্ষিণ কোরিয়া (d) উত্তর কোরিয়া
45. দক্ষিণ আফ্রিকার কোন শহরকে 'টেন মিনিটস সিটি' বলা হয়?
(a) কেপ টাউন (b) পোর্ট এলিজাবেথ (c) ডারবান (d) প্রিটোরিয়া
46. 'ক্যাথলিক' শব্দটির অর্থ কী?
(a) সর্বজনীন (b) নিরপেক্ষ (c) গোঁড়া (d) স্বর্গদ্বার
47. সুন্দরবন হল:
(a) ম্যানগ্রোভ অরণ্য (b) পর্ণমোচী অরণ্য (c) চিরহরিৎ অরণ্য (d) ঝোপঝাড় অরণ্য
48. রেশম গুটি কী খেয়ে বেঁচে থাকে?
(a) কীটপতঙ্গ (b) তুঁত গাছের পাতা (c) ঘাস (d) কোনওটিই নয়
49. বিশ্বের সবচেয়ে দ্রুতগামী ঝড়ের নাম কী?
(a) সুপার সাইক্লোন (b) টর্নেডো (c) টর্পেডো (d) উইলি উইলি
50. চোল বংশের স্থপতি ছিলেন:
(a) রাজরাজ (b) প্রথম রাজেন্দ্র চোল (c) বিজয়ালয় (d) কেউই নন
51. 1টি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 4 ওই বাক্সে মোট 393 টাকা থাকলে মোট কতগুলি মুদ্রা ছিল?
(a) 1001 (b) 915 (c) 895 (d) 917
52. 5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর গড় বয়স ছিল 23 বছর। বর্তমানে স্বামী-স্ত্রী ও একমাত্র সন্তানের গড় বয়স 20 বছর। সন্তানের বর্তমান বয়স কত?
(a) 1 বছর (b) 2 বছর (c) 3 বছর (d) 4 বছর
53. চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম কোন সংখ্যাকে 12, 18 এবং 27 দ্বারা ভাগ করলে ক্রমান্বয়ে 10 16 এবং 25 ভাগ শেষ থাকবে?
(a) 9934 (b) 9936 (c) 9914 (d) 9938
54. এক ব্যক্তি দ্বিতীয় দিন 120 কিমি পথ ভ্রমণ করে দেখল যে প্রথম ও দ্বিতীয় দিনের ভ্রমণপথের অনুপাত 5 : 6। তৃতীয় দিনে কত কিমি পথ ভ্রমণ করলে প্রথম ও তৃতীয় দিনের ভ্রমণ পথের অনুপাত হবে 4 : 5?
(a) 100 কিমি (b) 110 কিমি (c) 120 কিমি (d) 125 কিমি
55. একটি বাইসাইকেল B-কে 15% লাভে এবং B ওই বাইসাইকেলটি C-কে 20% লাভে বিক্রয় করে। তবে প্রকৃত লাভ কত?
(a) 38% (b) 35% (c) 36% (d) 34%
56. A একটি কাজ 5 দিনে, B 4 দিনে এবং A, B ও C একত্রে কাজটি 2 দিনে করতে পারে। C একা কাজটি কত দিনে করবে?
(a) 25 দিনে (b) 12 দিনে (c) 15 দিনে (d) 20 দিনে
57. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরের একটি রাস্তা আছে। রাস্তার ভিতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 88 মিটার হলে রাস্তার প্রস্থ কত?
(a) 7 মিটার (b) 3.5 মিটার (c) 14 মিটার (d) 10.5 মিটার
58. কোনও বহুভুজের অন্তঃকোণগুলির সমষ্টি 1620°। বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 10 (b) 11 (c) 12 (d) 15
59. 1 থেকে 400 পর্যন্ত জোড় সংখ্যাগুলির যোগফল কত?
(a) 160000 (b) 80200 (c) 40200 (d) কোনওটিই নয়
60. 1, 2, 3, 5 ও 7 সংখ্যাগুলি একবারমাত্র ব্যবহার করে 5 অঙ্কের কতগুলি সংখ্যা গঠন করা যায় যেগুলি 125 দ্বারা বিভাজ্য?
(a) 5টি (b) 12টি (c) 4টি (d) 8টি
61. 73953 সংখ্যাটিতে 3-এর দু'টি স্থানীয় মানের পার্থক্য কত?
(a) 3003 (b) 2997 (c) 3030 (d) 0
62. $12 \times 4 \div 3$ এর $8 \div 2 - 1 = ?$
(a) 0 (b) 1 (c) 2 (d) 4
63. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে $\frac{3}{5}$ দ্বারা গুণ করলে গুণফল একটি পূর্ণসংখ্যা:
(a) 5 (b) $\frac{5}{3}$ (c) $\frac{2}{5}$ (d) কোনওটিই নয়
64. পরপর চারটি বিজোড় সংখ্যার গড় 12 হলে, সর্বনিম্ন কোনটি?
(a) 9 (b) 3 (c) 5 (d) অনির্ণেয়
65. একটি ছাত্রের 10টি পরীক্ষায় নম্বরের গড় 80। সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বর না ধরলে গড় হয় 81। যদি সর্বোচ্চ নম্বর 91 হয়, তবে সর্বনিম্ন নম্বর কত?
(a) 55 (b) 62 (c) 61 (d) 60
66. একটি নির্বাচনে দু'জন প্রার্থীর মধ্যে বিজয়ী প্রার্থী মোট ভোটের 60% পেয়ে 5000 ভোটে জয়লাভ করে। মোট ভোটারের সংখ্যা কত?
(a) 2400 (b) 25500 (c) 25000 (d) 2200
67. একটি শহরের জনসংখ্যা একটি নির্দিষ্ট হারে প্রতি বছর বৃদ্ধি পায়। বর্তমানে জনসংখ্যা 12000 হলে 2 বছর পরে হয় 18000। 6 বছর পর জনসংখ্যা কত হবে?
(a) 25000 (b) 30000 (c) 29000 (d) 24000
68. একটি বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রীর অনুপাত 2 : 3। যদি 20% ছাত্র ও 30% ছাত্রী প্রাপ্তবয়স্ক হয় তবে অপ্রাপ্তবয়স্ক ছাত্রছাত্রীর শতকরা হার কত?
(a) 74% (b) 75% (c) 76% (d) 73%
69. 18265 থেকে ক্ষুদ্রতম কোন সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল
(a) 30 (b) 40 (c) 50 (d) 10
70. একটি হোটেলে 60% লোক নিরামিষ খায়, 30% আমিষ খায় এবং 15% উভয় খাবার খায়। 96 জন লোক ওই হোটেলে থাকলে কত জন উভয় খাবার খায় না?
(a) 20 (b) 24 (c) 26 (d) 28
71. একটি চৌবাচ্চা A নল দিয়ে 20 মিনিটে পূর্ণ হয় এবং অপর নল দিয়ে 30 মিনিটে খালি হয়। দু'টি নল একসঙ্গে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ হয়?
(a) 90 মিনিটে (b) 60 মিনিটে (c) 30 মিনিটে (d) 20 মিনিটে
72. যদি একটি নল দ্বারা কোনও চৌবাচ্চার $\frac{3}{5}$ অংশ পূর্ণ করতে 21 মিনিট সময় লাগে, তবে 15 মিনিটে চৌবাচ্চার কত অংশ পূর্ণ হবে?
(a) $\frac{2}{7}$ অংশ (b) $\frac{5}{7}$ অংশ (c) $\frac{3}{7}$ অংশ (d) $\frac{7}{3}$ অংশ
73. একটি ট্রেন $1\frac{1}{2}$ ঘণ্টায় 66 কিমি পথ অতিক্রম করে। ট্রেনটির মিনিটে গতিবেগ কত?
(a) $733\frac{1}{3}$ মিটার (b) $703\frac{1}{3}$ মিটার (c) $710\frac{1}{3}$ মিটার (d) $337\frac{1}{3}$ মিটার
74. একটি নৌকা স্রোতের অনুকূলে নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে 10 ঘণ্টায় এবং প্রতিকূলে ফিরে আসে 20 ঘণ্টায়। স্থির জলে নৌকার গতি ঘণ্টায় 9 কিমি হলে, যাত্রাপথের দূরত্ব কত?
(a) 60 কিমি (b) 90 কিমি (c) 120 কিমি (d) 240 কিমি
75. একটি ব্যবসায় রাম, যদু ও আলি তিনজন অংশীদার যথাক্রমে 800 টাকা, 600 টাকা এবং 1000 টাকা বিনিয়োগ করে। মোট লাভ 480 টাকা হলে, যদুর অংশ কত?
(a) 200 টাকা (b) 160 টাকা (c) 120 টাকা (d) 140 টাকা
76. যদি কোনও ভাষায় কালিকে বলা হয় বাতাস, বাতাসকে বলা হয় মালভূমি, মালভূমিকে বলা হয় কুয়ো, কুয়োকে বলা হয় দ্বীপ, দ্বীপকে বলা হয় আকাশ, তাহলে ওই ভাষায় মহিলারা কোথা থেকে জল তোলে?
(a) কুয়ো (b) দ্বীপ (c) বাতাস (d) আকাশ
77. যদি CAT = 356, COW = 398, DOG = 490 এবং RAT = 256 হয়, তাহলে FOX = ?
(a) 701 (b) 107 (c) 791 (d) 193
78. তাজমহল : আগ্রা : : রাশমঞ্চ : ?
(a) বিষ্ণুপুর (b) বৃন্দাবন (c) মথুরা (d) গয়া
79. নীচের শব্দগুলির মধ্যে কোন দু'টি পরস্পর সদৃশ?
শিক্ষক, পুস্তক, কলম, পেনসিল
(a) কলম, পেনসিল (b) কলম, পুস্তক (c) শিক্ষক, পুস্তক (d) শিক্ষক, পেনসিল
80. A, B, C, D, E, F এই 6 জন ব্যক্তির মধ্যে 3টি বিবাহিত দম্পতি রয়েছেন যাদের মধ্যে A, C, E হলেন স্বামী। B, C, D হলেন পরস্পর সম্পর্কে ভাই-বোন, B, A-এর স্ত্রী নয়। তাহলে B-এর স্বামী হবে:
(a) C (b) A (c) E (d) F
81. নীচের ছবি চারটির মধ্যে কোনটি অন্যদের চেয়ে আলাদা?



(a) (b) (c) (d)

82. যদি L = +, M = −, N = ×, P = ÷ তবে 14N10L42P2M8 = ?
(a) 153 (b) 216 (c) 248 (d) 251
83. একটি বিদ্যালয়ে শারীরবিদ্যার ক্লাসে নীচের সাংকেতিক ভাষা ব্যবহৃত হয়:
1. হাঁটা শুরু করো 2. দাঁড়িয়ে থাকো 3. দৌড়ানো শুরু করো 4. বসে পড়ো
নীচের ক্রমিকটি সঠিকভাবে মানলে কতজন ছাত্রকে নির্ভুলভাবে শুরু থেকে শেষ পর্যন্ত কতবার বসতে হবে?
1 2 3 4 2 3 1 4 4 3 2 2 1 2 4 3 1 4 4 1 2
(a) 4 বার (b) 5 বার (c) 6 বার (d) 3 বার
84. সংখ্যা লেখা একটি কাগজকে নীচের চিত্রের ন্যায় ভাঁজ করে একটি ঘনক তৈরি করা হলে 5 বার এর বিপরীত সংখ্যাটি কত?

এরপর তেরোর পাতায়

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

(a) খুম্বা (b) তারাপুর (c) পোখরান (d) পুনে
35. 'সত্যমেব জয়তে' কোন গ্রন্থ থেকে গৃহীত?
(a) মুণ্ডক উপনিষদ (b) মহাভারত (c) অর্থশাস্ত্র (d) সামবেদ
36. 'নীলদর্পণ' কে রচনা করেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (c) মাইকেল মধুসূদন দত্ত (d) দীনবন্ধু মিত্র
37. ভিক্টোরিয়া জলপ্রপাত কোন দেশে অবস্থিত?
(a) জিম্বাবোয়ে (b) দক্ষিণ আফ্রিকা (c) কেনিয়া (d) উগান্ডা
38. 'লাস্ট সাপার' কে এঁকেছেন?
(a) ভিনসেন্ট ভ্যান গঘ (b) পাবলো পিকাসো (c) লিওনার্দো দা ভিঞ্চি (d) রেম ব্রান্ট
39. গর্বা নাচ ভারতের কোন রাজ্যে প্রচলিত?
(a) রাজস্থান (b) গুজরাট (c) মহারাষ্ট্র (d) কর্নাটক
40. কোন শহরে দীর্ঘতম রেল স্টেশন অবস্থিত?
(a) কলকাতা (b) খড়্গপুর (c) চেন্নাই (d) লখনউ
41. 'মেহগনি' কোন শ্রেণির বৃক্ষ?
(a) চিরহরিৎ (b) জেমস লোভেল (c) গুল্ম (d) ম্যানগ্রোভ
42. কাঁকড়াবিছের শ্বাসযন্ত্রের নাম কী?
(a) গিল (b) ট্রাকিয়া (c) ফুসফুস (d) বুকল্যাঙ
43. কলকাতা দূরদর্শনের প্রথম সম্প্রচার 1975 সালের কত তারিখ হয়?
(a) 1 অগস্ট (b) 5 অগস্ট (c) 9 অগস্ট (d) 14 অগস্ট
44. সরোজিনী নাইডুর বিয়ের আগে কী নাম ছিল?
(a) সরোজিনী মুখোপাধ্যায় (b) সরোজিনী নেহরু (c) সরোজিনী বসু (d) সরোজিনী চট্টোপাধ্যায়
45. 'তিরিচমির' পর্বত কোন দেশে অবস্থিত?
(a) পাকিস্তান (b) চিন (c) ভারত-তিব্বত (d) নেপাল
46. 'কোষ বিষয়ক চর্চা'কে কী বলা হয়?
(a) সাইটোকেমিস্ট্রি (b) সাইটোজেনেটিক্স (c) সাইটোলজি (d) ইকনমিক্স
47. আলো পরিমাপের একক কী?
(a) পাস্কাল (b) ওহম (c) লাক্স (d) লুমেন
48. লাফিং গ্যাস কী?
(a) ফেরিক অক্সাইড (b) কার্বন ডাইঅক্সাইড (c) ফেরোসোফেরিক অক্সাইড (d) নাইট্রিক অক্সাইড
49. কোনটি উত্তর ভারতের নদী?
(a) তাপ্তি (b) গোদাবরী (c) মহানদী (d) গঙ্গা
50. ঔরঙ্গজেব কোন শিখ গুরুকে মৃত্যুদণ্ড দেন?
(a) গুরু গোবিন্দ সিং (b) গুরু অর্জুন সিং (c) গুরু নানক (d) গুরু তেগ বাহাদুর
51. 561-এর মৌলিক উৎপাদকগুলির যোগফল:
(a) 31 (b) 12 (c) 40 (d) 41
52. দু'টি সংখ্যার গুণফল 1575 এবং যোগফল 7। সংখ্যা দু'টি:
(a) 205 ও 15 (b) 15 ও 105 (c) 255 ও 15 (d) 25 ও 135
53. একটি হোস্টেলে আগে 50 জন আবাসিক ছিল। 10 জন নতুন আবাসিক এলে মাসিক মোট খরচ 600 টাকা বেড়ে যায় কিন্তু মাথাপিছু খরচ গড়ে 30 টাকা কমে যায়। আগে মাসিক মোট খরচ ছিল:
(a) 11000 টাকা (b) 12000 টাকা (c) 13000 টাকা (d) 1400 টাকা
54. A ও B-এর দৈনিক গড় বেতন 47 টাকা। B ও C-এর 50 টাকা ও C ও A-এর 38 টাকা হলে, A-এর দৈনিক বেতন হল:
(a) 50 টাকা (b) 35 টাকা (c) 40 টাকা (d) 48 টাকা
55. দু'টি সংখ্যার অনুপাত 5 : 7 এবং তাদের পার্থক্য 60 হলে, সংখ্যা দু'টি:
(a) 150, 210 (b) 500, 700 (c) 50, 110 (d) 55, 115
56. 21 টাকা কিলোগ্রাম দরের কফির সঙ্গে 28 টাকা কিলোগ্রাম দরের কফি কী অনুপাতে মিশ্রিত করে 63 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করলে, $\frac{1}{6}$ অংশ লাভ হয়?
(a) 4 : 3 (b) 4 : 5 (c) 5 : 4 (d) 3 : 4
57. A বছরের শুরুতে 18000 টাকা নিয়ে ব্যবসা শুরু করার কয়েক মাস পরে B, 24000 টাকা নিয়ে ওই ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে দু'জনে সমান লভ্যাংশ পায়। B কত মাস পরে ব্যবসায় যোগ দিয়েছিল?
(a) 3 মাস (b) 9 মাস (c) 6 মাস (d) 7 মাস
58. B বছরের শুরুতে 7,000 টাকা নিয়ে ব্যবসা শুরু করার কয়েক মাস পরে A 12,000 টাকা নিয়ে ওই ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে দু'জনে সমান লভ্যাংশ পায়। A কত মাস পরে ব্যবসায় যোগ দিয়েছিল?
(a) 5 মাস (b) 7 মাস (c) 3 মাস (d) 8 মাস
59. 16.60 টাকা কিলোগ্রাম দরের চিনির সঙ্গে 16.45 টাকা কিলোগ্রাম দরের চিনি কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র চিনির দাম হবে 16.54 টাকা কিলোগ্রাম?
(a) 2 : 1 (b) 2 : 3 (c) 3 : 2 (d) 4 : 1
60. বার্ষিক পরীক্ষায় একটি শ্রেণির 80% ছাত্রছাত্রী ইংরেজিতে পাশ করে, 85% ছাত্রছাত্রী গণিতে পাশ করে এবং 75% ছাত্রছাত্রী উভয় বিষয়ে পাশ করে। যদি মোট 40 জন ছাত্রছাত্রী উভয় বিষয়ে ফেল করে থাকে, তাহলে ওই শ্রেণিতে মোট ছাত্রছাত্রীর সংখ্যা:
(a) 500 (b) 450 (c) 400 (d) 420
61. 512-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 511 (b) 31 (c) 17 (d) 28
62. A ও B-এর দৈনিক গড় বেতন 47 টাকা। B ও C-এর 50 টাকা ও C ও A-এর 38 টাকা হলে, A-এর দৈনিক বেতন হল:
(a) 50 টাকা (b) 35 টাকা (c) 40 টাকা (d) 48 টাকা

এরপর বারোর পাতায়

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad





# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

63. দু-অঙ্কের বৃহত্তম মৌলিক সংখ্যা:
(a) 89 (b) 97 (c) 99 (d) 87

64. 0.00000001-এর বর্গমূলের বর্গমূল:
(a) 0.01 (b) 0.001 (c) 0.0001 (d) 0.00001

65. 70031 থেকে কোন ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল 9 দ্বারা বিভাজ্য হবে?
(a) 5 (b) 4 (c) 3 (d) 2

66. 1 কিলোগ্রাম চা ও 1 কিলোগ্রাম চিনির ক্রয়মূল্য 95 টাকা। যদি চায়ের মূল্য 10% হ্রাস ও চিনির মূল্য 20% বৃদ্ধি পায়, তাহলে পরিবর্তিত মূল্য হয় 90 টাকা। পূর্বে প্রতি কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য ছিল:
(a) 60 টাকা (b) 72 টাকা (c) 80 টাকা (d) 84 টাকা

67. একটি শহরে 32980 জন পুরুষ এবং 16490 জন মহিলা বাস করে। পুরুষদের 75% এবং মহিলাদের 50% শিক্ষিত। ওই শহরে গড় শিক্ষিতের হার:
(a) $62\frac{1}{2}$ % (b) $66\frac{2}{3}$ % (c) $68\frac{1}{3}$ % (d) 70%

68. এক অসৎ ব্যবসায়ী দাঁড়িপাল্লায় কারচুপি করে 1 কিলোগ্রামের পরিবর্তে 950 গ্রাম মাল দেয়। ওই ব্যবসায়ীর শতকরা লাভের হার:
(a) 5% (b) $4\frac{1}{6}$ % (c) $5\frac{5}{19}$ % (d) $6\frac{1}{4}$ %

69. বছরের শুরুতে একটি গ্রামের মোট জনসংখ্যা ছিল 2000। সারা বছরে পুরুষের সংখ্যা বৃদ্ধি পায় 10% কিন্তু স্ত্রীলোকের সংখ্যা হ্রাস পায় 6%। বছরের শেষে দেখা যায় মোট জনসংখ্যার কোনও পরিবর্তন হয়নি। বছরের শুরুতে ওই গ্রামে মোট কতজন পুরুষ ছিল?
(a) 600 (b) 720 (c) 750 (d) 1250

70. কোনও পরীক্ষায় একজন ছাত্র 30% নম্বর পেয়ে 30 নম্বরের জন্য ফেল করে এবং অপর একজন ছাত্র 45% নম্বর পেয়ে পাশ নম্বর অপেক্ষা 15 নম্বর বেশি পায়। পাশ করতে শতকরা কত নম্বর পেতে হয়?
(a) 34 (b) 40 (c) 36 (d) 42

71. স্রোতের অনুকূলে একটি নৌকা 5 ঘণ্টায় 60 কিলোমিটার যায়। স্থির জলে নৌকাটির গতিবেগ 8 কিলোমিটার হলে, নদীর স্রোতের গতিবেগ কত?
(a) 12 কিলোমিটার (b) 4 কিলোমিটার (c) 16 কিলোমিটার (d) কোনওটিই নয়

72. কোনও এক জায়গায় জুলাই মাসে পর পর পাঁচদিনের গড় বৃষ্টিপাতের পরিমাণ 3.5 সেন্টিমিটার। দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম দিনে যথাক্রমে 3 সেন্টিমিটার, 3.8 সেন্টিমিটার, 4.8 সেন্টিমিটার এবং 2.5 সেন্টিমিটার বৃষ্টিপাত হয়। তাহলে প্রথম দিনে কত বৃষ্টিপাত হয়েছিল?
(a) 7 সেন্টিমিটার (b) 3.4 সেন্টিমিটার (c) 11.5 সেন্টিমিটার (d) কোনওটিই নয়

73. 1.2-এর সঙ্গে কত যোগ করলে যোগফলের বর্গমূল 1.2 হবে?
(a) .2 (b) 1.2 (c) 2.4 (d) .24

74. 2866-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে, যোগফল 13 দ্বারা বিভাজ্য হবে?
(a) 6 (b) 5 (c) 7 (d) 4

75. পরপর তিনটি সংখ্যার যোগফল কত দ্বারা বিভাজ্য?
(a) 2 (b) 3 (c) 4 (d) 6

76. পাঁচ অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 7, 11 ও 13 দ্বারা বিভাজ্য?
(a) 98098 (b) 96096 (c) 97097 (d) 99099

77. একটি নল দ্বারা একটি চৌবাচ্চা 1 ঘণ্টায় ভর্তি হয় এবং একটি কল খুলে চৌবাচ্চাটিকে আধঘণ্টায় খালি করা যায়। চৌবাচ্চাটি যখন সম্পূর্ণ ভর্তি থাকে তখন নলটি ও কলটি যদি একই সঙ্গে কাজ শুরু করে তাহলে কতক্ষণে চৌবাচ্চাটি খালি হয়ে যাবে?
(a) আধঘণ্টা (b) একঘণ্টা (c) দেড় ঘণ্টা (d) কোনটিই নয়

78. একটি সিন্দুকে মোট 384টি মুদ্রা আছে। যদি এক টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 2 : 3 : 7 হয়, তবে সিন্দুকের মুদ্রাগুলির মোট মূল্য:
(a) 170 টাকা (b) 168 টাকা (c) 186 টাকা (d) 180 টাকা

79. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% বাড়ানো হল ও প্রস্থ 20% কমানো হল। ক্ষেত্রফল:
(a) 4% বাড়ল (b) কোনও পরিবর্তন হয়নি (c) $3\frac{1}{3}$ % (d) 4% কমল

80. রেলের ভাড়া 50% বাড়ল। বর্ধিত ভাড়া কত কমালে আগের ভাড়ার সমান হবে?
(a) $44\frac{1}{4}$ % (b) $33\frac{1}{3}$ % (c) $66\frac{2}{3}$ % (d) 50%

81. কোনটি অন্যান্যগুলির থেকে আলাদা?
(a) স্কুটার (b) হেলিকপ্টার (c) সাইকেল (d) এরোপ্লেন

82. নীচের জোড়াগুলির মধ্যে কোনটি বেমানান?
(a) জল : পিপাসা (b) মেধা : শিক্ষা (c) খাদ্য: ক্ষুধার্ত (d) বায়ু: শ্বাসকষ্ট

83. লুপ্তাক্ষরটি নির্ণয় করুন।
A, C, F, J, ?
(a) K (b) O (c) M (d) N

84. ভুল সংখ্যাটি নির্ণয় করুন।
3, 10, 19, 30, 42, 58, 75
(a) 10 (b) 30 (c) 42 (d) 58

85. জিজ্ঞাসা চিহ্ন স্থানে সঠিক সংখ্যাটি বসান।
2, 5, 10, 17, ?
(a) 20 (b) 26 (c) 25 (d) 36

86. একজন পুরুষকে দেখিয়ে একজন স্ত্রীলোক বললেন, 'তিনি আমার মায়ের একমাত্র পুত্র' তবে পুরুষের সঙ্গে স্ত্রীলোকটির সম্পর্ক কী?
(a) পিসি (b) বোন (c) কাকি (d) মাসি

87. একটি বাগিচায় 10টি গাছ লাগানো হয়েছে প্রতিটি গাছের দূরত্ব 4 মিটার, তবে দুই প্রান্তের দু'টি গাছের মধ্যে দূরত্ব কত?
(a) 40 মিটার (b) 44 মিটার (c) 20 মিটার (d) 36 মিটার

88. কোনও ঘড়ির উভয় কাঁটা সারাদিনে কতবার সমকোণ তৈরি করে?
(a) 40 বার (b) 44 বার (c) 30 বার (d) 48 বার

89. সঠিক উত্তরটি লিখুন।
ভোটের দ্বারা জনপ্রতিনিধি নির্বাচিত হয়:
1. সব ভোটার ভোট দেয় 2. ভোট দেওয়া নাগরিকের কর্তব্য 3. ভোট জনগণের মৌলিক অধিকার
(a) 1 ও 2 সত্য (b) 2 ও 3 সত্য (c) 1 ও 3 সত্য (d) সবগুলিই সত্য

90. যদি A, B-এর ভাই; B, C-এর বোন হয়; এবং C, D-এর বাবা হয়, তবে D ও A-এর সঙ্গে সম্পর্ক কী?
(a) ভাই (b) বোন (c) ভাগনি (d) ভাইপো

91. রহিম Class-এ 40 জনের মধ্যে 19তম, তবে শেষের দিক থেকে গণনা করলে রহিমের র‍্যাঙ্ক কত হবে?
(a) 22 (b) 20 (c) 19 (d) 21

92. যদি 2001 সালের প্রথম দিনটি সোমবার হয় তবে বছরের শেষ দিনটি কী বার হবে?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) রবিবার (d) শনিবার

93. 2003 সালে 3 ডিসেম্বর একজন কর্মচারী কাজে যোগ দিল। 31 মার্চ 2004 সালে তাকে ছাঁটাই করা হল, সে কতদিনের বেতন পাবে?
(a) 118 (b) 119 (c) 120 (d) 117

94. নীচের শব্দগুলো পরস্পরের সম্পর্কযুক্ত, এইগুলিকে ক্রমানুযায়ী সাজান:
(i) কাগজ (ii) লেখক (iii) মলাট (iv) বই
(a) i, ii, iv, iii (b) iv, iii, i, ii (c) ii, i, iii, iv (d) i, ii, iii, iv

95. বেমানান অক্ষরটি খুঁজে বের করুন।
A D I M Q
(a) D (b) A (c) M (d) I

96. নীচের কোনটি বেমানান?
(a) বাংলাদেশ : ঢাকা (b) ভারত : দিল্লি (c) পাকিস্তান : লাহোর (d) জাপান : টোকিও

97. কোনওটি অন্যগুলোর থেকে আলাদা?
(a) বাদুড় (b) ইগল (c) চিল (d) ময়ূর

98. একটি ট্রেনের দৈর্ঘ্য x মিটার, একটি প্ল্যাটফর্মের দৈর্ঘ্য y মিটার। ট্রেনটিকে ওই প্ল্যাটফর্ম অতিক্রম করতে কতদূর যেতে হবে?
(a) x মিটার (b) y মিটার (c) x + y মিটার (d) x – y মিটার

99. 5, 8, 12, 17, 23 – ? 38, কী বসবে?
(a) 20 (b) 29 (c) 30 (d) 33

100. কোনটি ভিন্ন গোত্রের?
(a) বাবর (b) আকবর (c) হুমায়ুন (d) সমুদ্রগুপ্ত

### উত্তর

1(d), 2(a), 3(a), 4(b), 5(d), 6(b), 7(c), 8(b), 9(a), 10(c), 11(a), 12(a), 13(d), 14(b), 15(b), 16(d), 17(b), 18(a), 19(a), 20(b), 21(d), 22(b), 23(c), 24(b), 25(a), 26(d), 27(c), 28(b), 29(b), 30(a), 31(c), 32(c), 33(a), 34(a), 35(a), 36(d), 37(b), 38(c), 39(b), 40(b), 41(a), 42(d), 43(c), 44(d), 45(a), 46(c), 47(c), 48(d), 49(d), 50(d), 51(a), 52(b), 53(b), 54(b), 55(a), 56(d), 57(a), 58(a), 59(c), 60(c), 61(c), 62(b), 63(b), 64(a), 65(d), 66(c), 67(b), 68(c), 69(c), 70(b), 71(b), 72(b), 73(d), 74(c), 75(b), 76(d), 77(b), 78(b), 79(d), 80(b), 81(c), 82(b), 83(b), 84(c), 85(b), 86(b), 87(d), 88(b), 89(b), 90(d), 91(a), 92(a), 93(b), 94(c), 95(d), 96(c), 97(a), 98(c), 99(c), 100(d).

### সমাধান

51(a): $561 = 11 \times 3 \times 17$
∴ মৌলিক উৎপাদকগুলির সমষ্টি $= 11 + 3 + 17 = 31$
*Tip:* 561-এর ধারের দু'টি অঙ্কের সমষ্টি (5 + 1) মাঝের অঙ্কের (6) সমান। অর্থাৎ সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য।

52(b): বড় সংখ্যা $= \sqrt{1575} \times 7 = \sqrt{225} \times 7 \times 7 = 105$ এবং ছোট সংখ্যা $= \sqrt{1575} \div 7 = \sqrt{225} = 15$ অথবা, $105 \div 7 = 15$.

53(b): ধরি গড়ে মাথাপিছু মাসিক খরচ = x টাকা
∴ $60(x - 30) = 50x + 600$ বা, $60x - 1800 = 50x + 600$
বা, $10x = 2400$ বা, $x = 240$
∴ প্রথমে মোট খরচ ছিল $= 240 \times 50 = 12000$ টাকা।

54(b): A ও B-এর মোট মজুরি = 47 টাকা × 2 = 94 টাকা
B ও C-এর মোট মজুরি = 50 টাকা × 2 = 100 টাকা
C ও D-এর মোট মজুরি = 38 টাকা × 2 = 76 টাকা
যোগ করে 2(A + B + C)-এর মোট মজুরি = 270 টাকা
∴ (A + B + C)-এর মোট মজুরি = 270 ÷ 2 = 135 টাকা
∴ A-এর মজুরি = 135 – 100 = 35 টাকা।

55(a): *Tip* সংখ্যা = গ.সা.গু. × অনুপাত
নির্ণেয় সংখ্যাজোড়া $= 60 \times \frac{5}{(7-5)} = 150$ এবং $60 \times \frac{7}{(7-5)} = 210$.

56(d): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার কফির অনুপাত $= (28 - 25) : (25 - 21) = 3 : 4$.

57(a): A ও B-এর বিনিয়োগের সময়ের অনুপাত = 24000 : 18000 = 12 : 9
A-র 12 মাস খাটলে B-র খাটবে = 9 মাস
B (12 – 9) = 3 মাস পরে যোগ দেবে।

58(a): A ও B-এর বিনিয়োগের সময়ের অনুপাত = 7,000 ; 12,000 = 7 : 12
B-র 12 মাস খাটলে A-র খাটবে = 7 মাস
A ব্যবসায় যোগ দেবে = (12 – 7) = 5 মাস পরে।

59(c): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার চিনির অনুপাত $= (16.54 - 16.45) : (16.60 - 16.54) = 0.09 : 0.06 = 3 : 2$.

60(c): উভয় বিষয়ে ফেল করে $= \{100 - (80 + 85 - 75)\}\%$
$= (100 - 90)\% = 10\%$, 10% = 40 জন, 100% = 400 জন।

61(c): 512-এর পরে প্রথম পূর্ণবর্গ সংখ্যা $= (23)^2 = 529$
∴ নির্ণেয় সংখ্যা $= 529 - 512 = 17$.

62(b): A ও B-এর মোট মজুরি = 47 টাকা × 2 = 94 টাকা
B ও C-এর মোট মজুরি = 50 টাকা × 2 = 100 টাকা
C ও D-এর মোট মজুরি = 38 টাকা × 2 = 76 টাকা
(যোগ করে) 2(A + B + C)-এর মোট মজুরি = 270 টাকা
∴ (A + B + C)-এর মজুরি = 270 ÷ 2) = 135 টাকা
∴ A-এর মজুরি = 135 – 100 = 35 টাকা।

64(a): $\sqrt{(0.00000001)^{1/2}} = \sqrt{.0001} = 0.01$

65(d): *Tip* কোনও সংখ্যার অঙ্কসমষ্টি 9 দ্বারা বিভাজ্য হলে, সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য হবে।
70031 – 2 = 70029-এর 7 + 2 + 9 = 18, 9 দ্বারা বিভাজ্য।

66(c): 95 টাকার 10% মূল্য হ্রাস করলে হয় $= 95 \times \frac{90}{100} = 85.50$ টাকা
এবং 20% মূল্য বৃদ্ধি করলে হয় $= 95 \times \frac{120}{100} = 114$ টাকা
চা ও চিনির ক্রয়মূল্যের অনুপাত $(114 - 90) : (90 - 85.50) = 24 : 4.50 = 16 : 3$
প্রতি কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য $= 95 \times \frac{6}{19} = 80$ টাকা।

67(b): পুরুষ ও স্ত্রীলোকের সংখ্যার অনুপাত = 32980 : 16490 = 2 : 1
গড় শিক্ষিতের হার $= \frac{(2 \times 75) + (1 \times 50)}{(2+1)} = 66\frac{2}{3}\%$.

68(c): নির্ণেয় লাভের হার $= \left(\frac{100 - 950}{950}\right) \times 100 = 5\frac{5}{19}\%$.

69(c): পুরুষের 10% স্ত্রীলোকের 6%
অর্থাৎ, পুরুষ ও স্ত্রীলোকের সংখ্যার অনুপাত = 6 : 10 = 3 : 5
গ্রামে পুরুষের সংখ্যা $= 2000 \times \frac{3}{8} = 750$ জন।

70(b): (30 + 15) নম্বর = (45 – 30)% বা, 45 নম্বর = 15%
তাহলে, 30 নম্বর $= \frac{15}{45} \times 30 = 10\%$
নির্ণেয় পাশ% = (30 + 10)% = 40%.

71(b): [5 ঘণ্টায় যায় = 60 কিলোমিটার
1 ঘণ্টায় যায় $\frac{60}{5}$ বা, 12 কিলোমিটার
∴ নদীর স্রোতের গতিবেগ (12 – 8) বা 4 কিলোমিটার।

72(b): 5 দিনের বৃষ্টিপাতের গড় = 3.5 সেমি
∴ 5 দিনের মোট বৃষ্টিপাতের পরিমাণ 3.5 × 5 সেমি = 17.5 সেমি
4 দিনের বৃষ্টিপাতের পরিমাণ = (3 + 3.8 + 4.8 + 2.5) = 14.1 সেমি
∴ প্রথম দিনের বৃষ্টিপাতের পরিমাণ = 17.5 – 14.1 সেমি = 3.4 সেমি।

73(d): যোগফল বর্গমূল 1.2
∴ যোগফল হবে $= (1.2)^2 = 1.44$ ∴ নির্ণেয় সংখ্যা 1.44 – 1.2 = .24.

74(c): 2866 = (13 × 220) + 6
2866-এর সঙ্গে 7 যোগ করলে যোগফল 13 দ্বারা বিভাজ্য হবে।

75(b): পরপর তিনটি সংখ্যার যোগফল 3 দ্বারা এবং গুণফল 6 দ্বারা বিভাজ্য।

76(d): 7, 11 ও 13-এর ল.সা.গু. = 7 × 11 × 13 = 1001
নির্ণেয় বৃহত্তম সংখ্যাটি = 99 × 1001 = 99099.

77(b): 30 মিনিটে খালি হয় 1 অংশ
∴ 1 মিনিটে খালি হয় $\frac{1}{30}$ অংশ
আবার, 60 মিনিটে ভর্তি হয় 1 অংশ
∴ 1 মিনিটে ভর্তি হয় $\frac{1}{60}$ অংশ
একসঙ্গে কাজ করলে 1 মিনিটে খালি হয় $\left(\frac{1}{30} + \frac{1}{60}\right)$
বা, $\frac{2-1}{60} = \frac{1}{60}$ অংশ
∴ সম্পূর্ণ খালি হয় 1 × 60 মিনিটে বা 1 ঘণ্টায়।

78(b): (2 + 3 + 7) বা, 12টি মুদ্রার মূল্য = (2 × 1) + (3 × 0.50) + (7 × 0.25) = 5.25 টাকা
384টি মুদ্রার মূল্য $= \left(5.25 \times \frac{384}{12}\right) = 5.25 \times 32 = 168$ টাকা।

79(d): ধরি দৈর্ঘ্য 20 মিটার, প্রস্থ 5 মিটার
∴ ক্ষেত্রফল = 100 বর্গমিটার, দৈর্ঘ্য বেড়ে হল 24 মিটার, প্রস্থ কমে হল 4 মিটার
∴ ক্ষেত্রফল = 96 বর্গমিটার
∴ কমল 4 বর্গমিটার অর্থাৎ 4%.

80(b): ধরি ভাড়া 100 টাকা
∴ ভাড়া বেড়ে হল 150 টাকা
∴ 150 টাকায় কমাতে হয় 50 টাকা
∴ 100 টাকায় কমাতে হয় $= \frac{50 \times 100}{150} = \frac{100}{3}$ টাকা $= 33\frac{1}{3}$ টাকা
অর্থাৎ $33\frac{1}{3}\%$.

81(c): অন্যগুলি যন্ত্রচালিত।

82(b): অন্যসবগুলিতে প্রথমটির অভাবে দ্বিতীয়টি ঘটে। কিন্তু এই মেধার অভাবে শিক্ষা ঘটে না।

83(b): $A \xrightarrow{+2} C \xrightarrow{+3} F \xrightarrow{+4} J \xrightarrow{+5} \boxed{O}$

*এরপর তেরোর পাতায়*

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

এগারোর পাতার পর



(a) 2 (b) 3 (c) 4 (d) 6

85. কোনটি বিজাতীয় বলুন:

(a) (1, 4, 9) (b) (16, 25, 36) (c) (49, 64, 71) (d) (100, 121, 144)

86. $A \times B \times C = 6, D \times E \times F = 120, H \times I \times ? = 360$

(a) G (b) D (c) E (d) F

87. একটি বালিকার দিকে তাকিয়ে স্ত্রীলোকটি বলল, 'তার মা আমার মায়ের কন্যা ছিলেন', স্ত্রীলোকটি বালিকার কে হন?

(a) মা (b) মাসিমা (c) ননদিনি (d) কোনওটিই নয়

88. রাম সুনীতার চেয়ে ছোট কিন্তু রীতার চেয়ে বড়, রীতা গীতার চেয়ে বড় এবং শ্যাম রীতার চেয়ে বড় কিন্তু রাধার চেয়ে ছোট, তবে সবচাইতে ছোট কে?

(a) রাধা (b) গীতা (c) সুনীতা (d) কেউই না

89. কোন জোড়টি ভুল?

(a) টেনিস : ট্রেক (b) ব্যাডমিন্টন : ক্লাব (c) হকি : শর্ট কর্নার (d) ক্রিকেট : প্যাড

90. নীচের রেখচিত্রটি দেখে চাকরিরত কিন্তু অশিক্ষিত যুবকদের বোঝানোর জন্য কোন স্থানটি নির্দিষ্ট করা হয়েছে চিহ্নিত করুন।




(a) 4, 5, 6 (b) শুধুমাত্র 4 (c) 1, 4, 7 (d) 4, 7

91. কোনও এক লাইনে মোট 39 জন ছাত্র আছে। কৌশিক ডানদিক থেকে 17তম হলে বাঁদিক থেকে কততম স্থানে আছে?

(a) 22 তম (b) 24তম (c) 25তম (d) 23তম

92. যদি গুয়াহাটি = পানাজি, পানাজি = আগরতলা, আগরতলা = রাঁচি, রাঁচি = কলকাতা, কলকাতা = পাটনা হয়, তবে ঝাড়খণ্ডের রাজধানী কোনটি?

(a) রাঁচি (b) পাটনা (c) পানাজি (d) কলকাতা

93. A + B মানে A হয় B-এর মা, A ÷ B মানে A হয় B-এর ভাই, A × B মানে A হয় B-এর ছেলে এবং A − B মানে A হয় B-এর বোন, তবে নীচের কোনটির অর্থ C হয় D-এর বোন?

(a) D − C (b) D × P − C (c) C − P ÷ D (d) P + D + C

94. নীচের চিত্রে কোনটি কবি, ঔপন্যাসিক এবং সাহিত্যিককে প্রকাশ করে?




95. নীচের (?) স্থানের সঠিক সংখ্যাটি কী?

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 4 | 20 | 5 | | 23 | 161 | 7 | | ? | 333 | 9 |

(a) 17 (b) 29 (c) 37 (d) 41

96. সচিন অশোকের 40 মিটার দক্ষিণ-পশ্চিমে, সুমন অশোকের 40 মিটার দক্ষিণ-পূর্বে, সুমন সচিনের কোনদিকে?

(a) পশ্চিমে (b) উত্তরে (c) পূর্বে (d) দক্ষিণ-পশ্চিমে

97. ইংরেজি বর্ণমালার প্রথম ও 26তম বর্ণটি যুগ্ম, দ্বিতীয় ও 25তম যুগ্ম... এইভাবে নীচের কোন বর্ণদুটি যুগ্ম?

(a) CW (b) GK (c) EV (d) IP

98. 6-এর বিপরীতে কী হবে?




(a) 1 (b) 2 (c) 4 (d) 5

99. শূন্যস্থানে কী বসবে?

aab ____ aa ____ bbb ____ aaa ____ bbba

(a) abba (b) baab (c) aaab (d) abab

100. একটি শ্রেণিতে 10 জন ছাত্র আছে। বছরের শুরুতে একে অপরকে নববর্ষের গ্রিটিংস কার্ড বিতরণ করলে মোট ক'টি কার্ডের প্রয়োজন?

(a) 45 (b) 90 (c) 110 (d) কোনওটিই নয়

### উত্তর

1(a), 2(c), 3(d), 4(c), 5(c), 6(c), 7(d), 8(b), 9(c), 10(d), 11(d), 12(d), 13(d), 14(a), 15(a), 16(b), 17(a), 18(c), 19(c), 20(a), 21(a), 22(d), 23(b), 24(a), 25(c), 26(c), 27(d), 28(b), 29(c), 30(b), 31(a), 32(d), 33(a), 34(c), 35(d), 36(a), 37(d), 38(d), 39(c), 40(b), 41(c), 42(b), 43(c), 44(a), 45(b), 46(a), 47(a), 48(b), 49(b), 50(c), 51(d), 52(d), 53(a), 54(d), 55(a), 56(d), 57(c), 58(b), 59(c), 60(c), 61(b), 62(a), 63(b), 64(a), 65(d), 66(c), 67(b), 68(a), 69(b), 70(b), 71(b), 72(c), 73(a), 74(c), 75(c), 76(b), 77(c), 78(a), 79(a), 80(c), 81(a), 82(a), 83(a), 84(d), 85(c), 86(c), 87(a), 88(b), 89(d), 90(b), 91(d), 92(d), 93(c), 94(b), 95(c), 96(c), 97(c), 98(c), 99(b), 100(b).

### সমাধান

51(d): (1 + 2 + 3) = 7টি মুদ্রার মোট মূল্য = (1 × 1.00 + (2 × 0.50) + (4 × 0.25) = 3 টাকা

মুদ্রাসংখ্যা = $393 \times \frac{7}{3} = 917$.

52(d): স্বামী, স্ত্রী ও সন্তানের বর্তমান মোট বয়স = 3 × 20 বছর

5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর বয়স ছিল = 2 × 23 বছর

স্বামী ও স্ত্রীর বর্তমান মোট বয়স = 2 × 23 + 2 × 5 = 2(23 + 5) বছর

= 2(23 + 5) বছর

সন্তানের বর্তমান বয়স = 3 × 20 − 2(23 + 5) = 4 বছর।

53(a): 12, 18 এবং 27 এর ল.সা.গু. = 108

(12 − 10) = (18 − 16) = (27 − 25) = 2

চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা = 9999

9999-কে 108 দ্বারা 92 বার ভাগ করা যায়

নির্ণেয় সংখ্যা = (108 × 92) − 2 = 9936 − 2 = 9934.

54(d): প্রথম দিন ভ্রমণ করে = $120 \times \frac{5}{6} = 100$ কিমি

তৃতীয় দিন ভ্রমণ করে = $100 \times \frac{5}{4} = 125$ কিমি।

55(a): প্রকৃত লাভ $\left\{(15+20)+\frac{15\times20}{100}\right\}\% = (35 + 3)\% = 38\%$.

56(d): ধরি, C একা কাজটি Z দিনে করে = $\frac{5\times4\times z}{5\times4+5\times z+4\times z} = 2$

বা, 20z = 40 + 18z বা, z = 20 দিন।

57(c): মাঠের বাইরের ব্যাসার্ধ = R এবং ভিতরের ব্যাসার্ধ = r ধরা হলে 2(R − r)

$= 88$ বা, $(R - r) = 88 \times \frac{7}{2\times22} = 14$ মিটার

বৃত্তাকার রাস্তার প্রস্থ, (R − r) = 14 মিটার।

58(b): বহুভুজটির বাহুসংখ্যা n ধরা হলে $\{2(n-2)\times90\}^\circ = 1620^\circ$

বা, (n − 2) × 180 = 1620 বা, (n − 2) = 9 = 11, বহুভুজটির বাহুসংখ্যা = 11.

59(c): 1 থেকে 400 পর্যন্ত মোট সংখ্যা 400টি

সুতরাং, মোট জোড়সংখ্যা 400 ÷ 2 = 200টি

সূত্রানুসারে, নির্ণেয় যোগফল 200(200 + 1) = 40200.

60(c): 125 দ্বারা বিভাজ্যতার নিয়ম হল সংখ্যাটির শেষ তিনটি অঙ্ক 000 হবে বা 125 দিয়ে বিভাজ্য হবে।

প্রদত্ত অঙ্কগুলি দিয়ে গঠিত সংখ্যার শেষ তিনটি অঙ্ক 125 বা 375 হলেই তা 125 দিয়ে বিভাজ্য হবে

সুতরাং নির্ণেয় সংখ্যাগুলি হল: 37125, 37125 এবং 12375, 21375

অর্থাৎ মোট 4টি।

61(b): 7353 সংখ্যাটিতে 3-এর স্থানীয় মানদুটির পার্থক্য 3000 − 3 = 2997.

62(a): 12 × 4 ÷ 3-এর 8 ÷ 2 − 1 = 12 × 4 ÷ 24 ÷ 2 − 1 = 1 = 1 − 1 = 0.

63(b): নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = প্রদত্ত ভগ্নাংশের অনেনাক = $\frac{5}{3}$.

64(a): ধরা যাক, পরপর চারটি বিজোড় সংখ্যা যথাক্রমে, x(x + 2), (x + 4), (x + 6)

সুতরাং, $\frac{x+(x+2)+(x+4)+(x+6)}{4}$ বা, 4x + 12 = 48

বা, 4x = 36 বা, x = 9 সুতরাং, সর্বনিম্ন সংখ্যাটি 9।

65(d): সর্বোচ্চ + সর্বনিম্ন = 10টি পরীক্ষা পত্রের মোট নম্বর : 8টি পরীক্ষা পত্রের মোট নম্বর = (10 × 80) − (8 × 81) = 152

সুতরাং, সর্বনিম্ন নম্বর = 152 − সর্বোচ্চ নম্বর = 152 − 92 = 60.

66(c): ভোটের ব্যবধান = 60% − 40% = 20%

সুতরাং, মোট ভোটের 20% = 5000

সুতরাং, মোট ভোট = $\left(\frac{5000}{20}\times100\right) = 25000$.

67(b): 2 বছরে বৃদ্ধি = 18000 − 12000 = 6000

সুতরাং, 6 বছরে বৃদ্ধি 6000 × 3 = 18000

সুতরাং, 6 বছর পর জনসংখ্যা = 12000 +18000 = 30000.

68(a): মোট 100 জন ছাত্রছাত্রী থাকলে ছাত্র = $100 \times \frac{2}{5} = 40$ জন এবং ছাত্রী 60 জন

সুতরাং, অংশগ্রহণকারী ছাত্রছাত্রী =[40-এর 80% + 60 এর 70%]%0

= [32 + 42]% = 74%.

69(b): $18265 = (135)^2 + 40$, নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 40.

70(b): উভয় খাবার খায় না = [100 − (60 + 30 − 15)]% = 25%

এখন উভয় খাবার খায় না = 96 এর 25% = 24 জন।

71(b): চৌবাচ্চাটি পূর্ণ হয় = $\frac{30\times20}{30-21} = 60$ মিনিটে।

72(c): নির্ণেয় অংশ x হলে, $\frac{15}{x} = \frac{21}{3/5}$ বা, $x = 15 \times \frac{\frac{3}{5}}{21} = \frac{3}{7}$ অংশ।

73(a): ট্রেনের গতি মিনিটে 66000 ÷ 90 = $733\frac{1}{3}$ মিটার।

74(c): স্রোতের গতি ঘণ্টায় x কিমি ধরা হলে, 10(9 + x) = 20(9 − x)

বা, 3x = 9 বা, x = 3 কিমি

যাতায়াতের দূরত্ব = 10 × (9 + 3) = 120 কিমি।

75(c): রাম, বলু ও আলি তিনজনের মূলধনের অনুপাত = 800 : 600 : 1000

= 4 : 3 : 5

480 টাকার মধ্যে বলুর লভ্যাংশ = $\left(480\times\frac{3}{12}\right) = 120$ টাকা।

76(b): সাধারণত, মহিলারা কুয়ো থেকে জল তোলেন। এই বিশেষ ভাষায় কুয়োকে দ্বীপ বলা হয়। অর্থাৎ মহিলারা দ্বীপ থেকে জল তোলেন।

77(c): O-এর কোড 9

FOX-এর কোড হয় 791 অথবা 193

3 যেহেতু C-এর কোড তাই X-এর কোড 3 হতে পারে না

FOX-এর কোড 791।

78(a): তাজমহল আগ্রায় ও রাসমঞ্চ বিষ্ণুপুরে অবস্থিত।

79(a): কলম ও পেনসিল উভয়ই লেখার জন্য ব্যবহৃত হয়।

80(c): পরিবারের 3 জন দম্পতি হলেন $A^{(M)} + D^{(F)}$, $C^{(M)} + F^{(F)}$ এবং $E^{(M)} + B^{(F)}$.

81(a): A-এর চিত্রটি ব্যতীত বাকি সবগুলিই ঘনবস্তু।

82(a): L = +, N = ×, M = −, P = ÷

14 N 10 L 4 2 P 2 M 8 চিহ্ন পরিবর্তনের পর

14 × 10 + 42 ÷ 2 − 8 = 140 + 21 − 8 = 153.

83(a): 1 2 3 4 2 3 1 4 4 3 2 2 1 2

দৌড়ানো বসো হাঁটা বসো দাড়িয়ে থাকা

4 3 1 4 4 1 2

বসো হাঁটা বসো

মোট চারবার বসবে।

84(d): বিপরীতে তৃতীয় ∴ 5-এর বিপরীতে 6 আসবে।

85(c): বাকিগুলি সব বর্গসংখ্যা।

86(c): A × B × C = 6 → 1 × 2 × 3 = 6

D × E × F = 120 → 4 × 5 × 6 = 120

H × I × ? = 360 → 8 × 9 × 5 = 360, 5 = E.

87(a):




স্ত্রীলোকটি বালিকার মাতা।

88(b): সুনীতা > রমা > রীতা, রীতা > গীতা, রাধা > শ্যাম > রীতা।

90(b): অশিক্ষিত, চাকরিরত যুবক → 4.

91(d): (39 − 17 + 1) = 23তম।

92(d): ঝাড়খণ্ডের রাজধানী রাঁচি আর রাঁচি = কলকাতা।

93(c):




94(b):




95(c): 4 × 5 = 20, 23 × 7 = 161, x × 9 = 133, $x = \frac{333}{9} = 37$.

96(c):




সুমন সচিনের পূর্বদিকে আছে।

97(c): E → 5 তম ও V → 22 তম।

98(c): 2-এর বিপরীতে = 5, 3-এর বিপরীতে = 1, 6-এর বিপরীতে = 4.

99(b): aab b /aa a bbb/ a aaa b bb/a ∴ baab.

100(b): কার্ড প্রয়োজন = 10(10 − 1) = 90টি।

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বারোর পাতার পর

84(c): $3 \xrightarrow{+7} 10 \xrightarrow{+9} 19 \xrightarrow{+11} 30 \xrightarrow{+13} \boxed{43} \xrightarrow{+15} 58 \xrightarrow{+17} 75$.

85(b): $1^2 + 1 = 2, 2^2 + 1 = 5, 3^2 + 1 = 10, 4^2 + 1 = 17, 5^2 + 1 = 26$.

86(b) বোন।

87(d): 4 × 10 = 40 − 4 = 36 মিটার।

88(b): 1 ঘণ্টায় সাধারণ নিয়ম অনুযায়ী দু'টি সমকোণ তৈরি হয় কিন্তু দুই সময় (3টা ও 9টা) ঘড়ির কাঁটা সাধারণ ঘড়ির কাঁটা সাধারণ অবস্থানে থাকে তার ফলে 12 ঘণ্টায় (12 × 2) − 2 = 22 বার সমকোণ তৈরি করবে।

সুতরাং, সারাদিনে (24 ঘণ্টায়) 44 বার সমকোণ তৈরি করবে।

89(b): 1 নম্বর প্রশ্ন সত্য নয় সব ভোটার ভোট নাও দিতে পারে।

90(d): ভাইপো।

91(a): (40 − 19) + 1 = 21 + 1 = 22তম।

92(a): সোমবার (52 সপ্তাহ = 364 দিন + 1)।

93(b): 28 + 31 + 29 + 31 = 119.

94(c): (ii) লেখক, (i) কাগজ, (iii) মলাট, (iv) বই

95(d): অক্ষরগুলির মধ্যে I একমাত্র Vowel।

96(c): অন্য সবগুলি দেশ ও রাজধানী।

97(a): বাদুড় একমাত্র স্তন্যপায়ী প্রাণী।

98(c): অতিক্রান্ত দূরত্ব + নিজের দৈর্ঘ্য।

99(c): $5 \xrightarrow{+3} 8 \xrightarrow{+4} 12 \xrightarrow{+5} 17 \xrightarrow{+6} 23 \xrightarrow{+7} 30 \xrightarrow{+8} 38$

100(d): অন্য সকলে মুঘল বংশের রাজা/সম্রাট ছিলেন।

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পলিটেকনিকে ভর্তির পরীক্ষা জেক্সপো-২০১৮

দশের পাতার পর

16. একটি কাজ A ও B একত্রে 6 দিনে এবং A একা 9 দিনে সম্পন্ন করতে পারে। কাজটি সম্পন্ন করার জন্য B-এর একার প্রয়োজনীয় দিনের সংখ্যা:
(a) 12 (b) 14 (c) 16 (d) 18

17. একটি কাজ A একা 10 দিনে করতে পারে। A একই কাজ B-র সাহায্যে 6 দিনে করতে পারে। যদি কাজটির মজুরি 500 টাকা হয় তবে A-এর প্রাপ্য (টাকায়):
(a) 280 (b) 300 (c) 320 (d) 350

18. একটি জলাধার 15 ঘণ্টায় পূর্ণ হয়। কিন্তু নীচে ছিদ্র থাকার জন্য পূর্ণ হতে 20 ঘণ্টা লাগে। পূর্ণ জলাধার কত ঘণ্টায় ছিদ্রের মাধ্যমে পুরো খালি হবে?
(a) 30 (b) 40 (c) 50 (d) 60

19. একটি ট্রেন মোট 10 ঘণ্টায় গন্তব্যে পৌঁছায়। প্রথম অর্ধেক সময়ে গড় বেগ 42 km/h শেষার্ধ 48 km/h হলে মোট অতিক্রান্ত দূরত্ব (km তে):
(a) 450 (b) 452 (c) 448 (d) 456

20. 36 km/h বেগে ছুটন্ত একটি ট্রেনের দৈর্ঘ্য 110 m। 130 m দৈর্ঘ্যের একটি রেলসেতুকে সম্পূর্ণ অতিক্রম করার সময় (সেকেন্ডে):
(a) 20 (b) 22 (c) 24 (d) 26

21. এক ব্যক্তি 3 ঘণ্টায় স্রোতের অনুকূলে 30 km এবং প্রতিকূলে 3 ঘণ্টায় 18 km সাঁতার কাটতে পারেন। স্রোতের বেগ (km/h এককে)
(a) 4 (b) 2 (c) 3 (d) 2.5

22. একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3 : 2 এবং ক্ষেত্রফল 600 $m^2$; দৈর্ঘ্য (m এককে)
(a) 30 (b) 25 (c) 20 (d) 60

23. একটি সুষম বহুভুজের বাহুসংখ্যা 10 হলে প্রতিটি অন্তঃকোণের মান:
(a) 144° (b) 162° (c) 90° (d) 36°

24. ABCD রম্বসের কর্ণদ্বয়ের ছেদবিন্দু O হলে, ∠AOB =
(a) 120° (b) 90° (c) 75° (d) 60°

25. ΔABC-এর AB = AC = 10 cm এবং AD ⊥ BC, AD = 8 cm হলে, BC-র দৈর্ঘ্য (cm -এ)
(a) 18 (b) 16 (c) 6 (d) 12

26. একটি বৃত্তের পরিধি 44 m হলে ক্ষেত্রফল ($m^2$ এককে):
(a) 144 (b) 154 (c) 164 (d) 174

27. ΔABC-এর ∠BAC = 60°, ত্রিভুজের লম্ববিন্দু O হলে ∠BOC-এর মান:
(a) 90° (b) 150° (c) 120° (d) 135°

28. ABC বৃত্তের ∠BAC = 45° হলে বৃত্তটির B ও C বিন্দুতে অঙ্কিত স্পর্শকদ্বয়ের অন্তর্গত কোণের মান:
(a) 90° (b) 150° (c) 120° (d) 135°

29. x ও y-এর অনুপাত 1 : 2 এবং (x + 2) ও (y + 1)-এর অনুপাত 2 : 3 হলে x-এর মান:
(a) 4 (b) 3 (c) 2 (d) 6

30. 10টি সংখ্যার গড় – 10; প্রথম 6টির সমষ্টি 100 হলে, অন্য 4টির গড়:
(a) 100 (b) –50 (c) 0 (d) 50

31. $8^{2x-4} = 16^x$ হলে, x-এর মান:
(a) 3 (b) 4 (c) 5 (d) 6

32. a + b + c = 0 হলে, $\frac{1}{b^2+c^2-a^2}+\frac{1}{c^2+a^2-b^2}+\frac{1}{a^2+b^2-c^2}$-এর মান:
(a) 1 (b) abc (c) – abc (d) 0

33. একটি সুষম ষড়ভুজের অন্তঃকোণ (রেডিয়ানে)
(a) $\frac{3\pi}{4}$ (b) $\frac{2\pi}{3}$ (c) $\frac{5\pi}{6}$ (d) $\frac{4\pi}{5}$

34. সূর্যের উন্নতি কোণ 60° হলে একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য $5\sqrt{3}$ m; খুঁটির উচ্চতা (m এককে)
(a) 5 (b) 10 (c) 15 (d) 45

35. একটি ঘড়ির বড় কাঁটার দৈর্ঘ্য 42 cm। 20 মিনিট সময়ে এটির প্রান্ত যত cm অগ্রসর হবে তার পরিমাপ:
(a) 88 (b) 44 (c) 22 (d) 33

36. কোণের পূরক কোণের cosine -এর মান $\frac{1}{2}$; cotθ =
(a) 1 (b) 0 (c) $\sqrt{3}$ (d) $\frac{1}{\sqrt{3}}$

37. tan 25° tan 35° tan 45° tan 55° tan 65°-এর মান:
(a) 0 (b) 1 (c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

38. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% এবং প্রস্থ 5% বৃদ্ধি করলে, ক্ষেত্রফলের শতকরা বৃদ্ধি:
(a) $12\frac{1}{2}$% (b) 24% (c) 25% (d) 26%

39. একজন অসাধু ব্যবসায়ী 800 g ওজনের বাটখারাকে 1kg বাটখারা হিসেবে ব্যবহার করে ক্রয়মূল্যে জিনিস বিক্রয় করে। তার শতকরা লাভ:
(a) 15% (b) 20% (c) 25% (d) 30%

40. একজন চাল বিক্রেতা 50 kg চালের একটি অংশ 10% লাভে এবং বাকি অংশ 5% ক্ষতিতে বিক্রয় করেন। এতে মোটের ওপর 7% লাভ হলে ক্ষতিতে বিক্রীত চালের পরিমাণ (kg তে):
(a) 20 (b) 15 (c) 10 (d) 8

41. $x+\frac{1}{x}=2\sqrt{2}$ হলে, $\left(x-\frac{1}{x}\right)$-এর একটি মান:
(a) 0 (b) 2 (c) 4 (d) 6

42. $\tan^2\theta+\cot^2\theta=\frac{10}{3}$ হলে, (tanθ – cotθ)-এর একটি মান:
(a) $\frac{2\sqrt{3}}{3}$ (b) $\frac{\sqrt{3}}{2}$ (c) $\frac{4\sqrt{3}}{3}$ (d) $\frac{\sqrt{3}}{4}$

43. দু'জন শ্রমিক 4 দিনে 6 একর জমি চাষ করতে পারেন। 8 দিনে 18 একর জমি চাষ করতে প্রয়োজনীয় শ্রমিক সংখ্যা:
(a) 3 (b) 4 (c) 5 (d) 6

44. একটি আয়তক্ষেত্রের প্রতিটি বাহুকে 10% বৃদ্ধি করলে কর্ণের শতকরা বৃদ্ধি:
(a) 9% (b) 10% (c) 11% (d) 12%

45. tanθ + cotθ = 2 হলে $(\tan^5\theta+\cot^5\theta)$-র মান:
(a) 32 (b) 8 (c) 4 (d) 2

46. একটি ঘনকের কর্ণের দৈর্ঘ্য $3\sqrt{3}$ m হলে এর সমগ্রতলের ক্ষেত্রফল ($m^2$ এককে):
(a) 96 (b) 54 (c) 48 (d) 72

47. একটি বৃত্তের একটি জ্যার দৈর্ঘ্য 48 cm এবং কেন্দ্র থেকে ওই জ্যা-র দূরত্ব 7 cm; ওই বৃত্তের অপর একটি জ্যা কেন্দ্র থেকে 20 cm দূরত্বে অবস্থিত হলে ওই জ্যা-র দৈর্ঘ্য (cm এককে):
(a) 10 (b) 15 (c) 25 (d) 30

48. Δ ABC-র দু'টি মধ্যমা BE ও CF; EF = 5 cm হলে BC-র দৈর্ঘ্য (cm এককে):
(a) 8 (b) 10 (c) 15 (d) 2.5

49. Δ ABC-র AB = AC এবং ∠ABC = 52°। CA-কে D পর্যন্ত এমনভাবে বর্ধিত করা হল যে ∠BDA = 40° হয়। ∠ABD-র মান:
(a) 72° (b) 48° (c) 36° (d) 24°

50. শ্রমিক ঘাটতির জন্য একটি কারখানার উৎপাদন 20% হ্রাস পেল। উৎপাদন ঠিক রাখতে শ্রমিকদের কাজের সময়ের শতকরা হার কত বৃদ্ধি করতে হবে?
(a) 20% (b) $22\frac{1}{2}$% (c) 25% (d) $27\frac{1}{2}$%

### পদার্থবিদ্যা ও রসায়ন

1. $MLT^{-2}$ নীচের কোন রাশির মাত্রা?
(a) ত্বরণ (b) কার্য (c) বল (d) বেগ

2. পৃথিবীতে একটি বস্তুর ভর 1kg হলে পৃথিবীর কোনও কৃত্রিম উপগ্রহে তার ওজন (kg -তে):
(a) 2 (b) 1.5 (c) 1 (d) 0

3. 0° C উষ্ণতার 20g বরফকে 15° C উষ্ণতার জলে পরিণত করতে cal-তে প্রয়োজনীয় তাপ [ বরফের গলনের লীন তাপ = 80 cal $g^{-1}$]
(a) 1900 (b) 1800 (c) 1600 (d) 1500

4. 1N ball 2.5 kg ভরবিশিষ্ট বস্তুর ওপর ক্রিয়া করে। $cm.s^{-2}$ এককে সৃষ্ট ত্বরণের মান:
(a) 25 (b) 40 (c) 50 (d) 60

5. নীচের বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক নয়?
(a) v বেগে চলনশীল m ভরের কোনও বস্তুর গতিশক্তি = $mv^2$ (b) h উচ্চতায় m ভরের কোনও বস্তুর স্থিতিশক্তি = mgh (c) একটি বস্তুর ভর ও বেগ উভয়ই দ্বিগুণ হলে বস্তুটির গতিশক্তি 8 গুণ হয় (d) 1J = $10^7$ erg

6. তুলাযন্ত্রের যান্ত্রিক সুবিধা:
(a) 1-এর কম (b) 1-এর সমান (c) 1-এর বেশি (d) কখনও 1-এর কম আবার কখনও 1-এর বেশি

7. পরস্পরের সঙ্গে 72° কোণে আনত দু'টি সমতল দর্পণের ক্ষেত্রে মোট প্রতিবিম্বের সংখ্যা:
(a) 5 (b) 6 (c) 4 (d) 3

8. আলোকরশ্মি সমতল দর্পণে 45° কোণে আপতিত হলে ওই রশ্মির চ্যুতি কোণ:
(a) 45° (b) 60° (c) 90° (d) 120°

9. কোনও কম্পনশীল বস্তুকণার তরঙ্গবেগ v, তরঙ্গ দৈর্ঘ্য λ এবং কম্পাঙ্ক n-এর মধ্যে সম্পর্ক:
(a) λ = nv (b) v = n/λ (c) v = nλ (d) v = $n^2$λ

10. নীচে প্রদত্ত বিবৃতিগুলির কোনটি সঠিক?
(a) গ্যাসীয় মাধ্যমে কঠিন বা তরল মাধ্যমের তুলনায় শব্দের বেগ বেশি (b) ম্যাকসংখ্যা < 1 হলে বস্তুর বেগকে 'সনিক' বলে (c) গ্যাসীয় মাধ্যমে শব্দের বেগ v, গ্যাসের চাপ p এবং গ্যাসের ঘনত্ব d-এর মধ্যে সম্পর্ক p = v × d (d) শব্দের কম্পাঙ্ক ও তীক্ষ্ণতার মধ্যে কম্পাঙ্ক একটি ভৌতরাশি

11. 100g ভরের একটি বুলেটকে 5000 $cm.s^{-1}$ বেগে কোনও একটি বন্দুক থেকে ছোড়া হলে বুলেটের গতিশক্তি Joule এককে:
(a) 12.5 (b) 125 (c) 1250 (d) 12500

12. সবচেয়ে ভারী অধাতু হল:
(a) কার্বন (b) বোরোন (c) আয়োডিন (d) গ্রাফাইট

13. সবচেয়ে হালকা ধাতু হল:
(a) সোডিয়াম (b) পটাশিয়াম (c) লিথিয়াম (d) পারদ

14. 20°C উষ্ণতায় 25g জলে 20g দ্রাব দ্রবীভূত থাকলে দ্রবণটি সম্পৃক্ত হয়। ওই তাপমাত্রায় পদার্থটির দ্রাব্যতা:
(a) 40 (b) 50 (c) 60 (d) 80

15. অতিরিক্ত লঘু HCl-এর সঙ্গে x g $CaCO_3$-র বিক্রিয়ায় 22 g $CO_2$ পাওয়া যায়। x-এর মান [Ca = 40, C = 32, O = 16]
(a) 50 (b) 40 (c) 30 (d) 25

16. NaOh + HCl = NaCl + $H_2O$ এটি একটি:
(a) বিয়োজন বিক্রিয়া (b) যুত বিক্রিয়া (c) প্রশমন বিক্রিয়া (d) প্রতিস্থাপন বিক্রিয়া

17. ধাতু ঝালাইয়ের কাজে 3000° C তাপমাত্রা সৃষ্টিতে অ্যাসিটিলিনের সঙ্গে ব্যবহৃত গ্যাস:
(a) $N_2$ (b) $O_2$ (c) $H_2$ (d) $NH_3$

18. গাঢ় HCl থেকে $Cl_2$ প্রস্তুতিতে $MnO_2$-র ভূমিকা:
(a) ধনাত্মক অনুঘটকরূপে (b) ঋণাত্মক অনুঘটকরূপে (c) জারকরূপে (d) বিজারকরূপে

19. NaCl হল একটি:
(a) আম্লিক লবণ (b) ক্ষারকীয় লবণ (c) যুগ্ম লবণ (d) শমিত (প্রশম) লবণ

20. মরিচা (Rust) হল:
(a) ফেরাস অক্সাইড (b) ফেরিক অক্সাইড (c) ফেরোসো ফেরিক অক্সাইড (d) কোনও অক্সাইড নয়

21. পরীক্ষাগারে $N_2$ প্রস্তুতির রাসায়নিক পদার্থগুলি:
(a) NaCl, $Mg_3N_2$ (b) $NaNO_2$, NaCl (c) $NaNO_2$, $NH_4Cl$ (d) $NaNO_2$, HCl

22. একটি বিজারক যৌগিক গ্যাসের উদাহরণ হল:
(a) $CO_2$ (b) $NO_2$ (c) NO (d) $NH_3$

23. আম্লিক ও বিজারণ ধর্ম বর্তমান এরূপ একটি গ্যাস:
(a) $NH_3$ (b) $H_2S$ (c) $CO_2$ (d) $H_2$

24. 112 g চুন প্রস্তুতিতে প্রয়োজনীয় চুনাপাথরের পরিমাণ [Ca = 40, C= 12, O = 16]
(a) 200 g (b) 160 g (c) 140 g (d) 120 g

25. কোনও বস্তুর ওজন 490 N হলে তার ভর kg এককে হবে: [g = 9.8 $m.s^{-2}$]
(a) .49 (b) 50 (c) 80 (d) 90

26. $^{13}_{6}$A নিউক্লিয়াসে নিউট্রনের সংখ্যা:
(a) 13 (b) 6 (c) 7 (d) 19

27. কোনও পরমাণুর N কক্ষে ইলেকট্রনের সর্বোচ্চ সংখ্যা:
(a) 18 (b) 24 (c) 28 (d) 32

28. ফারেনহাইট স্কেলে পরমশূন্য উষ্ণতার (–273° C) মান:
(a) –458.4 (b) –459.4 (c) –469.4 (d) – 479.4

29. 76 cm চাপে 1 L গ্যাস ভরা আছে। উষ্ণতা সমান রেখে চাপ 114 cm করলে গ্যাসের আয়তন (L এককে)
(a) $\frac{2}{3}$ (b) $\frac{3}{4}$ (c) $\frac{5}{6}$ (d) $\frac{7}{8}$

30. তুঁতের আণবিক সংকেত $CuSO_4.nH_2O$ হলে n-এর মান:
(a) 1 (b) 3 (c) 5 (d) 7

31. STP তে 0.44 g একটি গ্যাসের আয়তন 224 $cm^3$; গ্যাসটির আণবিক ভর:
(a) 44g (b) 44 (c) 22g (d) 22

32. 44 g $CO_2$-এ অণুর সংখ্যা = 6.022 × 10 হলে n-এর মান:
(a) 20 (b) 21 (c) 22 (d) 23

33. কোনও বস্তুর ভর m এবং উপাদানের আপেক্ষিক তাপ s হলে SI-তে জলসমের সাংখ্যমান:
(a) ms (b) 4200 ms (c) $\frac{4200}{ms}$ (d) $\frac{ms}{4200}$

34. সীসার আপেক্ষিক তাপ 0.03 cal/gm°C, 100 g ভরের একটি সীসার বলকে 20° C থেকে 70° C পর্যন্ত বৃদ্ধি করতে প্রয়োজনীয় তাপ Cal-তে:
(a) 75 (b) 150 (c) 125 (d) 200

35. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 10 cm, এটির দ্বারা বই পড়তে বইয়ের পাতা থেকে লেন্সটির দূরত্ব:
(a) 10 cm (b) 10 cm-এর কম (c) 10 cm-এর বেশি (d) বলা সম্ভব নয়

36. R রোধের কোনও পরিবাহীর মধ্য দিয়ে t সময়ের জন্য তড়িৎপ্রবাহমাত্রা I হলে তড়িৎকার্য W =
(a) IRt (b) $\frac{IR}{t}$ (c) $I^2Rt$ (d) $\frac{I^2R}{t}$

37. 5 ওয়াট ঘণ্টা কত জুলের সমান?
(a) 9000 (b) 12000 (c) 15000 (d) 18000

38. রোধাঙ্কের মান পরিবাহীর:
(a) দৈর্ঘ্য ও প্রস্থচ্ছেদের ওপর নির্ভর করে (b) কেবলমাত্র উপাদানের ওপর নির্ভর করে (c) কেবলমাত্র উষ্ণতার ওপর নির্ভর করে (d) উপাদান ও উষ্ণতার ওপর নির্ভর করে

39. একটি বস্তুকণা স্থির অবস্থা থেকে 10$m.s^{-2}$ নিয়ে চলতে শুরু করল। যখন তার বেগ 5 $m.s^{-1}$ হবে তখন সে কত দূরত্ব (m- এ) অতিক্রম করবে?
(a) 0.75 (b) 1 (c) 1.25 (d) 1.5

40. লেন্সে কোনও বস্তুর প্রতিবিম্ব গঠিত হলে যদি আলোককেন্দ্র থেকে বস্তু ও প্রতিবিম্বের দূরত্ব যথাক্রমে 20 cm এবং 25 cm হয় তবে রৈখিক বিবর্ধন =
(a) 0.8 cm (b 0.8 (c) 1.25 (d) 1.25 cm

41. ওরস্টেডের পরীক্ষায় তড়িৎপ্রবাহ চলাকালীন:
(a) তারটি চুম্বকে পরিণত হয় (b) তারটির চারপাশে চৌম্বক ক্ষেত্রের সৃষ্টি হয় কিন্তু তারটি চুম্বকে পরিণত হয় না (c) তারটির চারপাশে চৌম্বক ক্ষেত্রের সৃষ্টি হয় এবং তারটি নিজে চুম্বকে পরিণত হয় (d) ওপরের কোনওটিই নয়

42. এক্স-রশ্মির জন্য নীচের বিবৃতিগুলির কোনটি সঠিক নয়?
(a) শূন্য মাধ্যমে সরলরেখায় চলে (b) তড়িৎক্ষেত্র বা চৌম্বক ক্ষেত্রে বিক্ষিপ্ত হয় না (c) জীবন্ত কোষকে ধ্বংস করে (d) কোনওরূপ তড়িৎচুম্বকীয় ধর্ম নেই

43. IUPAC প্রবর্তিত দীর্ঘ পর্যায় সারণিতে ক্ষারীয় মৃত্তিকা ধাতুগুলিকে group ... এ বসানো হয়েছে:
(a) 2 (b) 11 (c) 17 (d) 18

44. হিলিয়ামে (He)-এ সর্বশেষ কক্ষে ইলেকট্রন সংখ্যা:
(a) 2 (b) 4 (c) 6 (d) 8

45. $H_2O$ কী প্রকৃতির অক্সাইড?
(a) আম্লিক (b) ক্ষারকীয় (c) প্রশম (d) উভধর্মী

46. তড়িৎযোজী যৌগগুলি:
(a) জল ও জৈব দ্রাবকে উভয়ে দ্রাব্য (b) জলে দ্রাব্য কিন্তু জৈব দ্রাবকে অদ্রাব্য (c) জলে অদ্রাব্য কিন্তু জৈব দ্রাবকে দ্রাব্য (d) জল ও জৈব দ্রাবক উভয়েই অদ্রাব্য

এরপর পনেরোর পাতায়

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পলিটেকনিকে ভর্তির পরীক্ষা
# জেকপো-২০১৮

*চোদ্দোর পাতার পর*

47. এরূপ একটি অক্সাইড যা জারক ও বিজারক দু'ভাবে কাজ করে:
(a) CO (b) $CO_2$ (c) $SO_2$ (d) কোনওটিই নয়

48. দু'টি সঠিক শব্দ বসিয়ে বাক্যটি সম্পূর্ণ করুন:
——— ইলেকট্রনযুক্ত হওয়ার কারণে ——— ঘটে।
(a) অ্যানোডে, বিজারণ (b) অ্যানোডে, জারণ (c) ক্যাথোডে, বিজারণ (d) ক্যাথোডে, জারণ

49. অয়েল অব ভিট্রিয়লের রাসায়নিক সংকেত:
(a) $CuSO_4, 5H_2O$ (b) $H_2SO_4$ (c) $HNO_3$ (d) $ZnSO_4, 7H_2O$

50. সকল জৈব অ্যাসিডের কার্যকর মূলক হল:
(a) — OH (b) — CHO (c) — COOH (d) — CO — CO

### উত্তর

**অঙ্কের:** 1(c), 2(a), 3(d), 4(d), 5(c), 6(c), 7(b), 8(b), 9(a), 10(c), 11(d), 12(a), 13(c), 14(a), 15(b), 16(d), 17(b), 18(d), 19(c), 20(c), 21(b), 22(a), 23(a), 24(b), 25(d), 26(b), 27(c), 28(a), 29(a), 30(b), 31(d), 32(d), 33(b), 34(c), 35(a), 36(c), 37(b), 38(d), 39(c), 40(c), 41(b), 42(a), 43(a), 44(b), 45(d), 46(b), 47(d), 48(b), 49(c), 50(c).

**পদার্থবিদ্যা ও রসায়ন:** 1(c), 2(d), 3(a), 4(b), 5(a), 6(b), 7(c), 8(c), 9(c), 10(d), 11(b), 12(c), 13(c), 14(d), 15(a), 16(c), 17(b), 18(c), 19(d), 20(b), 21(c), 22(d), 23(b), 24(a), 25(b), 26(c), 27(d), 28(b), 29(a), 30(c), 31(b), 32(d), 33(d), 34(b), 35(b), 36(c), 37(d), 38(d), 39(c), 40(c), 41(b), 42(d), 43(a), 44(a), 45(c), 46(b), 47(c), 48(c), 49(b), 50(c).

### অঙ্কের সমাধান

1(c): $64^x = 48^y = 36^z = k(\neq 0)$, $64 = k^{1/x}$, $48 = k^{1/y}$, $36 = k^{1/z}$
$64 \times 36 = 48^2 \Rightarrow k^{1/x}.k^{1/z} = (k^{1/y})^2$
$\Rightarrow k^{1/x+1/z} = k^{2/y} \Rightarrow \frac{1}{x} + \frac{1}{z} = \frac{2}{y}$.

2(a): $a = \frac{k}{b}$, $a + b = \frac{k}{b} + b = \frac{1}{b}(b^2 + k) = \frac{1}{b}\ [(b - \sqrt{k})^2 + 2b\sqrt{k}]$
(a + b)-র ক্ষুদ্রতম মানের জন্য $b - \sqrt{k} = 0 \Rightarrow b = \sqrt{k}, a = \sqrt{k} \Rightarrow a/b = 1$.

3(d): দু'টি রাশি $\propto, \frac{1}{\propto}$ হলে $\propto = \frac{1}{\propto} = k/5 \Rightarrow 1 = k/5 \Rightarrow k = 5$.

4(d): 13 যোগ করলে অনুপাতটি 18 : 36 = 1 : 2 হবে।

5(c): লম্ব = x হলে ভূমি = 2x
ক্ষেত্রফল $= \frac{1}{2}.x.2x = x^2 = 25 \Rightarrow x = 5$
অতিভুজ $= \sqrt{x^2 + 4x^2} = \sqrt{5x^2} = x\sqrt{5} = 5\sqrt{5}$ ft.

6(c): মোট কর্মচারীর সংখ্যা = x হলে $x \times 6400 = 10 \times 10000 + (x - 10) \times 6000 \Rightarrow 64x = 1000 + 60x - 600 \Rightarrow 4x = 400 \Rightarrow x = 100$.

7(b): পুত্র = x, পিতা = 55 – x, 16 বছর পরে (55 – x + 16) = 2(x + 16)
$\Rightarrow 71 - x = 2x + 32 \Rightarrow 3x = 39 \Rightarrow x = 13$.

8(b): $324 \times \frac{\pi}{180} = \frac{9 \times 36}{5 \times 36}\pi = \frac{9\pi}{5}$.

9(a): $\theta = 45^\circ = \frac{45}{180}\pi = \frac{\pi}{4} = \frac{22}{7 \times 4}$
$s = r\theta \Rightarrow 187 = r \times \frac{22}{28} \Rightarrow r = \frac{187 \times 28}{22} = \frac{17 \times 28}{2} = 17 \times 14$
= 238 সেমি।

10(c): $\sin(\alpha - \beta) = \sin 30^\circ \Rightarrow \alpha - \beta = 30^\circ$ ... (i)
$\cos(\alpha + \beta) = \cos 60^\circ \Rightarrow \alpha + \beta = 60^\circ$... (ii)
(i) + (ii), $2\alpha = 90^\circ \Rightarrow \alpha = 45^\circ$.

11(d): $\frac{a^3 + b^3 + c^3}{abc} = \frac{3abc}{abc} = 3$
[a + b + c = 0 হলে, $a^3 + b^3 + c^3 = 3abc$]

12(a): x টাকা 3x হবে। সুদ = 3x – x = 2x
বছর সংখ্যা $= \frac{\text{সুদ} \times 100}{\text{আসল} \times \text{সুদের হার}} = \frac{2x \times 100}{x \times 10} = 20$.

13(c): 3570 = 21 × 17 × 10, 3910 = 23 × 17 × 10
গ.সা.গু. = 17 × 10 প্রতিটি বর্গাকৃতি টালির ধারের দৈর্ঘ্য = 17 × 10 সেমি
টালির সংখ্যা $= \frac{(21 \times 17 \times 10) \times (23 \times 17 \times 10)}{(17 \times 10)^2} = 21 \times 23 = 483$.

14(a): B-র মূলধন x মাসের জন্য বিনিয়োগ করলেন
$\frac{\text{A-র মূলধন} \times \text{A-র সময়}}{\text{B-র মূলধন} \times \text{B-র সময়}} = \frac{\text{A-র লভ্যাংশ}}{\text{B-র লভ্যাংশ}}$
$\frac{7}{9} \times \frac{8}{x} = \frac{8}{9} \Rightarrow x = 7$.

15(b): গড় বেগ $= \frac{80}{7}$ k/h
পদব্রজে সাইকেলে
8 16
$\frac{80}{7}$
$16 - \frac{80}{7} = \frac{32}{7}$ $\frac{80}{7} - 8 = \frac{24}{7}$

সময়ের অনুপাত $= \frac{32}{7} : \frac{24}{7} = 32 : 24 = 4 : 3$
পদব্রজে সময় $= \frac{7}{4 + 3} \times 4 = 4$ ঘণ্টা
দূরত্ব = 8 × 4 = 32 km.

16(d): নির্ণেয় দিনের সংখ্যা $= \frac{6 \times 9}{9 - 6} = 18$.

17(b): B-র একা কাজটি করার জন্য দিনের সংখ্যা $= \frac{10 \times 6}{10 - 6} = 15$
A-এর প্রাপ্য : B-এর প্রাপ্য $= \frac{1}{10} : \frac{1}{15} = 15 : 10 = 3 : 2$
A-এর প্রাপ্য $= \frac{3}{3 + 2} \times 500 = 300$ টাকা।

18(d): প্রতি ঘণ্টায় ছিদ্রের মাধ্যমে খালি হবে $\frac{1}{15} - \frac{1}{20} = \frac{1}{60}$ অংশ
60 ঘণ্টায় খালি হবে।

19(c): দূরত্ব $= \frac{2 \times \text{সময়} \times \text{গতিবেগের গুণফল}}{\text{গতিবেগের যোগফল}} = \frac{2 \times 10 \times 42 \times 48}{42 + 48} = 448$ কিমি।

20(c): 36 k/h $= 36 \times \frac{5}{18} = 10$ m/s
মোট অতিক্রান্ত দূরত্ব = (সেতু + ট্রেন)-এর দৈর্ঘ্য = 110 + 130 = 240 m
সময় $= \frac{240}{10} = 24$ s.

21(b): অনুকূলে বেগ $\frac{30}{3} = k = 10$ k/h
প্রতিকূলে বেগ $= v = \frac{18}{3} = 6$ k/h
স্রোতের বেগ $= \frac{1}{2}(u - v) = \frac{1}{2}(10 - 6) = 2$ k/h

22(a): দৈর্ঘ্য =√ ক্ষেত্রফল × অনুপাত $= \sqrt{600 \times \frac{3}{2}} = \sqrt{900} = 30$m.

23(a): প্রতিটি বহিঃকোণ $= \frac{360}{10} = 36^\circ$
প্রতিটি অন্তঃকোণ $= 180^\circ - 36^\circ = 144^\circ$.

24(b): রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে লম্বভাবে ছেদ করে।

25(d): $BD = \sqrt{10^2 - 8^2} = \sqrt{100 - 64} = \sqrt{36} = 6$ cm
BC = 2BD = 12 cm [সমদ্বিবাহু ত্রিভুজ]




26(b): ক্ষেত্রফল $= \frac{(\text{পরিধি})^2}{4\pi} = \frac{44 \times 44}{4 \times (22/7)} = \frac{44 \times 44 \times 7}{4 \times 22}$
$= 11 \times 2 \times 7 = 154\ m^2$.

27(c): ত্রিভুজের কৌণিক বিন্দুগুলি থেকে বিপরীতবাহুর ওপর অঙ্কিত লম্বগুলির ছেদবিন্দু হল লম্ববিন্দু ∠ADO = ∠AEO = 90°
∠DAE = 60°
□ADOE-এর ∠DOE = 360° – (90° + 90° + 60°) = 120°, ∠BOC = বিপ্রতীপ ∠DOE = 120°.




28(a): ∠BOC = 2∠BAC = 90°
∠BPC = 360° – (∠PBO + ∠PCO + ∠BOC)
= 360° – (90° + 90° + 90°) = 90°.




29(a): $\frac{x}{y} = \frac{1}{2} \Rightarrow y = 2x$
$\frac{x + 2}{y + 1} = \frac{2}{3} \Rightarrow \frac{x + 2}{2x + 1} = \frac{2}{3} \Rightarrow 4x + 2 = 3x + 6 \Rightarrow x = 4$.

30(b): 10টি সংখ্যার সমষ্টি = – 100 ঋণাত্মক
যেহেতু 6টির সমষ্টি এবং গড় 100 হলে, বাকি 4টির সমষ্টি ও গড় ঋণাত্মক হবে।

31(d): $(2^3)^{2x-4} = (2^4)^x \Rightarrow 2^{6x-12} = 2^{4x}$
$\Rightarrow 6x - 12 = 4x \Rightarrow 2x = 12 \Rightarrow x = 6$.

32(d): $b + c = -a \Rightarrow b^2 + c^2 + 2bc = a^2 \Rightarrow b^2 + c^2 - a^2 = -2bc$
প্রদত্ত রাশিমালা $= -\frac{1}{2}\left[\frac{1}{bc} + \frac{1}{ca} + \frac{1}{abc}\right] = -\frac{1}{2}\ \frac{a + b + c}{abc} = 0$.

33(b): $\frac{n - 2}{n}\pi^c = \frac{6 - 2}{6}\pi^c = \frac{2\pi}{3}^c$.

34(c): $\tan 60^\circ = \frac{x}{5\sqrt{3}}$
$\Rightarrow \sqrt{3} = \frac{x}{5\sqrt{3}} \Rightarrow x = 15$m.




35(a): বড় (মিনিট) কাঁটা 60 মিনিটে 2π কোণ যায়
20 m → 2π/3, $s = r\theta = 42 \times \frac{2\pi}{3} = 28\pi = 28 \times \frac{22}{7} = 88$ cm.

36(c): θ কোণের পূরক কোণ = 90° – θ
$\cos(90^\circ - \theta) = \frac{1}{2} = \cos 60^\circ \Rightarrow 90^\circ - \theta = 60^\circ$
$\Rightarrow \theta = 30^\circ, \cot\theta = \cot 30^\circ = \sqrt{3}$.

37(b): $\tan 25^\circ \tan 35^\circ \times 1 \times \tan(90^\circ - 35^\circ)$
$\tan(90^\circ - 25^\circ) = \tan 25^\circ \tan 35^\circ \cot 35^\circ, \cot 25^\circ = 1$.

38(d): ক্ষেত্রফলের শতকরা বৃদ্ধি $= \left(20 + 5 + \frac{20 \times 5}{100}\right) = 26\%$.

39(c): 800 g-এর বিক্রয়মূল্য = 100 টাকা
লাভ = SP – CP = 100 – 80 = 20 টাকা
লাভের শতকরা হার $= \frac{20}{80} \times 100 = 25\%$.

40(c): 10 –5
7
7 + 5 = 12 10 – 7 = 3
চালের ওজনের অনুপাত = 12 : 3 = 4 : 1
দ্বিতীয় প্রকার চালের পরিমাণ $= \frac{1}{4 + 1} \times 50 = 10$ kg.

41(b): $\left(x - \frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 4x.\frac{1}{x} = (2\sqrt{2})^2 - 4 = 8 - 4 = 4$
$\Rightarrow x - \frac{1}{x} = 2$.

42(a): $(\tan\theta - \cot\theta)^2 = \tan^2\theta + \cot^2\theta - 2\tan\theta.\cot\theta = \frac{10}{3} - 2 = \frac{4}{3}$
$\Rightarrow \tan\theta - \cot\theta = \frac{2}{\sqrt{3}} = \frac{2\sqrt{3}}{3}$.

43(a): $M_1D_1W_2 = M_2D_2W_1 \Rightarrow 2 \times 4 \times 18 = M_2 \times 8 \times 6 \Rightarrow M_2 = 3$.

45(d): $\tan\theta + \frac{1}{\tan\theta} = 2 \Rightarrow \tan^2\theta + 1$
$= 2\tan\theta \Rightarrow (\tan\theta - 1)^2 = 0 \Rightarrow \tan\theta = 1$
$\Rightarrow \cot\theta = 1, \tan^2\theta + \cot^2\theta = 1 + 1 = 2$.

46(b): বাহুর দৈর্ঘ্য = a হলে, কর্ণ $= a\sqrt{3} = 3\sqrt{3} \Rightarrow a = 3$
সমগ্রতলের ক্ষেত্রফল $= 6a^2 = 6 \times 9 = 54m^2$.

47(d): $r^2 = 24^2 + 7^2 = 576 + 49 = 625$
$r^2 = OP^2 + AP^2 \Rightarrow 625 = 20^2 + AP^2 \Rightarrow AP^2 = 225$
$\Rightarrow$ AP = 15, AB = 2AP = 30 cm.




48(b): E ও F যথাক্রমে AC ও AB-র মধ্যবিন্দু
BC = 2EF = 10 cm




49(c): AB = AC ⇒∠ACB = ∠ABC
= 52° ∠BAC = 180° – 2 × 52°
= 76°
∠ABD +∠BDA = ∠BAC ⇒∠ABD + 40° = 76°
⇒ ∠ABD = 36°.




50(c): $\left(\frac{r}{100 - r} \times 100\right)\% = \left(\frac{20}{100 - 20} \times 100\right)\% = 25\%$

### পদার্থবিদ্যা ও রসায়নের সমাধান:

1(c): বল = ভর × $\frac{\text{বেগের পরিবর্তন}}{\text{সময়}} = M \times \frac{LT^{-1}}{T}$

2(d): কৃত্রিম উপগ্রহে সব বস্তুর ওজন শূন্য।

3(a): তাপ = 20 × 80 + 20 × (15 – 0) = 1600 + 300 = 1900 cal.

4(b): 1N = $10^5$ dyne, 2.5 kg = 2.5 × 1000 = 25 × 100 g
ত্বরণ $= \frac{\text{বল}}{\text{ভর}} = \frac{10^5}{25 \times 10^2} = \frac{10^3}{25} = \frac{1000}{25} = 40$ cm.s–2.

5(a): গতিশক্তি $= \frac{1}{2}\ mv^2$.

7(c): সংখ্যা $= \frac{360}{72} - 1 = 5 - 1 = 4$.

8(c): চ্যুতিকোণ δ = 180° – 2i = 180° – 2 × 45° = 90°.

10(d): কম্পাঙ্ক পরিমাপ করা যায় কিন্তু তীক্ষ্ণতা নয়।

11(b): গতিশক্তি $= \frac{1}{2}mv^2 = \frac{1}{2} \times 100 \times (5000)^2 = 50 \times 25 \times 10^6$
$= 125 \times 10^7$ erg = 125 J.

14(d): দ্রাব্যতা $= \frac{100b}{a} = \frac{100 \times 20}{25} = 80$ [b = দ্রাব, a = দ্রাবক (জল)]

15(a): $CaCO_3 + 2HCl = CaCl_2 + CO_2\uparrow + H_2O$
40 + 12 + 48 = 100; 12 + 32 = 44
44 g $CO_2$ → 100g $CaCO_3$ থেকে, 22g → 50 g

21(c): $NaNO_2 + NH_4Cl = NaCl + N_2\uparrow + H_2O$.

24(a): $CaCO_3$ = CaO (চুন) + $CO_2$
40 + 12 + 48 = 100; 40 + 16 = 56
56g CaO → 100g $CaCO_3$, 112 g → 200 g.

25(b): ভর = ওজন/g = 490/9.8 = 4900/98 = 50 kg.

26(c): নিউট্রন সংখ্যা = 13 – 6 = 7.

28(b): $\frac{C}{5} = \frac{F - 32}{9} \Rightarrow \frac{-273}{5} \times 9 + 32 = F$
F = – 459.4.

29(a): $PV = P_1V_1 \Rightarrow 76 \times 1 = 114 \times V_1$
$\Rightarrow V_1 = \frac{76}{114} = \frac{4}{6} = 2/3$L

31(b): 224 c.c. →0.44 g
22.4L (= 22400 c.c.) → 0.44 × 100 = 44 g
গ্রাম আণবিক ভর = 44g, আণবিক ভর = 44.

32(d): $CO_2$-র আণবিক গুরুত্ব = 12 + 2 × 16 = 44
44 g $CO_2$-কে অণুর সংখ্যা = অ্যাভোগাড্রো সংখ্যা = $6.022 \times 10^{23} \Rightarrow$ n = 23.

34(b): H = mst = 100 × 0.03(70 – 20) = 3 × 50 = 150 Cal.

37(d): 5 ওয়াট ঘণ্টা = 5 ওয়াট × 1 ঘণ্টা = 5W × 3600s = 18,000 J

39(c): $V^2 = u^2 + 2as \Rightarrow 25 = 0 + 2 \times 10 \times s$
$\Rightarrow s = \frac{25}{20} = 1.25$ m.

40(c): $m = \frac{v}{u} = \frac{25}{20} = 1.25$ -এর একক নেই।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠানে একগুচ্ছ কারিগরি প্রশিক্ষণ

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা। ফি ৪৪,৫০০ টাকা।

কোনও কোর্সের ক্ষেত্রেই তফসিলিদের ফি লাগবে না। তাঁদের শুধু রেজিস্ট্রেশন ফি বাবদ ১,২০০ টাকা জমা দিতে হবে।

কলেজ থেকে অন্তত ৫ জন ছাত্রছাত্রীর একটি দলকে ভর্তির জন্য সুপারিশ করে পাঠালে সাধারণ ক্যাটেগরির প্রার্থী কোর্স ফি-এ ১৫ শতাংশে ছাড় পাবেন।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। ১৯ মার্চ থেকে ক্লাস শুরু হবে। হস্টেলের ব্যবস্থা আছে।

অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.msmetoolroomkolkata.com

'Central Tool Room & Training Centre'-এর অনুকূলে এবং কলকাতায় প্রদেয় ১,২০০ টাকার ডিমান্ড ড্রাফটের মাধ্যমেও রেজিস্ট্রেশন ফি জমা দেওয়া যাবে। তফসিলিদের স্বপ্রত্যয়িত কাস্ট সার্টিফিকেট দাখিল করতে হবে। সব প্রার্থীর ক্ষেত্রেই আধার কার্ড থাকা বাধ্যতামূলক।

প্রতিষ্ঠানের ঠিকানা: এম এস এম ই (কলকাতা), বনহুগলি ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, কলকাতা-৭০০ ১০৮। ফোন: ২৫৭৮-৮৭৬৯, ৯০৩৮৫-৭৮০৬৫।

# পশ্চিম বর্ধমানে স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আই ডি বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-ভরা খামের ওপর ইংরেজির বড় হরফে পোস্ট ক্যাটেগরি লিখে দেবেন। দরখাস্ত রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে ২৩ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Chief Medical Officer of Health, Kalyanpur, Beside CWC Office, Asansol-713 305.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**পশ্চিমবঙ্গ সরকারের সাহায্যপ্রাপ্ত উচ্চপ্রাথমিক স্কুলগুলিতে কর্মশিক্ষা ও শারীরশিক্ষা** বিষয়ে অ্যাসিস্ট্যান্ট টিচার নিয়োগের জন্য স্কুল সার্ভিসের প্রথম স্টেট লেভেল সিলেকশন টেস্টের লিখিত পরীক্ষায় সফলদের নথিপত্র যাচাই ও ইন্টারভিউ আয়োজিত হবে ১৯ থেকে ২৮ মার্চ। ১৪ সংখ্যার রোল নম্বর এবং জন্মতারিখ ব্যবহার করে ইন্টিমেশন লেটার ডাউনলোড করবেন কমিশনের এই ওয়েবসাইট থেকে: www.westbengalssc.com

## ফল বেরোল

**২০১৬-র প্রথম স্টেট লেভেল সিলেকশন টেস্টের মাধ্যমে সরকারি সাহায্যপ্রাপ্ত** স্কুলগুলির নবম-দশম শ্রেণিতে অ্যাসিস্ট্যান্ট টিচার নিয়োগের জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করেছেন স্কুল সার্ভিস কমিশন। প্রকাশ করা হয়েছে একটি ওয়েটিং লিস্টও। ১৪ সংখ্যার রোল নম্বর ও জন্মতারিখ টাইপ করে প্রার্থী তাঁর ফল দেখতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.westbengalssc.com

# দক্ষিণ দিনাজপুরে চাকরি

*প্রথম পাতার পর*

জাতি ২, ও বি সি-এ-ই সি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিপ্লোমা। সোশ্যাল ওয়ার্ক বা রুর‍্যাল ডেভেলপমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে এবং সমাজসেবা ও গ্রামোন্নয়ন-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

**নির্মাণ সহায়ক**: পোস্ট কোড এন এস: ৪টি (সাধারণ-ই সি ১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, তফসিলি জাতি ১, ও বি সি-বি-ই সি ১)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। বেতনক্রম: ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

সব ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংরেজি, বাংলা, এরিথমেটিক, জেনারেল নলেজ বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে ১৫ মার্চের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ddinajpur.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং সই স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ব্যুরোয় ১০৯

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা ১৫ এপ্রিল।

**বেতন**: সপ্তম বেতন কমিশনের পে লেভেল-১০ অনুসারে নির্ধারিত হবে। সব মিলিয়ে শুরুতে বেতন হবে ৭৯,৯২৯ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে ১৬ মার্চ থেকে ২ এপ্রিলের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bis.org.in

ফি ৭৫০ টাকা। জমা দিতে হবে অনলাইনে, ২ এপ্রিলের মধ্যে। মহিলা প্রার্থী, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কর্মচারী রাজ্য বিমা নিগমে ১৮৬

*প্রথম পাতার পর*

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ২৬)। **রাজাজিনগর (বেঙ্গালুরু)**: শূন্যপদ: ২৯টি (প্রফেসর ৬, অ্যাসোসিয়েট প্রফেসর ৭, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ১৬)।

মনে রাখবেন, ২০১৭-র ১১ এপ্রিল, ২১ জুন, ৪ সেপ্টেম্বর ও ১৫ ডিসেম্বরে ই এস আই সি-র তরফে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে যাঁরা উপরোক্ত কলেজগুলিতে প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে দরখাস্ত করেছিলেন, তাঁরা আর আবেদন করবেন না। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://central.esicmchsnr.co.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২ এপ্রিল। শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন এই ওয়েবসাইট: www.esic.nic.in/recruitment

# সি আই ডি-তে সায়েন্স গ্র্যাজুয়েট

*প্রথম পাতার পর*

গ্র্যাজুয়েট। কম্পিউটারের অন্তত প্রাথমিক জ্ঞান থাকতে হবে। বাংলা পড়তে, লিখতে ও বলতে জানতে হবে। তবে নেপালিভাষী প্রার্থীদের ক্ষেত্রে এই শর্তটি প্রযোজ্য নয়।

**দৃষ্টিশক্তি**: দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৬, কাছের ক্ষেত্রে উভয় চোখে ০/৫।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই হবে ২০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা ও ১০০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে।

লিখিত পরীক্ষায় জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাপ্টিটিউড, ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। সময় আড়াই ঘণ্টা।

**বেতনক্রম**: ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। ৩ বছরের প্রবেশন। প্রবেশন সম্পূর্ণ হওয়ার পরে অল ইন্ডিয়া বোর্ড এক্সামিনেশন অব ফিঙ্গার প্রিন্ট এক্সপার্টের পরীক্ষা দিয়ে সফল হতে পারলে ফিঙ্গার প্রিন্ট এক্সপার্টের স্বীকৃতি পাওয়া যাবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: ৬/২০১৮।

অনলাইন দরখাস্ত করতে হবে ৩ এপ্রিলের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

ফি ১৬০ টাকা। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দিলে কনভেনিয়েন্স ফি বাবদ ন্যূনতম ৫ টাকা এবং কনভেনিয়েন্স ফি-এর ওপর ১৮ শতাংশ জি এস টি ধার্য হবে। ব্যাঙ্ক কাউন্টারের মাধ্যমে ফি জমা দিলে ২০ টাকা অতিরিক্ত লাগবে সার্ভিস চার্জ বাবদ। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ৩ এপ্রিল পর্যন্তই। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্কের কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে ৪ এপ্রিল পর্যন্ত। তবে ওয়েবসাইট থেকে চালান ডাউনলোড করতে হবে ৩ এপ্রিলের মধ্যে।

তথ্যের জন্য দেখতে পারেন এই দুই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

# পশ্চিমবঙ্গ পুলিশে শীঘ্রই নেওয়া হবে ৬১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর

*প্রথম পাতার পর*

ও ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৬০ সেমি। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। সবক্ষেত্রেই তফসিলি উপজাতি ও রাজবংশীরা দৈহিক মাপজোকে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হয় দৈহিক মাপজোক ও দৈহিক সক্ষমতা যাচাই, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষায় থাকে: ছেলেদের ক্ষেত্রে সাড়ে ৬ মিনিটে ১,৬০০ মিটার দৌড়। মহিলাদের ক্ষেত্রে থাকে ২ মিনিটে ৪০০ মিটার দৌড়।

লিখিত পরীক্ষায় থাকে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, পাটিগণিতের অঙ্ক, ইংরেজি ও অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউডের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন।

## সাব-ইনস্পেক্টর পদের যোগ্যতা

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। **বয়স**: নির্ধারিত দিনে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা বয়সে যথাক্রমে ৫ ও ৩ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক**: ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৭ সেমি। বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৭৯ ও ৮৪ সেমি। ওজন ৫১.৫ কেজি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৬০ সেমি, ওজন ৫০ কেজি।

দার্জিলিংয়ের পার্বত্য অঞ্চলে বসবাসকারী তরুণ-তরুণীরা দৈহিক মাপজোকে ছাড় পেয়ে থাকেন। প্রার্থী বাছাই হয় দুই পর্বের লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ও মেডিকেল টেস্টের মাধ্যমে।

প্রথম পর্যায় তথা প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয় জেনারেল স্টাডিজ ও অঙ্ক বিষয়ে। অঙ্ক বিভাগে পাটিগণিতের প্রশ্ন হয়।

ফাইনাল পরীক্ষায় থাকে তিনটি পত্র। প্রথম পত্রে জেনারেল স্টাডিজ ও পাটিগণিতের অঙ্ক, দ্বিতীয় পত্রে ইংরেজি ও তৃতীয় পত্রে বাংলা/হিন্দি/উর্দু ও নেপালি ভাষার পরীক্ষা।

প্রিলিমিনারি পরীক্ষা একটি স্ক্রিনিং টেস্ট। এই পরীক্ষায় সফল হলে ফাইনাল পরীক্ষায় বসার ডাক পাওয়া যায়। চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয় ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে পাওয়া নম্বরের ভিত্তিতে।

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, তিস্তা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২০২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in